# তাঁর বাক্য প্রমাণ করা

আসুন আমরা কিছুক্ষণের জন্য মাথা নত করি। প্রিয় স্বর্গীয় পিতা, আমরা কৃতজ্ঞ যে আমরা আজ রাতে এখানে রয়েছি। আমরা, আমরা কৃতজ্ঞ যে আমরা জানি আপনার উপস্থিতি আমাদের সাথে এখানে রয়েছে। এখন আমরা প্রার্থনা করি যে আপনি আমাদের প্রত্যেকের সেবা করবেন, যেমন আমাদের প্রয়োজন রয়েছে। আমরা যীশুর নামে এটা চাই। আমেন। (আপনারা বসতে পারেন।)

এই মাইক্রোফোনগুলিকে কাজ করতে দেখে ভালো লাগছে। আমি গতকালের এই ধরনের বিশৃঙ্খলার জন্য খুব দুঃখিত ছিলাম, যে বার্তাটি আমি চেয়েছিলাম আপনারা যেন পান।

2 আর আমি চেয়েছিলাম যেন আপনারা এটি দেখতে পান। এটা সেই—সেই নোঙ্গর যা আমাদের কাছে আছে। আমরা একটি গির্জা দ্বারা নোঙ্গরীত নই। আমরা খ্রীষ্টে নোঙর করেছি, আপনারা দেখুন। তিনিই সেই একমাত্র পথ। তিনিই একমাত্র নিরাপত্তার স্থান, একমাত্র স্থান যেখানে ঈশ্বর তাঁর নাম রেখেছেন। আর ঈশ্বর বলেছিলেন যে তিনি তাঁর নাম রাখার জন্য যে স্থান বেছে নিয়েছেন সেখানে তিনি লোকদের সাথে দেখা করবেন; কোন দ্বারে নয়, কিন্তু তিনি যে দ্বার মনোনীত করিয়াছিলেন সেই দ্বারে। আর সেই স্থানে তিনি লোকদের সাথে দেখা করবেন, আর সেখানেই শুধু। আর আমরা দেখতে পাই যে ঈশ্বর তাঁর পুত্র, যীশু খ্রীষ্ট ছাড়া কোথাও তাঁর নাম রাখেননি, যেমন পুত্র সর্বদা পিতার নাম নেয়।

আর এখন আপনি বলেন, "ঠিক আছে, আজ এটা কি প্রযোজ্য ? প্রত্যেকে বলে, 'আমি যীশুতে আছি।'"

3 তিনি বাক্য। যে, "আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। বাক্য দেহধারন করিয়া আমাদের মধ্যে বাস করিলেন।" আবার, এটা প্রকাশিত বাক্য ১৯ তম অধ্যায়েও লেখা আছে, যখন আমরা তাকে আসতে দেখি, বর ও কনে, তাঁর পোশাক রক্তে ডুবানো, "তাঁর নাম বলা হয়েছিল 'ঈশ্বরের বাক্য।'" তিনি ঈশ্বরের বাক্য।

4 আর, সেটা হল, তিনি হলেন জীবনদায়ক শক্তি। তিনি হলেন পবিত্র আত্মা যিনি, সেই—গতিশক্তি যা যান্ত্রিকতায় আসে, বাক্য, যা এটিকে জীবন্ত করে তোলে। আর এই সকলকে একসাথে কাজ

করতে হবে, নতুবা এটা কাজ করবে না। এটিকে সম্পূর্ণ বাইবেল, সম্পূর্ণ খ্রীষ্ট, সম্পূর্ণ সুসমাচার গ্রহণ করতে হবে।

5 আমি বলতে চাই, এই প্যানেলের কাছে যা আমি গত রাতে টেলিভিশনে দেখেছি, এটা হতে যাচ্ছে জেনে, আর আমি এটা দেখেছিলাম। আমি এই ভাইদের মন্তব্য করতে চাই, যারা সেই প্যানেলে ছিলেন, প্রশ্নের উত্তর দেওয়ার এমন একটি নিপুণ অংশ! আর আমি একজন সমালোচক, আপনারা জানেন, যেভাবেই হোক, কিন্তু সেখানে সমালোচনা করার মতো কিছুই ছিল না। এটি ছিল সম্পূর্ণ বিশুদ্ধ, আর আমি এর সাথে একশত শতাংশ একমত হতে পারি। [মণ্ডলীর প্রশংসা করে—সম্পাদকীয়।] আপনাদের ধন্যবাদ। আমেন। সেই উত্তরগুলি সঠিক ছিল। আমি অবশ্যই সেটির প্রশংসা করেছি। যদি আমার বাড়িতে আমার মণ্ডলীতে দেখানোর জন্য একটি ফিল্ম থাকত। এটা সত্যিই চমৎকার ছিল।

6 আর আমি এটা জেনে খুবই কৃতজ্ঞ যে—যে ঈশ্বর অন্যান্য ক্ষেত্রে কাজ করেছেন, আমাদের নিজস্ব পেন্টিকোস্টাল দল ছাড়াও, পুরুষদের বেছে নিচ্ছেন, যারা ঈশ্বরের বীজ, যারা এত বছর ধরে সেখানে পড়ে আছেন, তাদের উপর আলো উদিত হওয়ার জন্য অপেক্ষা করছেন।

7 আর এটা আমাদের একটি সতর্কবাণীও প্রদান করে, বন্ধুরা, এটা জানার জন্য যে যীশু বলেছেন, "যখন এই ঘুমন্ত কুমারী তেল কিনতে আসতে শুরু করেছিল, তখন বর এসেছিলেন।" সুতরাং আমরা এর দ্বারা দেখতে পাই, যখন আমরা এপিস্কোপ্যালিয়ান, প্রেসবিটেরিয়ান, মেথডিস্ট, ব্যাপটিস্ট, লুথারেনকে দেখি, তেল নিতে আসছেন, তখন সেই সময় বর এসেছিলেন। আসুন এটা মনে রাখা যাক।

8 বিলি কখনই করেনি, আমার ছেলে, আমাকে এমন কথা বলার জন্য যেমন সে কয়েক মুহূর্ত আগে করেছিল। সে বলল, "বাবা, আমি বলছি না আপনাকে কি করতে হবে। আমি আপনাকে কোন কিছু দ্বারা প্রভাবিত করতে চাইনি, কিন্তু," বলল, "বাবা, আপনি যাই করুন না কেন, আপনার সমস্ত সময় সেই অসুস্থদের জন্য ব্যয় করুন।" সে বলল, "আমি এত অসুস্থ লোক কখনও দেখিনি!" বলল, "আমি এক অথবা দুই মুহূর্তের মধ্যে দুইশো কার্ড বিতরণ করেছি।" বলল, "সেখানে অনেক লোক অসুস্থ রয়েছে!" সে খুব কমই আমাকে এটা বলে।

9 আর তারপরে আমি আজ রাতে এখানে কিছু ছোট মন্তব্য নিয়ে

এসেছি, এবং আসন্ন বিচারের উপর কিছু মন্তব্য নিয়ে, আর এটা জেনে যে আমরা আজ রাতে এখানে বসে আছি ঈশ্বরের ক্রোধ আমাদের নীচে ঝাঁকুনি দিচ্ছে, আর শীঘ্রই সে এটিকে ছড়িয়ে দিবে। এবং জানি যে ঈশ্বরের ক্রোধ অপেক্ষা করছে; ঠিক এই মুহূর্তে বলা হবে, এটা শেষ হয়ে যাবে, লক্ষ লক্ষের জন্য। আর এটা আমার হৃদয়ে জেনে, আর এটা তাই তা জেনে! আর তখন আমরা অনেক অসুস্থ লোকদের দেখি, নিপীড়িত এবং এগিয়ে যাচ্ছে।

10 আর আমি ভাবলাম, "আজ রাতে, তাদের অধিকাংশই খ্রিস্টান।" আর আমাকে এটা বলতে দিন, আপনারা ঈশ্বরের সন্তানরা। আপনারা যাই করুন না কেন, আপনি অন্য সবকিছু ছেড়ে দেন। আপনি দিনরাত ঈশ্বরের সেবা করুন, আপনার সমস্ত হৃদয় দিয়ে। আপনি, আপনি অনুভব করতে পারেন যে সেখানে কিছু ভুল আছে। আপনি রাস্তায় হাঁটার সময় এটা বলতে পারেন, আপনি শুধু...আর আপনি যেখানেই যান। আপনারা জানেন, যদি আপনি আধ্যাত্মিক হন; আর আমি জানি আপনি।

11 আর আমি একজন ব্যক্তির সঙ্গে কথা বলছিলাম, ভাই স্ট্রোমি। আমি জানি না টনি এখানে আছে কি না। তিনি, তিনি ছিলেন... [একজন ভাই বলেন, "টনি সালামেহ?"—সম্পাদকীয়।] টনি সালামেহ, সালামেহ, সালামেহ? না। আমি ভুল টনিকে নিয়েছি। [একজন ভাই কিছু বলেন।] না, তিনি ভুল টনি। তিনি টুকসনের—এর—এর টনি। তার নাম কি? [অন্য কেউ বলেন, "স্ট্রোমি।"] স্ট্রোমি! আমি জানি এটা সালামেহ, স্ট্রোমি, অথবা কেউ। আমি সব...

12 তার দোকানে, অন্য দিন, একজন লোক এসেছিলেন, খুব আকর্ষণীয় ছিল, তিনি এমন কিছু বলছিলেন যা আমার একটি স্মৃতি ফিরিয়ে এনেছিল, যখন আমি...শেষবার আমি ভারতে—ছিলাম।

13 যেখানে, আমি মনে করি প্রভু আমাদের এক সময়ে সবচেয়ে বড় ভিড় দিয়েছিলেন, বোম্বেতে। আমরা এমনকি তাদের রাখার জন্য কোথাও স্থান খুঁজে পাইনি, হাজার হাজার এবং হাজার হাজার লোক।

14 আর আমরা সেখানে পৌঁছানোর ঠিক আগে, সেখানে একটি সংবাদপত্র অনুবাদ করেছিল। ঠিক আছে, এটা, ভারত একটি দ্বিভাষিক দেশ, এটা—এটা ইংরেজি কাগজ ছিল। আর বলেছিল, "ঠিক আছে, ভূমিকম্প অবশ্যই শেষ হয়ে গেছে, পাখিরা তাদের নীড়ে তাদের বাড়িতে ফিরে যাচ্ছে।"

15 ভূমিকম্প আসার কয়েক দিন আগে, যা বেষ্টনী ইত্যাদি ভেঙে দেয়। ছোট পাখিরা পাথরের মধ্যে আশ্রয় খুঁজে নেয়, এবং তাদের বাসা তৈরি করে; আর বিকেলে অথবা মধ্যাহ্নে, যখন সূর্য সত্যিকারের উত্তপ্ত হয়, সমস্ত প্রাণী সেই পাথরের দেয়ালের চারপাশে দাঁড়িয়ে, ছায়ার জন্য। আর দুই দিন ধরে, পাখিরা বাইরে গাছে ছিল, তারা তাদের নীড়ে আসে নি; আর দুই দিন, পশু, ভেড়া এবং গবাদি পশুরা, তারা বিকেলে সেখানে আসে নি, অথবা সেই দেয়ালের পাশে জড়ো হয় নি। তারা—তারা মাঠের বাইরে ছিল এবং ছায়ার জন্য একে অপরের দিকে ঝুঁকে ছিল।

16 তারপরে হঠাৎ করে, একটি ভূমিকম্প, যা দেয়ালগুলিকে কাঁপিয়ে দেয় এবং ভবনগুলি ভেঙে দেয়। আর, দেখুন, যদি সেই ছোট পাখিরা সেখানে থাকত, তাহলে তারা মারা যেত। যদি গবাদি পশুরা এর নীচে দাঁড়িয়ে থাকত, আর ভেড়া, তারা মারা যেত। ঈশ্বর প্রকৃতিকে সতর্ক করছেন!

17 কয়েক দিন আগে, ভাই টনির দোকানে, আমি সেখানে একজন লোকের কথা শুনছিলাম যিনি বলেছিলেন...যখন এই ভূমিকম্পটি আলাস্কায় হয়েছিল, তখন তিনি মেক্সিকোর স্টনি পয়েন্টে মাছ ধরছিলেন। আর তিনি বললেন, "পাখিরা খাবে না, আর মাছও খাবে না। সেখানে কিছু সমস্যা ছিল। আর, সঙ্গে সঙ্গে, ভূমিকম্প শুরু হয়।"

18 আর অন্য দিন, যখন এটি ভারতে ঘটেছিল, অথবা যেখানেই সেটি হয়েছিল, তিনি বলেছিলেন যে তিনি আবার মাছ ধরছিলেন। তিনি ভাবলেন, "ঠিক আছে, এটা অদ্ভুত। এই মাছগুলি প্রায় এই সময়ে খাবার গ্রহণ করে। জলে উছাল নেই, কোথাও নেই। জল ঠিক ততটাই শান্ত, মাছের খাওয়ার জন্য উপযুক্ত সময়, কিন্তু তারা খাবার গ্রহণ করেনি। আর সব পাখি যারা সাধারণত সেখানে থাকে, গাঙচিল, এই মাছ ইত্যাদি তুলে নেয়, সকলে পাড়ে ঘুরে বেড়াচ্ছিল, একে অপরের সঙ্গে জড়িয়ে ধরে। কিছুক্ষণের মধ্যে, নীচ থেকে সমুদ্রের শ্যাওলা *এভাবে* উপরে আসতে শুরু করে, পৃথিবীর অন্য প্রান্তে ভূমিকম্প হয়েছিল।" দেখুন, সেই মাছগুলি জানত যে সেখানে কিছু সমস্যা হয়েছে, কিছু ঘটতে যাচ্ছে। সেই পাখিরাও একই বিষয় জানত।

19 নিশ্চয়ই, ঈশ্বর যদি একটি মাছ এবং একটি পাখিকে বিচক্ষণতা দেন, তবে তিনি তাঁর—তাঁর সন্তানদের আর কত বেশি দেবেন! আমরা জানি যে আমরা শেষ সময়ে আছি, এবং বিচার অপেক্ষা করছে, তাই আসুন আমরা প্রকৃত শ্রদ্ধেয় হই। আপনার সমস্ত হৃদয়

দিয়ে ঈশ্বরের কাছে পলায়ন করুন! "হে কফরনাহূম, তুমি যে স্বর্গে উন্নীত হইয়াছ, তুমি নরকে নামিয়া যাইবে," আর আজ সে জলের নীচে শুয়ে আছে। শুধু মনে রাখবেন, এবং প্রার্থনা করুন।

20 এখন, আজ রাতে, আমি এখানে শাস্ত্রের একটি স্থান পড়তে চাই, মাত্র কয়েক মুহূর্তের জন্য। আমরা অসুস্থদের জন্য প্রার্থনা করতে যাচ্ছি। বিলি বলেছে সে একগুচ্ছ প্রার্থনা কার্ড বিতরণ করেছে। আর সে গতকাল কিছু দিয়েছে, আর আমি গত রাতে তাদের কাউকে নিই নি। আর আমি আশ্চর্য হয়েছিলাম, যখন পবিত্র আত্মা আসেন...এটা শুধু...আপনি তাকে কাজ করাতে পারবেন না। এটি একটি ছোট লিভারের মতো, আপনি নিজেকে একটি গিয়ারে টানতে পারেন। আপনারা সেই ব্যক্তি যিনি পবিত্র আত্মাকে কার্য্যে নিয়ে আসেন, আমি নই। আপনারা নিজেরাই এটা করেন। তাই আমি, গত রাতে, আমি এমনকি বিচক্ষণতার মধ্যেও লক্ষ্য করেছি, এটি কখনই লোকেদের সঙ্গে ঠিক উঠে আসে নি। তারা এটা নিতে পারেনি বলে মনে হয়েছিল। আমি এটা খুঁজে পেয়েছি, এখানে সম্প্রতি, মনে হচ্ছে, কমবেশি, ঠিক যেমন আমি অসুস্থদের উপর হাত রেখে কথা বলছিলাম, তারা জানে।

21 আমাদের উপলব্ধি করা উচিত যে আমাদের মধ্যে দেওয়া হয়েছে, আমরা যারা যীশু খ্রীষ্টকে বিশ্বাস করি এবং তাঁর আত্মা থেকে জন্মগ্রহণ করেছি এবং সেই জীবনদায়ক শক্তিতে পূর্ণ হয়েছি, সেই শক্তি আপনার মধ্যে রয়েছে। অন্যদের উপর হাত রেখে, যেমন শিষ্যরা করেছিলেন এবং যুগ যুগ ধরে, এটা অসুস্থদের সুস্থ করেছিল, মৃতদের জীবিত করেছিল, এটা দর্শন দেখিয়েছিল, ভবিষ্যদ্বাণী করেছিল। আর সেই একই আত্মা যিনি শুরুতে প্রেরিতদের মধ্যে বাস করতেন আজ মণ্ডলীতে বাস করছেন, একই জিনিস করছেন। আর যত তাড়াতাড়ি আমরা তা চিনতে পারি! দেখুন, এটি যতই কার্য্য করুক না কেন, আপনাকে সেটিকে স্বীকৃতি দিতে হবে এবং বিশ্বাস করতে হবে। এটি এক বিন্দুও ভালো করবে না, যতক্ষণ না আপনি এটি বিশ্বাস করেন। কিন্তু যে মুহূর্তে আপনি এটা বিশ্বাস করেন, আপনার সমস্যা শেষ হয়ে যায়। সেটা সত্য।

22 এখন আসুন শাস্ত্রের দিকে ফিরে যাই। আমি সেখানে বসে ছিলাম, কয়েক মুহূর্ত আগে, রাতে আমার পাঠ্য পরিবর্তন করার জন্য, আরও কয়েকটি শাস্ত্র লিখেছিলাম। আর আমি ঈশ্বরের বাক্য থেকে কিছু পাঠ করতে চাই, লূক লিখিত সুসমাচার পুস্তক থেকে, ৮ম অধ্যায়, ৪০তম পদ দিয়ে শুরু করে। এখন শুনুন, আমি বিস্তৃত পাঠ করতে যাচ্ছি।

*আর এমন হইল, যীশু ফিরিয়া আসিলে লোকেরা তাঁহাকে সাদরে গ্রহণ করিল: কারণ সকলে তাঁহার অপেক্ষা করিতেছিল।*

আজ রাতে লোকদের দলের জন্য এটা কি ভালো মনোভাব হবে না ?

*আর দেখ, যায়ীর নামে এক ব্যক্তি আসিলেন, তিনি সমাজ-গৃহের এক জন অধ্যক্ষ: তিনি যীশুর চরণে পড়িয়া তাঁহার গৃহে আসিতে তাঁহাকে বিনতি করিতে লাগিলেন:*

*কারণ তাঁহার একটী মাত্র কন্যা ছিল, বয়স কমবেশ বারো বৎসর, আর সে মৃতপ্রায় হইয়াছিল। যীশু যখন যাইতেছিলেন, লোকেরা তাঁহার উপরে চাপাচাপি করিয়া পড়িতে লাগিল।*

*আর, একটী স্ত্রীলোক, যে বারো বৎসর অবধি রক্তপ্রদর রোগগ্রস্ত হইয়াছিল, যে চিকিৎসকদের পিছনে সর্ব্বস্ব ব্যয় করিয়াও কাহারও দ্বারা সুস্থ হইতে পারে নাই,*

*সে পশ্চাৎ দিকে আসিয়া তাঁহার বস্ত্রের থোপ স্পর্শ করিল: আর তৎক্ষণাৎ তাহার রক্তস্রাব বদ্ধ হইল।*

*তখন যীশু কহিলেন, কে আমাকে স্পর্শ করিল ? সকলে অস্বীকার করিলে পিতর ও তাঁহার সঙ্গীরা বলিলেন, নাথ, লোকসমূহ চাপাচাপি করিয়া আপনার উপরে পড়িতেছে, আর আপনি কহিতেছেন, কে আমাকে স্পর্শ করিল ?*

*...যীশু কহিলেন, আমাকে কেহ স্পর্শ করিয়াছে: কেননা আমি টের পাইয়াছি আমা হইতে শক্তি বাহির হইল।*

*স্ত্রীলোকটী যখন দেখিল, সে গুপ্ত নহে, তখন কাঁপিতে কাঁপিতে আসিল, এবং তাঁহার সম্মুখে প্রণিপাত করিল, আর কি নিমিত্ত তাঁহাকে স্পর্শ করিয়াছিল এবং কি প্রকারে তৎক্ষণাৎ সুস্থ হইয়াছিল, তাহা সকল লোকের সাক্ষাতে বর্ণনা করিল।*

*তখন তিনি তাহাকে কহিলেন, বৎসে, শান্ত হও: তোমার বিশ্বাস তোমাকে সুস্থ করিল; শান্তিতে চলিয়া যাও।*

আর *তিনি...কথা কহিতেছেন, এমন সময়ে সমাজাধ্যক্ষের বাটী হইতে এক জন* আসিয়া *কহিল, আপনার কন্যার মৃত্যু হইয়াছে; গুরুকে আর কষ্ট দিবেন না।*

*তাহা শুনিয়া যীশু তাঁহাকে উত্তর করিলেন, ভয় করিও না: কেবল বিশ্বাস কর, তাহাতে সে সুস্থ হইবে।*

*পরে তিনি সেই বাটীতে উপস্থিত হইলে, কাহাকেও প্রবেশ করিতে দিলেন না, পিতর,...যাকোব, ও যোহন, এবং বালিকাটীর পিতা ও মাতা ছাড়া,*

*তখন সকলে তাহার জন্য কাঁদিতেছিল,...ও বিলাপ করিতেছিল।* আর *তিনি কহিলেন, কাঁদিও না; সে মরে নাই,* ঘুমাইয়া *রহিয়াছে।*

*তখন তাহারা তাঁহাকে উপহাস করিল, কেননা তাহারা জানিত, সে মরিয়া গিয়াছে।*

কিন্তু *তিনি তাহাদের বাহির করিয়া দিলেন, আর তাহার হাত ধরিয়া ডাকিয়া কহিলেন* সেই বালিকে, *কহিলেন, বালিকে, উঠ।*

*তাহাতে তাহার আত্মা ফিরিয়া আসিল, ও সে তৎক্ষণাৎ* উঠিল*: আর তিনি তাহাকে কিছু আহার দিতে আজ্ঞা করিলেন।*

*ইহাতে তাহার পিতামাতা চমৎকৃত হইল: কিন্তু তিনি তাহাদিগকে আজ্ঞা করিলেন, এ ঘটনার কথা কাহাকেও বলিও না।*

23 এখন আসুন প্রার্থনা করি। প্রিয় স্বর্গীয় পিতা, যখন আমরা এই বাক্যটি পাঠ করি, আমরা জানি যে এটি সত্য। এটা ঘটেছিল। এটা কোন কাল্পনিক গল্প নয় যেটা আমরা হয়তো কোন সংবাদপত্র অথবা কোন কথাসাহিত্যের বই থেকে পড়ি, কিন্তু এটি সেই পুস্তক থেকে এসেছে যা আমরা ঈশ্বরের বাক্য বলে জানি। আমরা বিশ্বাস করি এটা ঘটেছে। আমরা বিশ্বাস করি যে এই যীশু যিনি এই উল্লেখযোগ্য কাজটি করেছিলেন, এখানে দুটি উদাহরণে, রক্তের সমস্যাযুক্ত মহিলা এবং মৃত শিশুর বিষয়ে, আমরা বিশ্বাস করি যে তিনি ঈশ্বরের পুত্র, যে ঈশ্বর তাঁকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেছেন এবং তাকে আমাদের কাছে উপস্থাপন করেছেন, আজ রাতে, পবিত্র আত্মার ব্যক্তিত্বে।

24 আর আমরা বিশ্বাস করি যে তিনি আজ রাতে আমাদের সঙ্গে আছেন। আর বিশ্বাস করে যে তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই, তাঁর সমবেদনা মানুষের কাছে পৌঁছে যায়। আর লোকেরা যখন তাঁর কাছে যাচ্ঞা করে, সেই দিন যে কার্য্য হয়েছিল সেই একই কার্য্য আজও হবে। এটা পুনরায় প্রদান করুন, পিতা,

যেন আমরা একটি নতুন অভিষেক পেতে পারি। ভাই শাকারিয়ান যেমন আন্তরিকভাবে জিজ্ঞাসা করেছিলেন, কিছুক্ষণ আগে, এবং শ্রোতাদের বিশ্বাস করতে বলেছিলেন, আমরা যীশু খ্রীষ্টের নামে আবার প্রার্থনা করছি। আমেন।

25 আমি কিছু সময়ের জন্য কথা বলতে চাই, আর সেটা কিছু সময়ের জন্য হবে, কারণ আমি প্রার্থনা কার্ড সহ সেই লোকদের এখানে আনতে চাই এবং তাদের জন্য প্রার্থনা করতে চাই। আর অন্য কোন বিষয় বাদ দিয়ে শুধু অসুস্থদের জন্য প্রার্থনা করা। কিন্তু অসুস্থদের জন্য প্রার্থনা করার আগে, আমাদের লোকদের সেই স্থিতিতে নিয়ে আসতে হবে। এটি এমন মনোভাব যা সর্বদা ফলাফল নিয়ে আসে। এটা সেই মনোভাব যা আপনি ঈশ্বরের প্রতি রাখেন।

26 এখানে একজন মহিলা তাঁর পোশাক স্পর্শ করেছিলেন, রক্তের সমস্যা নিয়ে, তিনি সুস্থ হয়েছিলেন। একজন সৈন্য তার মুখে থুথু দিয়েছিল এবং তার মাথায় কাঁটার মুকুট রেখেছিল, আর কোন সদ্‌গুণ অনুভব করেনি।

27 এটা আপনার অভিগমন। মনোভাব যা প্রয়োজন হয়। আর এটাই আজ রাতে, প্রিয় বন্ধু, এর জন্য মনোভাব লাগে। আমরা, এবং বিশ্বাস করি যে আমরা যীশু খ্রীষ্টের উপস্থিতিতে আছি, কিন্তু এটি আপনার মনোভাব যা ফলাফল নিয়ে আসে। যান্ত্রিকতা এখানে, আর তেমনি গতিশক্তি এখানে। আপনি যদি শুরু করতে পারেন, বাকিটা ঈশ্বর করবেন।

28 এখন, এই বিষয়ে আমি কয়েক মুহূর্তের জন্য কথা বলতে চাই, তা হল: *তাঁর বাক্য প্রমাণ করা।* এখন এটা একটি মহান বিষয়, এটা চিন্তা করা: *তাঁর বাক্য প্রমাণ করা।*

29 এখন ঈশ্বর ঠিক তার বাক্য প্রমাণ করতে সক্ষম, আজ রাতে, যেমন তিনি কখনও এটি প্রমাণ করেছেন। আর বাইবেল আরও বলে, “সর্ব্ববিষয়ের প্রমাণ কর। যাহা ভালো তাহা ধরিয়া রাখ।”

30 এখন আপনারা শুনেছেন, নিঃসন্দেহে, পুরানো প্রবাদটি শুনেছেন, “এটা প্রমাণ করুন, আমি এটা বিশ্বাস করব।” কিন্তু সেটা সত্য নয়। অনেকবার আমি অনেক কিছু প্রমাণিত হতে দেখেছি, যা একেবারে বৈজ্ঞানিকভাবেও প্রমাণিত, তবুও লোকেরা এটা বিশ্বাস করেনি।

31 আমি একজন মানুষের সাথে কথা বলছিলাম, এখানে খুব বেশি দিন হয়নি। আমরা ঐশ্বরিক আরোগ্যকরণ সম্পর্কে কথা বলছিলাম। তিনি বললেন, “আমি এটা বিশ্বাস করব না। আমি চিন্তা করি না কি

ঘটবে, আপনি এর কত প্রমাণ দেখাতে পারেন, আমি তবুও বিশ্বাস করি না।” ঠিক আছে, অবশ্যই, আপনি সেই ব্যক্তির জন্য যাই করুন না কেন, সে—সে হারিয়ে গেছে। সে বিশ্বাস করতে পারে না। তার মধ্যে বিশ্বাস করার মতো কিছুই নেই।

32 আমার এখানে একটি—একটু অভিজ্ঞতা ছিল, প্রায় এক সপ্তাহ আগে, আপনারা সবাই জানেন যে আমি—আমি শিকার করি। আর যখন আমি আমার সভা থেকে ফিরে আসি, আমি সিংহ শিকার করছিলাম। আর আমি অ্যারিজোনায় চলে আসার পর, এটা ভালো, আমি বড় খেলা শিকার করতে পছন্দ করি, আর আমি প্রকৃতির মাঝে বেরিয়ে এটা দেখতে পছন্দ করি।

33 এখন, আমি ঘাতক নই। আমি শুধু শিকার করি। তাই, আমি—আমি শিকারটিকে ধ্বংস করতে পছন্দ করি না, আমি—আমি মনে করি না এটা ঠিক। আমি মনে করি শিকারটিকে হত্যা করা ঠিক ততটাই পাপ, যখন আপনি এটি ব্যবহার করছেন না এবং এটি একটি উদ্দেশ্যে ব্যবহার করতে যাচ্ছেন, যেমন এটি হবে অন্য কিছুকে হত্যা করার মতো। আমি বিশ্বাস করি এটা ভুল। আমাদের এটা করা উচিত নয়। ঈশ্বর আমাদের খাদ্যের জন্য এবং উদ্দেশ্যে এটি দিয়েছেন, এবং আমাদের এটি ধ্বংস করা উচিত নয়। কিন্তু এখন আইন যা বলে আপনি গ্রহণ করতে পারেন, ঠিক আছে। শুধু এটা নষ্ট করবেন না।

34 আর আমি সেখানে, অন্য সব কিছুর জন্য ঋতু চলে এসেছে। সিংহ অনেক গবাদি পশু হত্যা করে। আর আমি দেশের অনেক পশুপালককে জানি। আর প্রতিবার যখন সে হত্যা করে, কেন, তারা আমাকে ডাকে, যখন একটি সিংহ ভেড়ার মধ্যে চলে আসে। আমার এক নির্দিষ্ট বন্ধু, অন্য রাতে, এক রাতে প্রায় পঁয়ত্রিশ শত ডলার হারিয়েছিল, একটি সিংহ শুধু মেষদের হত্যা করছিল। সে প্রবেশ করে, এবং, অবশ্যই, বাকি সিংহদের তার পাপের জন্য মূল্য দিতে হবে। আর তাই আমি সিংহটিকে নিয়েছিলাম, আর তাই এটি একটি বড় সিংহ ছিল, নয়-ফুট লম্বা, এবং ওজন প্রায় দুই-কিছু, তাই এটি ছিল—এটি একটি ভালো বড় সিংহ ছিল।

35 আর তারপর আমি অ্যারিজোনা দেশ থেকে উথাতে গিয়েছিলাম, শিকার করতে। আর তাই আমাকে বলা হয়েছিল যে সেখানে লোকেরা ছিল, একজন ব্যক্তি যার সাথে আমি শিকার করতে যাচ্ছিলাম, তিনি একজন সরকারী ফাঁদ শিকারী ছিলেন, “আর, ভালোর জন্য, তার কাছে ধর্ম সম্পর্কে কিছু উল্লেখ করবেন না।” বললেন, “তিনি সত্যিই একজন রুক্ষ ব্যক্তি।”

আর আমি বললাম, ঠিক আছে, আমি যার সাথে যাচ্ছি তাকে বলেছিলাম, আমি বললাম, "আমি এটা উল্লেখ করব না।"

36 তিনি বলেছিলেন, "বলবেন না 'প্রচারক।' যদি আপনি করেন, আপনি কখনই শিকারে যেতে পারবেন না। তিনি আপনাকে নেবেন না।" বললেন, "আমি তার সাথে তিন দিন শিকার করেছি, এবং প্রতি রাতে তার সাথে শুতাম, প্রতিদিন তার সাথে ভোজন করতাম, এবং সে এমনকি কখনও বলেনি, 'শুভ সকাল। আপনি কেমন আছেন? আপনি কি কিছু খেতে চান? থালা-বাসন ধুয়ে ফেলুন।' কিছুই না!" বললেন, "এখন এই বিষয়ে কিছু বলবেন না।"

আমি বললাম, "আমি একটি কথাও বলব না।" তাই আমি তাকে বলিনি যে আমি প্রার্থনা করব না, কিন্তু আমি তাকে বলতে থাকলাম যে আমি...আর আমি প্রার্থনা করি।

37 তাই যখন আমরা সেখানে উঠলাম, লোকটি খুব কঠিন চরিত্রের ছিল, এবং আমি মনে করিনি সে কিছু বিশ্বাস করে। আর তার কয়েক রাত আগে সে একটি শিশুকে হারিয়েছিল, একটি মৃতজাত শিশু। তাই, আমরা শিকারে গিয়েছিলাম। আর দ্বিতীয় দিন, আমি যার সাথে শিকার করছিলাম তাকে বলেছিলাম, বলেছিলাম যে আমি দেশের সর্বত্র শিকার করতে পারি। তাই যখন অন্য শিকারী, আমার সঙ্গে ছিল, চলে যায়, আমরা চূড়ার চূড়ায় ছিলাম; যেখানে আমরা একটি সিংহকে দৌড় করিয়েছিলাম, যতক্ষণ না আমরা তাকে পাথরের মধ্যে নিয়ে যাই, আর সে চলে যায়। আর তাই আমরা সেখানে বসে ছিলাম কুকুরদের ফিরে আসার অপেক্ষায়। আর এই ব্যক্তি আমাকে বললেন, তিনি বললেন, "অন্য শিকারী, আপনার বন্ধু, আমাকে বলেন যে আপনি সর্বত্র শিকার করতে পারেন। আপনার কাছে অনেক টাকা আছে?" বললেন, "আমি মনে করি এটা আমার কাজ নয়।"

আর আমি বললাম, "না," আমি বললাম, "এটা খুব বেশি টাকা নয়।" আমি বললাম, "আমাকে—আমাকে স্পনসর করা হয়।"

আর তিনি বললেন, "ওহ, আমি বুঝতে পারছি।" তিনি বললেন, "ঠিক আছে, আমি অনুমান করি এটা আমার কাজ নয়, কিন্তু," বললেন, "আপনি কি কোন একটি ফার্মের সাথে আছেন যারা আপনাকে স্পনসর করে?"

তিনি আমার কাছ থেকে এটি বের করছিলেন। আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম আমি করব না, দেখুন। তাই আমি বললাম, হ্যাঁ,

আমি বললাম, “না, মহাশয়। আমি একজন প্রচারক, একজন ধর্মপ্রচারক।”

তিনি বললেন, “একজন কি ?”

আমি বললাম, “মিশনারী।” আর তিনি দাঁড়িয়ে কয়েক মিনিটের জন্য আমার দিকে তাকিয়ে ছিলেন।

আমি বললাম, “আপনার কি পরকালের জীবনের জন্য কোন আশা আছে ? আপনার আশা কি ?”

তিনি বললেন, “আমি একজন জ্যাক মরমন।”

আর আমি বললাম, “একজন কি ?”

তিনি বললেন, “একজন জ্যাক মরমন।”

আমি বললাম, “এটা কোন ধরন ?”

বললেন, “যে শপথ করে এবং কফি পান করে এবং সিগারেট খায়।”

আমি বললাম, “ঠিক আছে, একটি সৎ স্বীকারোক্তি প্রাণের জন্য ভালো।”

38 আর তারপর তিনি বললেন—তিনি বললেন, “আমি আপনাকে কিছু জিজ্ঞাসা করতে চাই।” তিনি বললেন, “আমাকে বলা হয়েছে যে মরমন চার্চই একমাত্র সত্য মণ্ডলী যা সেখানে রয়েছে।” তিনি বললেন, “আপনি কি এটা বিশ্বাস করেন ?”

39 আমি বললাম, “যখন মণ্ডলীর কথা আসে, আমি অনুমান করি এটি তাদের যে কোনটির মতোই ভালো। আমি শুধু একটি সত্য জানি, আর সেটা যীশু খ্রীষ্ট।” আমি বললাম, “আমি জানি তিনি সত্য।”

40 “ঠিক আছে,” তিনি বললেন, “অন্য রাতে আমার একটি শিশুর জন্ম হয়েছিল, মৃত অবস্থায়।” তিনি বললেন, “আমাকে বলা হয়েছে যে এই শিশুটি, কারণ সে মৃত অবস্থায় জন্মগ্রহণ করেছিল, ঈশ্বর কখনও এর মধ্যে জীবনের নিঃশ্বাস বায়ু দেননি, যে আমি তাকে আর কখনও দেখতে পাব না।” তিনি বললেন, “আপনি এই বিষয়ে কি মনে করেন ?”

41 “ঠিক আছে,” আমি বললাম, “আপনি একজন জ্যাক মরমন হিসাবে করবেন না, আপনি নিশ্চয়ই করবেন না। এটি একটি বিষয় নিশ্চিত, যতক্ষণ আপনি জ্যাক মরমন থাকবেন ততক্ষণ আপনি এটি দেখতে পাবেন না।” আর তিনি বললেন...ঠিক আছে, তিনি আমাকে ধাক্কা দিচ্ছিলেন, তাই আমি তাকে একটু পিছনে

ঠেলে দিলাম, আপনারা দেখুন। আমাদের—পিছনে ঠেলে দেওয়ার সময় ছিল। তাই তিনি বললেন—তিনি বললেন...আমি বললাম, "ব্যাপারটা কি?"

তিনি বললেন, "ওহ্, আমি জানি না।" আর তিনি বললেন, "ঠিক আছে, আপনি কি মনে করেন?"

আমি বললাম, "আমি পরিচিত অনেক ভালো..."

42 আমি জানতাম না তিনি একজন মরমন। আর আমি ছিলাম খুব...আমি জানি, এটা উথাতে থাকার কারণে, এটা সম্ভবত ছিল, কিন্তু আমি...কারণ সেখানে বেশিরভাগ লোক মরমন, সল্টলেক সিটির আশেপাশে। যদিও এটি সল্টলেক সিটি ছিল না। তাই আমি ভাবলাম, "ঠিক আছে, আমার কিছু ভালো মরমন বন্ধু আছে, প্রার্থনা লাইনে ছিল, ভালো ব্যক্তি।"

43 আর আমি বললাম, "আমি কিছু খুব ভালো ব্যক্তির সাথে দেখা করেছি যারা—মরমন।" আর তিনি বললেন, ঠিক আছে, তিনি বললেন...আমি বললাম, "আমি জানি না এই বিষয়ে তাদের শিক্ষা কি, আর আমি তাদের শিক্ষার বিপরীতে কিছু বলতে চাই না, কারণ আপনি সেটাই, আর আমি এটাকে অত্যন্ত সম্মান করি।" আর আমি বললাম, "ঠিক আছে, আর আপনি এটা বিশ্বাস করেন?"

তিনি বললেন, "হ্যাঁ, মহাশয়, আমি করি। কিন্তু," বললেন, "আমি এর অনুসারে জীবনযাপন করি না।"

44 আমি বললাম, "ঠিক আছে, আমি বিশ্বাস করি যে বাইবেল শিক্ষা দেয় যে ঈশ্বর সেই শিশুটিকে জানতেন, লক্ষ লক্ষ বছর আগে, পৃথিবীর ভিত্তির আগে।" আমি বললাম, "ঈশ্বর যিরমিয়কে বলেছিলেন, 'তুমি মায়ের গর্ভে গর্ভধারণ করার আগে, তোমাকে উদর হইতে বাহির করিবার পূর্বে, আমি তোমাকে জানিতাম, তোমাকে পবিত্র করিয়াছিলাম, এবং তোমাকে জাতিগণের জন্য ভাববাদী নিযুক্ত করিয়াছিলাম।'" আমি বললাম, "তিনি এই বিষয়ে ততটা জানতেন, দেখুন।"

তিনি বললেন, "ঠিক আছে," তিনি বললেন, "ধন্যবাদ।"

45 তিনি পাহাড়ের নিচে হাঁটতে শুরু করলেন। আর তারপর তিনি এই অন্য ব্যক্তির সাথে দেখা করলেন, আর তিনি বললেন, "আপনি আমাকে কেন বলেননি যে লোকটি একজন প্রচারক?" আর তাই আমরা...তিনি তার সাথে একটু কথা বললেন এবং তাকে সভা সম্পর্কে বলতে শুরু করলেন।

46 এখন, মরমনরা ভবিষ্যদ্বাণী বিশ্বাস করে। আমি না...এখানে হয়তো কেউ নেই, কিন্তু তারা—কিন্তু তারা ভবিষ্যদ্বাণীতে—বিশ্বাস করে। কিন্তু, তাই, হয়তো আমি স্কুলের বাইরে কথা বলছি, কিন্তু আমি...হ্যাঁ। হ্যাঁ। কিন্তু, যাইহোক, তারা বিশ্বাস করে।

আর তিনি বলেন, তিনি আমার কাছে ফিরে এসে বললেন, "আমি বুঝতে পেরেছি যে আপনি একজন ভাববাদী।"

আমি বললাম, "না, মহাশয়।" আমি বললাম, "আমি...প্রভু আমাকে কিছু ঘটনা ঘটতে দেখিয়েছেন।"

47 আর তিনি সঙ্গে সঙ্গে চলে গেলেন, বললেন, "আসুন আমরা ভিতরে যাই।" আর তিনি তার গাড়িতে উঠেছিলেন, আর...তার ছোট্ট শহরে চলে গেলেন যেখানে তিনি থাকতেন। কয়েক মুহূর্তের মধ্যে তিনি নিখোঁজ হয়ে যান। আমরা কুকুরগুলিকে ঠিক করছিলাম, দুপুরের খাবারের ঠিক পরে আরেকটি শিকার করার জন্য। আর যখন আমরা, কেন, তিনি একটি গাড়িতে চলে যান।

48 কিছুক্ষণের মধ্যে, একজন সুন্দর চেহারার যুবক ফিরে আসেন, প্রায় সতেরো বছর বয়সী, একজন প্রকৃত পবিত্র চেহারার খ্রিস্টান ভদ্রলোক। তিনি বললেন, "ইনি আমার ভাই।" বললেন, "তিনি জ্যাক মরমন নন। তিনি একজন প্রকৃত মরমন।"

আমি বললাম, "আপনি কেমন আছেন, বালক?"

আর তিনি বললেন, "আমি বুঝতে পেরেছি, আমার ভাই আমাকে বলেছে, আপনি একজন ভাববাদী।"

আমি বললাম, "না, মহাশয়।" আমি বললাম, "এটা নয় যে আমি ভাববাদী।" আমি বললাম, "প্রভু আমাকে যা ঘটবে তা দেখিয়েছেন।"

49 তিনি বললেন, "এই মুহূর্তে আমার বাহুতে একটি গুলি আছে, আমার অপারেশন টেবিলে থাকার কথা।" তিনি বললেন, "কিন্তু আমার ভাই আমাকে এটা বলেছেন। আর আমি বললাম, 'যদি তাই হয়, আমার অপারেশনের প্রয়োজন নেই।'" তিনি আমাকে চোখের দিকে সরাসরি তাকালেন, একটি সৎ, সত্য, আন্তরিক দৃষ্টি, বললেন, "আপনি আমার উপর হাত রাখুন। যদি এই বিষয়গুলি তাই হয়, আমার অপারেশনের প্রয়োজন হবে না।" তিনি সুস্থ হয়ে বাড়ি ফিরে যান।

50 এই ভাই, আমার খ্রিস্টান বন্ধু, ফিনিক্স থেকে আমার সঙ্গে শিকার করছিলেন। তিনি আমাকে বললেন, তিনি বললেন...এই ছেলেদের মধ্যে কিছু ছেলে এখন এখানে বসে আছে। আমি জানি তাদের

একজন এখানে উপস্থিত। আমরা বাড়িতে গেলাম। তিনি বললেন, "ভাই ব্রানহাম, যদি প্রভু আপনাকে একটি দর্শন দেখান আর আপনি তাদের মরমনদের বলতে দিন কি ঘটতে যাচ্ছে, তারা এটা করবে, কারণ তারা এটা খুঁজছে।"

51 তাই, আমি প্রার্থনা করলাম আর আমি প্রার্থনা করলাম। আর বাড়ি ফেরার পথে, আমি আসছিলাম, পরের সোমবার, রবিবার, প্রায় দশটায়, আমি রুমে দাঁড়িয়ে ছিলাম, সেই সকালে গির্জার পরে, আর বাইরে তাকিয়ে ছিলাম।

52 আর আমি টর্চলাইট জ্বলতে দেখেছি, অথবা এক ধরনের আলো জ্বলতে দেখেছি। আর আমি একটি সিংহকে দেখলাম যেটি একটি গাছের মধ্যে ছিল, আর—আর এটি আমার পক্ষে গুলি করার জন্য খুব ছোট ছিল। আমি এটা চাইনি। আর সেখানে অন্য কেউ এটিকে গুলি করে, এবং, যখন তারা করে, তারা খুব বড় বন্দুক দিয়ে গুলি করে। এটা সিংহকে উড়িয়ে দিয়েছিল। যেভাবে—যেভাবে—যেভাবে এটা করা হয়েছিল আমি তার প্রশংসা করিনি।

53 যখন আমি ফিনিক্সে যাই, আমি ভাই ডসনকে সেটা বলেছিলাম, আর ভাই মোসলিকে। আমি জানি তিনি এখানে আছেন। আমি অন্য দিন তাকে এখানে কোথাও দেখেছিলাম। আর তিনি আমার সঙ্গে যাচ্ছিলেন, তিনি এবং তার স্ত্রী। আর আমি বললাম, "আপনারা পর্যবেক্ষণ করুন আর দেখুন, সেটি **সদাপ্রভু এই কথা কহেন**। এটা সেভাবেই ঘটতে যাচ্ছে।"

54 যে রাতগুলিতে আমরা অপেক্ষা করেছি, চার অথবা পাঁচ রাত, আমরা শিকার করেছিলাম, অথবা দিনে। আপনারা খুব কমই রাতে সিংহকে গাছে তুলে দেন। এমনটা হয়েছিল, বাড়িতে এসে, তারা কুকুরকে ছেড়ে দেয়, এই শিকারী, এই মরমন ছেলেটি। আর সেই—সেই সিংহটি একটি পথে এসেছিল, অথবা কুকুরটি সিংহের পথ খুঁজে পেয়েছিল, বরং, এবং তাকে তাড়িয়ে একটি গাছে তুলে দেয়। আর রাত দশটায় তারা আসে, আমাদের বিছানা থেকে উঠিয়ে দেন। আমরা সেখানে গিয়েছিলাম, আর সেখানে সেই একই সিংহটি গাছে ছিল। আলো জ্বালিয়ে, ভাই মোসলে তাকে প্রায়.৪৪ ক্যালিবার দিয়ে গুলি করেছিল, সিংহটিকে দুই ভাগে উড়িয়ে দিতে চেয়েছিল। আর সেখানে এটা ছিল, ঠিক যেভাবে এটা বলা হয়েছিল।

পরের দিন, আমি রাজ্যের প্রধান গেম ওয়ার্ডেন, আরেকজন জ্যাক মরমনের সঙ্গে দেখা করি। সেই ছেলেদের সঙ্গে নিয়ে, খ্রীষ্টের কাছে তাদের গৃহে নিয়ে আসি।

আমি আপনাদের বলছি, তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই। ঈশ্বর তাঁর বাক্যকে তাই প্রমাণ করেন।

আপনারা লোকেদের বলতে শুনেছেন, "দেখা মানে বিশ্বাস করা।" এটা সম্পূর্ণ সত্য নয়। অনেকে দেখেন এবং তারা এখনও বিশ্বাস করেন না।

55 যে দিনগুলিতে যীশু পৃথিবীতে ছিলেন, কেন তারা তাকে চিনতে পারেনি, যে তিনিই ঈশ্বরের বাক্য প্রকাশিত হয়েছিলেন? কেন লোকেরা বুঝতে পারেনি যে মোশি বলেছেন, "তোমাদের ঈশ্বর সদাপ্রভু আমার সদৃশ এক ভাববাদী উৎপন্ন করিবেন"? আর তিনি বাইবেলের প্রতিটি বাক্য পূর্ণ করেছিলেন যা তিনি করবেন, কিন্তু তারা এটা বিশ্বাস করেনি।

56 কিন্তু ঈশ্বর, প্রতিটি যুগে, তাঁর বাক্য সত্য বলে প্রমাণিত করেছেন। তিনি সর্বদা তাঁর বাক্য প্রমাণ করেন। তারপর তারা কখনও কখনও বলে যে, "দেখা মানে বিশ্বাস করা।" এটা এমন নয়। কিন্তু আমরা জানি যে ঈশ্বর প্রতিটি যুগে তাঁর বাক্যকে সঠিকভাবে প্রমাণ করেন।

57 আমরা জানি যে তিনি আদম ও হবার কাছে এটা প্রমাণ করেছিলেন, যে যখন তিনি বলেছিলেন, "যেদিন তোমরা তাহা আহার করিবে, সেই দিন নিশ্চয়ই মরিতে হইবে।" আমাদের এটা স্বীকার করতে হবে, এটাই সত্য। আমরা এটা বিশ্বাস করি, কারণ তিনি আমাদের কাছে এটা প্রমাণ করেছেন, আর আমরা জানি যে এটা সত্য।

58 এখন আমরা কিছু স্থান নিব যেখানে ঈশ্বর তাঁর বাক্য প্রমাণ করেছেন। উদাহরণ স্বরূপ, নোহের—এর সময়ে ধরা যাক। ঈশ্বর নোহের কাছে একটি বার্তা বলেছিলেন যা অবশ্যই অবৈজ্ঞানিক এবং অবিশ্বাস্য ছিল। কেউ বিশ্বাস করতে পারত না। পৃথিবীতে কখনও বৃষ্টি হয়নি। অবৈজ্ঞানিক!

59 সম্ভবত তারা তখন আমাদের এখনকার চেয়ে বড় বৈজ্ঞানিক যুগ ছিল, কারণ তারা পিরামিড এবং স্ফিংক্স তৈরি করেছিল, এবং আরও অনেক কিছু, সেই সময়ে, যা আমরা এখন তৈরি করতে পারি না। তারা একটি শক্তির সাথে পরিচিত ছিল, এক ধরণের যান্ত্রিক শক্তি, সম্ভবত পারমাণবিক বা অন্য কিছু, যে তারা সেই বড় পাথরগুলি তুলতে পারে, যা আমরা আজ করতে পারিনি। কিন্তু তারা বড় বৈজ্ঞানিক কাজ করেছিল। তাদের কাছে এমন কিছু ছিল

যা তারা একটি শরীরে সুগন্ধি মলম লাগাতে পারে, যাতে এটি শত শত বছর ধরে প্রাকৃতিক দেখায়। আমরা সেই শিল্প হারিয়ে ফেলেছি।

60 যীশু বলেছেন, "যেমন নোহের সময়ে হইয়াছিল, মনুষ্যপুত্রের আগমনকালেও সেইরূপ হইবে।" আর আমরা জানি যে আমরা আরেকটি মহান বৈজ্ঞানিক যুগে প্রবেশ করতে যাচ্ছি।

61 আর এখন নোহের যে বার্তা ছিল তা সেই দিনের বিশ্বাসের খুব বিপরীত ছিল, মণ্ডলীতে, এবং এটি বৈজ্ঞানিক গবেষণারও খুব বিপরীত ছিল। কিন্তু ঈশ্বর তাঁর বাক্যকে সত্য বলে প্রমাণিত করেছিলেন। ঈশ্বর প্রমাণ করেছিলেন যে সেই ভাববাদী যা বলেছিলেন তা সত্য।

62 এছাড়াও আমরা কিছুক্ষণের জন্য আরেকটি নেব। অব্রাহাম প্রভুর আরেকজন ভাববাদী ছিলেন, যার কাছে বাক্য এসেছিল। আর তাকে বলেছিল, যখন তার বয়স পঁচাত্তর বছর, আর সারা পঁয়ষট্টি বছর বয়সী ছিল, যে সারার দ্বারা তার একটি সন্তান হতে চলেছে। এখন, এটি একজন অবিশ্বাসীর জন্য বেশ ধাক্কা ছিল। আপনি কি কল্পনা করতে পারেন, আজ, এই দিনেও এমন একটি ঘটনা ঘটছে, আমাদের সমস্ত বৈজ্ঞানিক কৃতিত্বের সাথে, এবং এই সমস্ত টেস্টটিউব শিশুর কথা তারা বলে, এবং আরও অনেক কিছু ? কিন্তু এই বৃদ্ধ মহিলা, এখন পঁয়ষট্টি বছর বয়সী, এবং পঁচাত্তর বছর বয়সী একজন বৃদ্ধ, কিন্তু প্রভুর বাক্য অব্রাহামের কাছে এসেছিল এবং তাকে বলেছিল যে এটি ঘটতে চলেছে। আর অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন। এখন, ঈশ্বর যতই কথা বলুক না কেন, এবং এটা কতটা সত্য ছিল, অব্রাহামকে ঈশ্বর যা বলেছেন তা বিশ্বাস করতে হয়েছিল, এটা করার জন্য। এখন দেখুন কিভাবে সেই লোকটি তার সাক্ষ্য দ্বারা পরীক্ষিত হয়েছিল, যে তিনি বিশ্বাস করেছিলেন।

63 সেই একই ব্যক্তি যিনি সেই স্বীকারোক্তি দিয়েছেন, যে তিনি ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন, তিনি আপনার মতো একজন ব্যক্তি, আজ রাতে এখানে বসে আছেন। আমরা এখনও ঈশ্বরকে বিশ্বাস করি। আমাদের বিশ্বাস করতে হবে তাঁর বাক্য সত্য। আর তিনি এটা প্রমাণ করবেন, যে এটা সত্য, যদি আমরা এটা বিশ্বাস করি।

64 এখন অব্রাহামের যে বাধা ছিল তা দেখুন। প্রথম বিষয় ছিল তার বয়স, পঁচাত্তর বছর এবং সারার বয়স পঁয়ষট্টি বছর। তিনি জীবনের পরিবর্তন, মেনোপজ অতিক্রম করেছিলেন। কোন সন্দেহ নেই কিন্তু এটা কি থেমে গিয়েছিল, অনেক বছর আগে। তিনি তার সঙ্গে স্ত্রী হিসেবে থাকতেন। সে তার সৎ বোন ছিল, সম্ভবত তাকে নিয়ে

গিয়েছিল যখন সে তার কিশোর বয়সে একটি মেয়ে ছিল, এবং তাকে বিয়ে করেছিল। আর তার কোন সন্তান ছিল না। সে একেবারে বন্ধ্যা ছিল। আর এখন আমরা দেখতে পাই যে, এটা করার জন্য, তাকে নিজেকে সেই সমস্ত লোকদের থেকে আলাদা করতে হয়েছিল যারা এটা বিশ্বাস করেনি, যাতে এটি বাস্তবায়িত হয়।

65 আমি বলতে চাচ্ছি না যে আপনাকে লোকদের থেকে নিজেকে আলাদা করতে হবে। কিন্তু আপনাকে অবিশ্বাসের সমস্ত আলোচনা থেকে নিজেকে আলাদা করতে হবে, এবং এটি থেকে দূরে থাকতে হবে। যখন লোকেরা বলে, "আহ, সেই বিষয়গুলি ঘটবে না! তারা একদল পাগল মানুষ! এমন কিছু ঘটছে না," শুধু আপনার কান বন্ধ করুন এবং চলে যান। এটাতে কোন মনোযোগ দিবেন না।

66 বাইবেল বলে যে "অব্রাহাম অবিশ্বাসের দ্বারা ঈশ্বরের প্রতিশ্রুতিতে স্তব্ধ হইলেন না; কিন্তু বলবান ছিলেন, ঈশ্বরের প্রশংসা করতেন।" তার নাম অব্রাম থেকে পরিবর্তিত হয়ে অব্রাহাম করা হয়েছিল, নামের পরিবর্তনের ফলে তার নাম হয়েছিল, "জাতিগণের পিতা।" আপনি কি কল্পনা করতে পারেন একজন ব্যক্তি তার স্ত্রীর সাথে বসবাস করছেন, তার প্রিয়তমা, যে তিনি এত বছর ধরে তার সাথে বসবাস করছেন, আর এখন কোথাও আশি বছর বয়সে, এবং তার স্ত্রী সত্তর বছর বয়সী, আর এখনও একটি সন্তান বা সন্তানের কোন আশা ছাড়াই, তবুও দাবি করেছেন যে তিনি "জাতির পিতা।" আপনি কি কল্পনা করতে পারেন যে তার পাশ দিয়ে চলে যাওয়া সহকর্মীর সমালোচনা, যারা বলবেন, "হে জাতির পিতা, এই সময়ে আপনার কতজন সন্তান আছে?" আর তাকে সব সমালোচনার মধ্য দিয়ে যেতে হয়েছে!

67 কিন্তু অব্রাহাম কোথাও স্তব্ধ হননি, অবিশ্বাসের বিষয়ে। তিনি বিশ্বাস করতেন যে ঈশ্বর যা প্রতিশ্রুতি দিয়েছিলেন তা সম্পাদন করতে সক্ষম, যে ঈশ্বর তাঁর বাক্য প্রমাণ করবেন, এটি যতই সময় নেয় না কেন। কিন্তু প্রতিবার দুর্বল হওয়ার পরিবর্তে, যেমন আমরা প্রবণ হই, তিনি সব সময় শক্তিশালী হয়েছিলেন। "যদি এটি আজ না ঘটে, আগামীকাল এটি একটি বড় অলৌকিক ঘটনা হবে, কারণ এটি একদিন বড় হয়ে গেছে।" সেটি ঈশ্বর ছিলেন, অব্রাহামের মধ্যে ঈশ্বর ছিলেন, কারণ তিনি জানতেন যে ঈশ্বর তাঁর সমস্ত বাক্য প্রমাণ করেছেন।

যদি তাঁর সন্তানরা কেবল তাঁর বাক্য গ্রহণ করে, যাতে তিনি আপনার দ্বারা এটি প্রমাণ করতে পারেন! এটাই একমাত্র উপায় যে তিনি তাঁর বাক্য প্রমাণ করতে পারেন।

তিনি অবিশ্বাসীদের কাছে এটা প্রমাণ করেন না। তারা প্রমাণিত হতে পারে না; তারা অবিশ্বাসী। কিন্তু, এটা অবিশ্বাসীদের জন্য নয়। এটা অবিশ্বাসীদের জন্য নয়।

68 এটা তার জন্য যারা বিশ্বাস করে। আর যদি তিনি এমন কাউকে খুঁজে পান যিনি তাঁর বাক্যে বিশ্বাস করেন, তিনি আপনার দ্বারা তাঁর বাক্য প্রমাণ করবেন। আর কখনও কখনও অসুস্থতা এবং বিষয়গুলি আমাদের সাথে এইভাবে ঘটে, যাতে ঈশ্বর নিজেকে প্রমাণ করতে পারেন।

আপনাদের কি সেই অন্ধ ব্যক্তির কথা মনে আছে যাকে যীশু খুঁজে পেয়েছিলেন? তারা বলেছিল, "কে পাপ করেছে, সে না তার পিতা, তার মাতা?"

69 তিনি বলেছিলেন, "এই ক্ষেত্রে, কোনটিও নয়, কিন্তু ঈশ্বরের কার্য্য যেন প্রকাশিত হয়।" দেখুন, ছেলেটির সঙ্গে এটা ঘটেছে যাতে যীশু মহিমান্বিত হন। কখনও কখনও অসুস্থতা একটি অভিশাপ নয়, এটি একটি আশীর্বাদ, যাতে আমরা আমাদের বিশ্বাসকে সেখানে রাখতে পারি এবং যে বিষয়গুলি নেই তাদের বলতে পারি, যেন তারা ছিল। ঈশ্বর তাই বলেছেন, এবং তিনি প্রমাণ করবেন যেন আপনি পরীক্ষার অধীনে দুর্বল না হন।

70 তিনি ইয়োবকে প্রমাণ করেছিলেন, একবার, যে সে তাঁকে তাঁর মুখের উপর অভিশাপ দেবে না। ইয়োব যে পরীক্ষার মধ্য দিয়ে গিয়েছিলেন তা দেখুন। কিন্তু মৃত্যুর চোয়ালের মধ্যে, তিনি তবুও বলেছিলেন, "প্রভু দিয়েছেন, প্রভু কেড়ে নিয়েছেন, প্রভুর নাম ধন্য হোক!" তিনি অবশ্যই এটা বিশ্বাস করেছিলেন। ঈশ্বর ইয়োবের কাছে তাঁর বাক্য প্রমাণ করেছিলেন। তিনি এটি অব্রাহামের কাছে প্রমাণ করেছিলেন। তিনি তাই প্রমাণ করেছেন।

71 এছাড়াও তিনি মোশির দ্বারা এটি প্রমাণিত করেছিলেন। আর যখন মোশি, যখন প্রতিবন্ধক তার বিরুদ্ধে ছিল, মোশি তার মনে এটি করেছিলেন, সম্ভবত, একজন মুক্তিদাতা হওয়ার জন্য, যে তার মা সম্ভবত তাকে বলেছিলেন যে তিনি একটি উপযুক্ত সন্তান জন্মগ্রহণ করেছেন। তিনি—তিনি তার গৃহশিক্ষক ছিলেন যিনি তাকে ফরৌণের প্রাসাদে বড় করেছিলেন, কোন সন্দেহ নেই তাকে বলেছিলেন, "পুত্র, আমরা প্রার্থনা করেছি যে আমাদের উদ্ধার করা হবে, আর আমরা বিশ্বাস করি যে তুমি সেই সন্তান যাকে ঈশ্বর উদ্ধার করার জন্য ব্যবহার করবেন।" আর তারপর যখন তিনি...

72 দেখুন, তিনি এসেছিলেন এবং ফরৌণের কন্যার—পুত্র হতেন,

আর আমরা খুঁজে পাই যে তিনি সিংহাসনের উত্তরাধিকারী হতেন। কেন, কোন সন্দেহ নেই তখন তাদের মনে ছিল, তিনি পরবর্তী ফরৌণ হবেন, "আর এভাবেই তিনি লোকদের উদ্ধার করবেন, পরবর্তী ফরৌণ হয়ে।" কিন্তু ঈশ্বরের একটি ছিল...যদি এমন হত, তাহলে তিনি এটি একটি উপাদানের মাধ্যমে করতেন, একটি—একটি—একটি রাজনীতির মাধ্যমে। কিন্তু ঈশ্বর সবসময় এইভাবে কাজ করেন না।

73 ঈশ্বরের কাজ করার জন্য তার নিজস্ব উপায় আছে, আর তিনি বলেছেন তিনি "তাদের বের করে আনবেন।" তিনি অব্রাহামকে বলেছিলেন, "চারশো বছর পরে," তিনি "শক্তিশালী হস্ত দ্বারা তাহাদিগকে বাহির করিবেন," তিনি "চিহ্ন ও আশ্চর্য্য কার্য্য করিবেন।" তাই তিনি এটা এভাবে করতে পারেননি, তাই অব্রা-... আমরা জানতে পারি যে অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন, আর এখানে মোশি এখন ঈশ্বরকে বিশ্বাস করছেন।

74 আর মোশি জানালা দিয়ে বাইরে তাকালেন যেমন ফরৌণ করতেন, তিনি একই লোকদের দেখতে পেলেন। সেই ফরৌণ তাদের দিকে তাকাতেন, "একজন অভিশপ্ত লোক, এমন লোক যাদের কাছে একগুচ্ছ ধর্মান্ধতা ছাড়া আর কিছুই ছিল না, একজন ঈশ্বরের জন্য, এবং কোন মরুভূমির ঈশ্বর কোথাও যে বিষয়ে তারা কিছুই জানত না; কিছু অদেখা আসন যার কাছে তারা প্রার্থনা করে, এতে কিছুই ছিল না। তারা একদল ধর্মান্ধ। আর তারা ছিল একদল দাস। আর তাদের ঈশ্বর তাদের দাস হতে দিয়ে প্রমাণ করেছিলেন যে তিনি ঈশ্বর নন।"

75 আর পুরো বিষয়ের ঠিক মাঝখানে, তিনি সেই ব্যক্তিকে উপরে উঠাচ্ছিলেন। ঈশ্বর এই ধরনের অদ্ভুত উপায়ে কাজ করেন, ঠিক তাদের অধীনে। একজন ধর্মতত্ত্ববিদ নন, একজন শিক্ষক নন, একজন যাজক নন, তাদের একজনও পবিত্র পুরুষ নন; কিন্তু একজন সাধারণ মানুষ, সেই কাজের জন্য জন্মগ্রহণ করেন। আর ঈশ্বর তাকে তার ভাববাদী হওয়ার জন্য ডেকেছিলেন, এবং তাকে সেখানে পাঠিয়েছিলেন। আর তার হাতে একটি বাঁকা লাঠি ছাড়া আর কিছুই ছিল না, একটি সেনাবাহিনীর মোকাবেলা করার জন্য, যান্ত্রিকীকৃত দল যারা সমগ্র বিশ্ব জয় করেছিল। কিন্তু সেই লাঠিটি তার হাতে নিয়ে, যেমন ঈশ্বর তাকে সেই লাঠিটি তার হাতে ধরতে বলেছিলেন আর তিনি ইস্রায়েলকে উদ্ধার করবেন, আর তিনি নিচে গিয়ে এটা করলেন কারণ ঈশ্বর এটা প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিভাবে তিনি এটা করতে যাচ্ছেন ? "আমি তোমার সঙ্গে থাকব।"

তিনি বললেন, "আমাকে আপনার মহিমা দেখান, প্রভু। আমি কথা বলতে ধীর। আমি ঠিক কথা বলতে পারি না। আর আমি..." তার কাছে দশ লক্ষ অজুহাত ছিল।

76 কিন্তু তিনি বলেছিলেন, "আমি তোমার সঙ্গে থাকিব।" আর এটাই প্রয়োজন ছিল। তিনি গিয়েছিলেন, ঈশ্বরের বাক্য নিয়ে। কাজটি যতই বিপজ্জনক বলে মনে হোক না কেন, মোশি ঈশ্বরকে বিশ্বাস করতে থাকলেন। আর ঈশ্বর তাঁর বাক্য প্রমাণ করেছিলেন, মোশির মাধ্যমে, সত্য হতে। কারণ, যাই ঘটুক না কেন, মোশি বাক্যের সাথে সঠিক ছিলেন। যাত্রার সময়...

77 ঈশ্বর তাদের বলেছিলেন, মিশরেও, তিনি তাদের উদ্ধার করবেন, "একটি প্রতিশ্রুত দেশে, এক উত্তম দেশ, দুধ ও মধুতে পরিপূর্ণ।" আর এটা নিশ্চিত সেখানে ছিল। তারা জানত না যে এটা সেখানে আছে, কিন্তু তিনি বলেছিলেন, "এটা সেখানে আছে, আর আমি এটা তোমাদের দিয়েছি। এটা ইতিমধ্যে তোমাদের, শুধু যাও এটা দাবি করো!"

78 আর প্রান্তরে, যখন তাদের মধ্যে অনেকে বেরিয়ে আসে, আত্মায় নাচতে থাকে, যখন মরিয়ম খঞ্জনি বাজিয়েছিলেন; স্বর্গ থেকে মান্না খাচ্ছিলেন; আত্মায় মোশির গান শুনেছিলেন; অলৌকিক কাজ এবং চিহ্নগুলি সামনে হতে দেখেছিলেন। কিন্তু যখন এটি একটি চরম পরীক্ষায় আসে, ঈশ্বরের সম্পূর্ণ বাক্য বিশ্বাস করার জন্য, সমস্ত প্রতিশ্রুতি, তারা ব্যর্থ হয়েছিল।

তাদের মধ্যে মাত্র দুজন এটা বিশ্বাস করেছিল, তারা ছিলেন যিহোশূয় এবং কালেব। আর তারা প্রমাণ নিয়ে এসেছিল যে দেশটি উত্তম।

79 কিন্তু, পরিস্থিতি ছিল, এটাই তাদের বাধা দিয়েছিল। কারণ, তারা বলেছিল, "আমরা সেই দেশ নিতে সক্ষম নই, কারণ তাদের শহরগুলি প্রাচীর ঘেরা, সেখানে তাদের—তাদের—তাদের প্রতিনিধিরা। তাদের প্রতিনিধিরা নয়, কিন্তু তাদের—তাদের লোকেরা দৈত্যাকার। কেন, আমরা দেখতে ফড়িংয়ের মতো, তাদের পাশে।"

80 যিহোশূয় এবং কালেব বললেন, "আমরা এটা গ্রহণ করতে অধিক সক্ষম।" কেন? ঈশ্বর তাদের এটা দিয়েছিলেন, দৈত্য যত বড়ই হোক না কেন। বাধা তাদের কাছে কিছুই ছিল না। ঈশ্বর তাই বলেছেন! আর ঈশ্বর তাদের দ্বারা এটা প্রমাণিত করেছিলেন। আর

তারা সেখানে গিয়ে দেশ দখল করে, যেমন ঈশ্বর বলেছিলেন তারা এটা করবে। তিনি তাদের কাছে এটি প্রমাণ করেছিলেন।

81 এখন, যখন তারা এপ্রিল মাসে আসে, যখন জল পাহাড় থেকে নেমে আসছিল, তুষার প্রবাহ থেকে, ইত্যাদি, আর মনে হচ্ছিল যেন ঈশ্বর একজন অদক্ষ সেনাপতি, তাঁর সেনাবাহিনীকে ঠিক একটি স্থানে নিয়ে যাওয়ার জন্য, তিনি তাদের প্রতিশ্রুত দেশ থেকে বিচ্ছিন্ন করেছিলেন। আর যখন তিনি তাদের সেখানে নিয়ে আসেন, তাদের দখল করতে যাচ্ছিলেন, এটি বছরের সবচেয়ে খারাপ মাস ছিল। যে মাসে যর্দ্দন নদী তার তীর উপচে পড়ে, সেই মাসে ক্ষেতের মধ্য দিয়ে প্রবাহিত হয়। কেন, যদি তাদের ওপারে নিয়ে যেতে হয়, এটি গ্রীষ্মের সময় হবে, যখন তারা অতিক্রম করতে পারে। কিন্তু তিনি অপেক্ষা করলেন যতক্ষণ না জল গভীর হয়। তিনি দেখাতে পছন্দ করেন যে তিনি ঈশ্বর। তিনি তার বাক্য প্রমাণ করতে পছন্দ করেন, নির্বিশেষে।

82 ডাক্তার কি বলেছেন তাতে চিন্তা করবেন না, "আপনি ক্যান্সারে মারা যাচ্ছেন।" লোকটি এতটাই জানে। হয়তো আজ রাতে আপনাদের কারো জন্য জল গভীর। কিন্তু, মনে রাখবেন, ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন। ঈশ্বর তাঁর বাক্য রাখেন, এবং ঈশ্বর তাঁর বাক্য প্রমাণ করেন। এটা সত্য।

83 তিনি অপেক্ষা করেছিলেন যতক্ষণ না জল ঘোলা হয়ে যায়, যতক্ষণ না জল গভীর হয়ে যায় এবং তাদের মাথার উপর চলে যায়, ইত্যাদি, আর তারপর তিনি পথ খুলে দেন। তিনি তাদের সামনে গিয়ে পথ তৈরি করলেন।

84 তারা কিভাবে প্রবেশ করবে, যিরীহোতে, যখন এটি সব বন্ধ ছিল ? যিহোশূয় ভাবছিলেন। তিনি জানতেন যে ঈশ্বর তাকে এতদূর নিয়ে এসেছেন, পরবর্তী পদক্ষেপটি ঈশ্বরের।

85 একদিন, যখন তিনি বাইরে ঘুরছিলেন, দেয়ালগুলি দেখছিলেন, তখন তিনি একজন ব্যক্তিকে তার তলোয়ার নিয়ে দাঁড়িয়ে থাকতে দেখেছিলেন। আর তিনি তার তলোয়ার বের করে সেই লোকটির সঙ্গে দেখা করতে গেলেন, তিনি বললেন, "আপনি কার পক্ষে ? আপনি কি আমাদের পক্ষে আছেন নাকি আমাদের শত্রুর পক্ষে ?"

86 তিনি বললেন, "আমি সদাপ্রভুর সৈন্যের অধ্যক্ষ।" আর তিনি তাকে বললেন কি করতে হবে। কিভাবে তিনি তূরী বাজাবেন এবং প্রাচীর পড়ে যাবে, যাতে তারা তার উপর দিয়ে রথের দৌড় করতে পারে ? একটি তূরীর সঙ্গে কিছু কি করার আছে ?

87 ঈশ্বর এই ধরনের সহজ পদ্ধতি ব্যবহার করেন। এটা তাই, এর সরলতা, যা আমার কাছে এটি ঈশ্বর করে তোলে। আমরা সবসময় কিছু বড় কিছু খুঁজে বের করার চেষ্টা করি, কিছু করতে যাই, আর ঈশ্বর...কোন বড় সংগঠন পুরো বিষয়টি গ্রহণ করতে যাচ্ছে এবং এটি পরিষ্কার করতে যাচ্ছে। যখন, ঈশ্বর একজন সরল ব্যক্তিকে নেন, শুধুমাত্র একজন ব্যক্তি যাকে তিনি তার হাতে ধরে রাখতে পারেন, এবং তিনি প্রতিটি বাক্য প্রমাণ করবেন যা তিনি বলেছেন, এর দ্বারা। এইরকম সহজ ছোট পদ্ধতি গ্রহণ করেন!

88 "একটি তূরীর ধ্বনিত করা।" প্রাচীর খনন করে না, কিন্তু, "কেবল তূরীর ধ্বনি, আর দেয়াল পড়ে যাবে। তূরীর ধ্বনি দেয়াল ভেঙ্গে ফেলবে।" দৈহিক ব্যক্তির কাছে কত মূর্খতা! কিন্তু ঈশ্বর প্রমাণ করেছিলেন যে তাঁর বাক্য সত্য ছিল, কারণ দেওয়াল পড়ে গিয়েছিল, একটি অন্যটির উপরে। তারা সোজা উঠে গিয়ে শহর দখল করল।

89 ওহ, ঈশ্বর নিজেকে ঈশ্বর হিসাবে প্রমাণ করতে পছন্দ করেন! যিহোশূয় সেটা জানতেন। একদিন, যখন তিনি সেখানে দাঁড়িয়ে ছিলেন, সবচেয়ে বড় আপার্তবৈপরীতা যা ঘটেছিল, যীশু খ্রীষ্টের মৃত্যু, সমাধি এবং পুনরুত্থানের বাইরে। যখন শত্রু...তিনি তাদের পরাস্ত করেছিলেন, এবং বিভিন্ন সৈন্যবাহিনী পাহাড়ে ছিল। তিনি তাদের পরাস্ত করেছিলেন, আর সূর্য অস্ত যাচ্ছিল। ওহ, আমার, জেনারেল যিহোশূয়ার জন্য এটা কি একটি সময় ছিল!

90 মনে রাখবেন, তিনি সেই দেশের সাথে যুদ্ধ করেছিলেন, একটি হাসপাতাল, একজন নার্স, একটি প্রাথমিক চিকিৎসা ব্যাণ্ডেজ, অথবা একজন আহত ব্যক্তি ছাড়াই। আমাকে এমন কিছু বলুন যা সেটিকে হারাতে পারে। হ্যাঁ, মহাশয়। তার কখনই কোন হাসপাতাল ছিল না, কোন নার্স ছিল না, এবং তিনি কখনই কোন মানুষকে হারাননি, যতক্ষণ তারা প্রভুর ইচ্ছা এবং বাক্যে গমনাগমন করেছিল। ঈশ্বর প্রমাণ করেছিলেন যে তিনি তাদের সঙ্গে ছিলেন। সেটা ঠিক। এখন লক্ষ্য করুন।

91 আর আমরা খুঁজে পাই যে যিহোশূয় জানতেন, যদি রাত আসে, তারা ঘুরে দাঁড়াবে এবং একে অপরের সাথে মিলিত হবে, আর—আর নিজেদেরকে একত্রিত করে আরেকটি বড় সৈন্যদল তৈরি করবে, আর পরের দিন তাদের সঙ্গে তার খুব খারাপ সময় যাবে। তিনি জানতেন না কি করতে হবে, তাই তিনি ঈশ্বরের দিকে তাকালেন। তার সাহায্যের প্রয়োজন ছিল, আর স্থির থাকার জন্য তার সেই সূর্যের প্রয়োজন ছিল। তাই তিনি সেই সূর্যকে স্থির থাকতে

আদেশ দিলেন, আর...বললেন “চন্দ্র অয়ালোনের উপর স্থগিত হও,” তিনি আদেশ না দেওয়া পর্যন্ত স্থির থাকো। আর চন্দ্র ও সূর্য চব্বিশ ঘন্টা স্থির ছিল, যখন যিহোশূয় যুদ্ধ করছিলেন এবং শত্রুকে জয় করছিলেন, কারণ তিনি সঠিক কর্তব্যের মধ্যে ছিলেন। তার এটা করার অধিকার ছিল, কারণ তিনি ঈশ্বরের আদেশ পালন করছিলেন।

92 আর যতক্ষণ আপনি কর্তব্যের লাইনে আছেন, ঈশ্বরের বাক্য পালন করছেন, তিনি আপনাকে যা করতে বলেছেন ঠিক তাই করছেন, ঈশ্বরের আদেশ অনুসারে, আপনার সেই পাহাড়কে বলার অধিকার আছে, “উপড়িয়া যাও !”

93 ঈশ্বর তাঁর বাক্য রাখেন। “তুমি যদি এই পর্ব্বতকে বলো, ‘উপড়িয়া যাও,’ মনে সন্দেহ করিও না, কিন্তু বিশ্বাস কর যে আপনি যা বলেছেন তা ঘটবে, আপনি যা বলেছেন তা পেতে পারেন।” যীশু বলেছেন সেটি, মার্ক ১১:২২ এ। এটাই সত্য। আমি জানি এটাই সত্য। এটি ঈশ্বরের বাক্য, এবং এটি প্রমাণ করে যে এটি সত্য। আমরা মাঝে মাঝে ভয় পাই। আমরা একটি স্থানে পৌঁছে যাই, আমরা ভয় পাই যে তিনি সেই বাক্য রাখবেন না। তিনি সেই বাক্য রাখবেন। তিনি বলেছিলেন যে তিনি এটা করবেন। এখন, আমরা খুঁজে পাই যে এটি সত্য। তিনি এটা প্রমাণ করেছেন।

94 যিশাইয়ের ভবিষ্যদ্বাণী, একবার, যা এমন কিছু যা কখনও ঘটেনি; আগে কখনও ঘটেনি, আর তখন থেকে কখনও ঘটেনি। তিনি বলেছিলেন, “এক কুমারী গর্ভবতী হইবে।” আপনি কি কল্পনা করতে পারেন যে একজন মহিলা, একজন পুরুষকে না জেনে, একটি সন্তান ধারণ করবে ? যিশাইয় বলেছেন, “এক কুমারী গর্ভবতী হইবে।”

আর ঈশ্বর একজন কুমারীকে গর্ভধারণ করিয়ে ছিলেন, তাঁর বাক্যকে সত্য প্রমাণ করার জন্য। তিনি তাঁর বাক্য প্রমাণ করেছিলেন, কারণ একজন কুমারী গর্ভবতী হয়েছিল এবং সে পুত্রকে জন্ম দিয়েছিল।

95 এখন, সেই বাক্য দেহকে তৈরি করেছে, দেখুন এটা কি করেছে। যখন সেই পুত্র আবির্ভূত হন, তিনি স্বয়ং বাক্য ছিলেন। “আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন। আর বাক্য দেহধারন করিয়া আমাদের মধ্যে বাস করিলেন।”

96 তিনি সেই জীবন্ত বাক্য ছিলেন। তিনি প্রমাণ করেছিলেন যে তিনি সেই জীবন্ত বাক্য। তিনি সেই দিনের সেই শিক্ষকদের বলেছিলেন, “কে আমাকে পাপের দোষে দোষী করিতে পারে ?”

*পাপ* হল "অবিশ্বাস।" "কে আমাকে বলতে পারে যে আমি অবিশ্বাসী ? আমার বিষয়ে লেখা প্রতিটি বাক্য পূর্ণ হয়েছে।" তাঁর জীবনের শেষ সাতটি ভবিষ্যদ্বাণী শেষ সাত ঘন্টায় পূর্ণ হয়েছিল, ক্রুশের উপর। সবকিছু তাঁর বিষয়ে লেখা হয়েছিল, পূর্ণ হয়েছিল, কারণ তিনি বাক্য ছিলেন। তিনি প্রমাণ করেছেন যে তিনি ছিলেন, ছিলেন। তিনি অসুস্থদের সুস্থ করেছিলেন। তিনি মৃতদের জীবিত করেছিলেন। তিনি মৃত্যু, নরক এবং কবর জয় করেছিলেন। তিনি প্রমাণ করেছিলেন যে তিনিই বাক্য।

এখানে যায়ীরের বাড়িতে এই ঘটনাটি লক্ষ্য করুন। তিনি ছিলেন...তিনি তাদের সত্য বলেছিলেন। আমরা তাকে দেখি যখন তিনি সমুদ্র পার হয়েছিলেন। তিনি ভিতরে আসেন।

97 পাহাড়ের উপরে একজন মহিলা ছিলেন, যিনি তার সমস্ত অর্থ চিকিৎসকদের কাছে ব্যয় করেছিলেন। নিঃসন্দেহে, সেই মহিলাকে সুস্থ করার জন্য চিকিৎসকেরা যা জানতেন তা করেছিলেন; সম্ভবত ইব্রীয় চিকিৎসকরা, এবং তিনি একজন ইব্রীয় মহিলা ছিলেন, তাই তারা তাদের বোনের জন্য যথাসাধ্য করেছিলেন। যদিও, এই রক্তের সমস্যা বন্ধ করার জন্য তাদের কাছে কিছুই ছিল না, যা, সম্ভবত, একটি মেনোপজ সময় ছিল এবং তার রক্ত প্রবাহিত হয়েছিল যতক্ষণ না সে...ছোট্ট ব্যক্তিটি এত দুর্বল ছিল যে সে আর এগিয়ে যেতে পারেনি। আর সে যীশুর কথা শুনেছিল। আর যখন সে ছোট নৌকাটিকে উইলোতে ধাক্কা দিতে দেখল, তখন সে খোঁজ করতে সেখানে গেল।

98 তাঁর অনেক সমালোচক সেখানে দাঁড়িয়ে ছিলেন। আর তিনি আজ সমালোচকদের থেকে মুক্ত নন। যদি তারা জানতেন তিনি কে, তারা তাঁর সমালোচক হতেন না। কিন্তু তারা তাঁর সমালোচক ছিলেন কারণ তারা জানত না তিনি কে।

আর আজ বার্তাটি ঠিক সেই রকম, অনেক ভালো পুরুষ এবং মহিলারা এর সমালোচনা করেন কারণ তারা জানেন না এটি কি।

99 যীশু বলেছেন, "তোমরা যদি মোশিকে জানিতে, তবে আমাকেও জানিতে। মোশি আমার বিষয়ে বলেছিলেন। অনেক মহাপুরুষ এই দিনটি দেখতে চেয়েছিলেন। যদি আমি আমার পিতার কার্য্য না করি, তবে আমাকে বিশ্বাস করিও না। আমার কাছে বড় সাক্ষ্য আছে," তিনি বলেছিলেন, "যোহনের সাক্ষ্য অপেক্ষা, আমি যে কার্য্য করিতেছি, তা প্রমাণ করে যে পিতা আমার সঙ্গে আছেন।" তার কাছে আরও বড় কাজ ছিল, কারণ তিনি চিহ্নিত হয়েছিলেন।

যোহনকেও চিহ্নিত করা হয়েছিল, প্রান্তরে একজন ক্রন্দনের রব হিসাবে। কিন্তু যখন তিনি আসবেন, তিনি সেই ভাববাদী ছিলেন যার কথা মোশি বলেছিলেন।

আমি অন্য রাতে যেমন বলেছিলাম, তিনি তিনটি নামে আসেন; ঈশ্বরের পুত্র, মনুষ্যপুত্র এবং দায়ূদের পুত্রের নাম।

100 যখন তিনি এখানে পৃথিবীতে ছিলেন, প্রথমবার, তিনি মনুষ্যপুত্র ছিলেন। তখন তিনি ঈশ্বরের পুত্র হতে পারেননি; তিনি কখনই নিজেকে দাবি করেননি। তিনি বলেছিলেন যে তিনি “মনুষ্যপুত্র।” যখন কেউ তাকে প্রশ্ন করত, তিনি বলেছিলেন, “তুমি মনুষ্যপুত্রকে দেখিতেছ; মনুষ্যপুত্র।” এখন, “মনুষ্যপুত্র” একজন *ভাববাদী।* তাকে সেই পথে আসতে হয়েছিল, কারণ, শাস্ত্র, তিনি শাস্ত্রের বিপরীতে আসতে পারেন না।

101 এই কারণেই, আজ, আমাদের—আমাদের এই সময়ের বার্তা ধর্মতত্ত্ববিদ এবং ধর্মতত্ত্বের মাধ্যমে আসতে পারে না, এটি একই জিনিসে ফিরে আসতে হবে যা এটি করার প্রতিশ্রুতি দিয়েছে। এটা সেই ভাবে হতে হবে।

102 তাই আমরা দেখতে পাই যে, এই মানুষের মধ্যে, তাকে একজন ভাববাদী হতে হয়েছিল। সেখানে ঈশ্বরের পুত্র নয়, তাকে মনুষ্যপুত্র হতে হয়েছিল। যিহোবা স্বয়ং ভাববাদীদের, যিরমিয় এবং তাদের, “মনুষ্যপুত্র” বলেছিলেন। “তোমরা যখন মনুষ্যপুত্রকে দেখবে...” “মনুষ্যপুত্র কে ?” তারা জিজ্ঞাসা করতে থাকল।

103 তখন, তিনি মনুষ্যপুত্র হিসাবে তাঁর পদে কাজ করেছিলেন। তারপর তিনি ঈশ্বরের পুত্র হিসাবে এখন তাঁর পদে কাজ করছেন। ঈশ্বর একজন আত্মা, এবং যখন তিনি এখন মণ্ডলীর যুগের মধ্য দিয়ে সেবা করছেন, ঈশ্বরের পুত্র হিসাবে। এখন, সহস্রাব্দে, তিনি দায়ূদের পুত্র হবেন, যখন তিনি দায়ূদের সিংহাসনে বসবেন। তিনি সিংহাসনের উত্তরাধিকারী হবেন, দায়ূদের পুত্র। মনুষ্যপুত্র, ঈশ্বরের পুত্র, দায়ূদের পুত্র, এবং এটি সর্বদা একই ব্যক্তি।

104 ঠিক যেমন পিতা, পুত্র এবং পবিত্র আত্মা; ঈশ্বরের কার্যালয়। তিনি ঈশ্বর পিতা ছিলেন, তারপর তিনি ঈশ্বর পুত্র হয়েছিলেন, এখন তিনি ঈশ্বর পবিত্র আত্মা। তিন ঈশ্বর নয়; এক ঈশ্বর, তিনটি প্রকাশ, একই ঈশ্বরের তিনটি গুণাবলী।

এখন আমরা খুঁজে পাই, এবং এই সময়ে যখন আমরা এখন বাস করছি, ঈশ্বর তাঁর বাক্যকে ঠিক একইভাবে রাখেন যেমন তিনি তখন করেছিলেন।

105 আমরা জানতে পারি যে তিনি সমুদ্র পেরিয়ে আসেন। এই মহিলা তাকে বিশ্বাস করেছিলেন, তার ভিতরে কিছু ছিল যা আঘাত করতে শুরু করেছিল। তার কাছে এর জন্য কোন শাস্ত্র ছিল না, যিহোশূয় সূর্যকে থামানোর চেয়ে আর অধিক কোন শাস্ত্র ছিল না, কিন্তু সে তার হৃদয়ে বিশ্বাস করেছিল যে তিনি ঈশ্বরের পুত্র। তাই সে বলল, "যদি আমি কেবল তাঁর বস্ত্র স্পর্শ করতে পারি, তবে আমি সুস্থ হব।" তাই সে ভিড়ের মধ্য দিয়ে ধাক্কা দিয়ে প্রবেশ করে যতক্ষণ না সে তাঁর পোশাক স্পর্শ করে, এবং রক্তপাত বন্ধ হয়ে যায়।

106 এখন, তিনি দর্শকদের দিকে তাকালেন, কে তাকে স্পর্শ করেছে তা খুঁজে বের করার জন্য। কোন সন্দেহ নেই, কেউ ছিল। তিনি থামলেন। সমস্ত লোকেরা তাঁর কাছে ভিড় করছে; আর কেউ কেউ তাকে নিয়ে ঠাট্টা করছে, কেউ তাকে নিয়ে উপহাস করছে; যাজক দাঁড়িয়ে তাকে প্রশ্ন করছেন, এবং পাদরিরা, এবং আরও অনেকে। কিন্তু কিছু লোক ছিল যারা তাকে বিশ্বাস করেছিল। আর, আর কিছুক্ষণ পর তিনি থামলেন, হঠাৎ, ঘুরে দাঁড়ালেন, বললেন, "কে আমাকে স্পর্শ করেছে?"

107 তাদের মধ্যে কেউ কেউ বলল, "কেন, প্রভু!" আমি বিশ্বাস করি এটা পিতর বলেছিলেন, "কেন, সমস্ত লোক আপনার কাছে চাপাচাপি করে ভিড় করছে। কেন, কে আপনাকে 'স্পর্শ করেছে'? কেন, সবাই আপনাকে স্পর্শ করছে!"

তিনি বললেন, "কিন্তু আমি বুঝতে পারি যে সদ্‌গুণ আমার কাছ থেকে চলে গেছে।" তিনি দুর্বল হয়ে পড়েন। এটি একটি ভিন্ন ধরনের স্পর্শ ছিল।

108 আমরা যদি শুধু এটাই দেখতে পেতাম, ভাই, বোন! যদি আপনি তাকে সেই নির্দিষ্ট স্পর্শে স্পর্শ করতে পারেন! ওহ, অসুস্থ ব্যক্তিরা, আমি আপনার জন্য প্রার্থনা করার জন্য ঠিক করছি, মাত্র কয়েক মিনিটের মধ্যে। আমি বিশ্বাস করি যে আমার কাছে পবিত্র আত্মা আছে, আপনি ঠিক সেখানে যা পেয়েছেন তার চেয়ে অধিক পবিত্র আত্মা আর নেই, এই লোকেরা এখানে যা পেয়েছে। একই পবিত্র আত্মা, কিন্তু এটা ঈশ্বরের একটি আদেশ; আর যদি আপনি বিশ্বাস করেন যে এটি ঈশ্বরের আদেশ, অসুস্থদের জন্য প্রার্থনা করা এবং তাদের উপর হাত রাখা, এবং মন্দ আত্মাদের তাড়ানোর জন্য, আর তিনি যে প্রতিশ্রুতি দিয়েছেন, আপনার সাথেও একই জিনিস হবে। আপনি যা যাচ্ঞা করেন তা পাবেন, যদি আপনি এটি বিশ্বাস করতে পারেন।

"আপনি কি বিশ্বাস করতে পারেন যে আমি এটা করতে সক্ষম?" যীশু বলেছেন।

109 "হ্যাঁ, প্রভু, আমি বিশ্বাস করি," মৃগীরোগে আক্রান্ত শিশুটিকে নিয়ে লোকটি বললেন, "আমি বিশ্বাস করি যে, আপনিই ঈশ্বরের পুত্র যিনি জগতে আসার কথা।" এখন, আমরা জানি যে ফলাফল আনার জন্য সেটি শুধুমাত্র সেই মনোভাব গ্রহণ করতে পারে।

110 এখন, দ্রুত, আসুন এক মুহূর্ত তাঁর কথা ভাবি, এখানে তিনি তাঁর উপরে উঠার পথে আছেন। একজন যাজক নেমে আসেন, কোন সন্দেহ নেই কিন্তু সেই ছোট্ট ব্যক্তিটি একজন সীমারেখায় বিশ্বাসী ছিলেন।

111 আজ পৃথিবীতে তাদের অনেক রয়েছে, সামান্য সীমারেখায় বিশ্বাসী। তারা এটা বিশ্বাস করতে চায়। তারা বিশ্বাস করতে চায় যে পবিত্র আত্মা বাস্তব। তারা বিশ্বাস করতে চায় এটি প্রেরিতদের পদক্ষেপ, যেমন ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছিলেন শেষ সময়ে তিনি তাঁর আত্মা ঢেলে দেবেন। আমরা...তিনি মালাখি ৪এ বিশ্বাস করতে চান, যে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, শেষ সময়ে—আদি পেন্টিকোস্টাল বিশ্বাস পুনরায় মণ্ডলীতে—সেখানে পুনরুদ্ধার করা হবে।

112 মালাখি ৪ এটা দাবি করে। "দেখ, আমি শেষ দিনে তোমাদের নিকটে এলিয়কে প্রেরণ করিব," সেটা ঠিক, "আর তিনি সন্তানদের বিশ্বাস পুনরায় পিতাদের নিকটে ফিরিয়ে দেবেন," দেখুন, "সন্তানগণের প্রতিও পিতৃগণের বিশ্বাস।" দেখুন, এটা হতে হবে।

আপনারা বলেন, "ঠিক আছে, তিনি ছিলেন যোহন বাপ্তিস্মদাতা।" না, না।

113 যোহন বাপ্তিস্মদাতা ছিলেন মালাখি ৩। সেটা ঠিক। মথি ১১ পদ তাই বলে, "যদি তোমরা গ্রহণ করতে পার, তবে ইনিই সেই ব্যক্তি যাঁর বিষয়ে বলা হয়েছে, দেখ, আমি আমার সম্মুখে আমার দূতকে পাঠাইতেছি।'" এটা এলিয় ছিলেন, অবশ্যই। যীশু বলেছেন এটা ছিল। কিন্তু মালাখি ৪ এর এলিয় নয়, মোটেও।

114 কারণ, "সেই বার্তার পরপরই, পৃথিবী অগ্নিতে দগ্ধ হইবে, এবং ধার্ম্মিকগণ দুষ্টদের ছাইের উপর গমন করিবে।" তাই এটা যোহনের সময়ে কখনও ঘটেনি। আমাদের একটি বার্তা ফিরিয়ে আনতে হবে এবং এই সমস্ত ধর্মসম্প্রদায়ের অবস্থা থেকে মানুষকে বের করে আনতে হবে, আসল, প্রকৃত পেন্টিকোস্টাল বিশ্বাসে ফিরে আসতে হবে। আর আমরা এটি সম্পন্ন হতে দেখছি, এটি একটি শাস্ত্রের

পরিপূর্ণতা যা হতে হবে। সমস্ত শাস্ত্র অবশ্যই পূর্ণ হতে হবে। এর মধ্যে আমরা আরও কতজন আবেদন করতে পারি, এটা দেখানোর জন্য এখন আমার সময়ের চেয়ে বেশি সময় লাগবে। কিন্তু আপনি এই বিষয়গুলি বুঝতে পেরেছেন, যে এটি ঠিক এইভাবে ঘটতে হবে, অব্রাহামের সন্তানদের কাছে, ঠিক যেমন তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন।

115 আমরা দেখি যীশু এখন ছোট মেয়েটিকে সুস্থ করার জন্য সেখানে যাচ্ছেন। কারণ, পিতা, সেই সীমান্তরেখায় বিশ্বাসী, এমন কিছু একটি স্থানে আসে যে তাকে যীশুকে স্বীকার করতে হয়, তাই, ডাক্তার তাকে ছেড়ে দিয়েছিলেন। আর তিনি তার ছোট্ট কালো টুপি পরে চলে গেলেন এবং তিনি যীশুকে খুঁজে পান কিনা তা দেখার জন্য বের হলেন। দেখুন, যখন আপনি তাকে চান তিনি সবসময় সেখানে আছেন। তিনি তাকে এইমাত্র তীরে আসতে দেখেছিলেন।

116 আর তিনি বললেন, "আমার ছোট মেয়ের কাছে আসুন, তার উপর আপনার হাত রাখুন, আর সে সুস্থ হয়ে উঠবে।" বললেন, "সে মৃত্যুর মুখে শুয়ে আছে। সে আমার একমাত্র সন্তান।" বললেন, "সে বারো বছর বয়সী। আমাদের আর কোন সন্তান নেই। স্ত্রী ও আমি," সম্ভবত, "বৃদ্ধ হয়ে যাচ্ছি। আর এটাই আমাদের একমাত্র সন্তান, আর সে মৃত্যুর মুখে শুয়ে আছে। প্রভু, আমি আপনাকে বিশ্বাস করি। যদি আপনি তার উপর আপনার হাত রাখেন, সে সুস্থ হয়ে যাবে।"

দেখুন, তিনি কি চিনতে পেরেছেন ? তিনি স্বীকার করেছিলেন যে ঈশ্বরের সেই প্রতিশ্রুত বাক্য এই ব্যক্তির মধ্যে প্রকাশিত হয়েছিল।

117 ঠিক একইভাবে যেমন নীকদীম বলেছেন, "রব্বি, গুরু, আমরা জানি আপনি একজন শিক্ষক ঈশ্বরের কাছ থেকে আগত। আমরা এটা জানি। ফরীশীরা তা জানে।" কেন তারা এটা স্বীকার করেনি ? "আপনি যাহা করিতেছেন, তা কেহ করিতে পারিবে না, যদি ঈশ্বর তাঁহার সহিত না থাকিতেন। আমরা জানি যে আপনি ঈশ্বরের কাছ থেকে আগত।"

118 এখানে আমরা খুঁজে পাই যে যায়ীর একই জিনিস বিশ্বাস করতেন। তিনি বললেন, "আসুন আপনার হাত রাখুন।" তিনি জানতেন যে ঈশ্বর তাঁর মধ্যে আছেন। "আমার সন্তানের উপর আপনার হাত রাখুন। যদিও সে মৃত্যুর মুখে, সে জীবিত থাকিবে।"

119 তিনি শুধু তার সঙ্গে হাঁটলেন। আর যখন তিনি যাচ্ছিলেন, এখানে একজন সংবাদবাহক এসে বললেন, "তাকে কষ্ট দিও না,

প্রভুকে আর কষ্ট দিও না। সেই—সেই মেয়েটি, মারা গেছে, সে এখন চলে গেছে। সে চলে গেছে।"

যীশু যায়ীরের দিকে ফিরে বললেন, "আমি কি তোমাকে বলিনি, 'যদি তুমি বিশ্বাস কর, তবে তোমরা ঈশ্বরের মহিমা দেখিতে পাইবে' ? যদি তোমরা এটি বিশ্বাস কর !"

120 তিনি ঘরে প্রবেশ করলেন, আর সেখানে তারা সবাই বিলাপ করছিল এবং ক্রন্দন করছিল, ঠিক যেমন কোন ব্যক্তি করবে। একটি সুন্দর ছোট্ট মেয়ে, একজন পালকের মেয়ে, মারা গিয়েছিল, আর তাকে এই পৃথিবী থেকে নিয়ে যাওয়া হয়েছিল। আর সে সম্ভবত কয়েক ঘন্টা ধরে মারা গিয়েছিল, আর তারপর তারা তাকে শয্যায় শুইয়েছিল, এবং তার শরীরে সুগন্ধিপ্রলেপ দিতে প্রস্তুত ছিল, সম্ভবত, এবং তাকে দূরে রাখার জন্য, সমাধিস্থ করতে।

তারপর আমরা দেখতে পাই যে যীশু ঘরে প্রবেশ করেন। তারা সবাই কাঁদছিল। তিনি বললেন, "শান্ত হও।" তিনি বললেন, "সে মারা যায়নি, কিন্তু সে ঘুমিয়ে আছে।"

121 এখন আপনি কি কল্পনা করতে পারেন তারা কি ভেবেছিল ? "কেন, এই লোকটিকে আমরা এখন জানি। আমরা জানি যে সে একজন অবৈধ সন্তান। আর আমরা তার সম্বন্ধে শুনেছি, তার সমস্ত দ্রুত ভবিষ্যদ্বাণী যা তিনি করেন। আর এখন আমরা জানি যে যাজক সঠিক বলেছেন, 'লোকটি পাগল,' কারণ আমরা জানি যে সে মারা গেছে। ডাক্তার তাকে 'মৃত' ঘোষণা করেছে এবং সেখানে সে শুয়ে আছে। সে চলে গেছে, আর আমরা জানি সে মারা গেছে।" তারা বলেছিল, তারা তাকে অবজ্ঞা করার জন্য উপহাস করেছিল, অন্য কথায়, তাঁর সমালোচনা করে তাঁকে বিব্রত বোধ করিয়েছিল।

122 কিন্তু তিনি বলেছিলেন যে সে মারা যায়নি। এটাই প্রয়োজন হয়। "সে ঘুমিয়ে আছে।" যতই সমালোচক হোক না কেন, তিনি তাঁর বাক্য প্রমাণ করতে যাচ্ছেন ! তিনি তাদের সবাইকে ঘর থেকে বের করে দেন, সমস্ত অবিশ্বাসীদের দূরে সরিয়ে দেন। পিতর, যাকোব ও যোহন, বিশ্বাসীদের, তিনজন সাক্ষী এবং পিতা ও মাতাকে, ভিতরে গিয়ে মেয়েটির হাত ধরেন, এবং এমন একটি ভাষায় কথা বলেছিলেন যা তার আত্মাকে বাইরে অনন্ত কালের কোথাও থেকে ফিরিয়ে আনে। আর মেয়েটি জীবিত হয়।

123 তিনি কি করেছিলেন ? তিনি তাঁর বাক্য প্রমাণ করেছিলেন। তিনি যা বলেছেন তা প্রমাণ করেছিলেন। সে মারা যায়নি। সে ঘুমিয়ে ছিল। এখন আমরা খুঁজে পাই, এটি করে, উপলব্ধি করে, এবং

তিনি সেখানে অন্য কিছু প্রমাণ করেছিলেন। এখন তিনি প্রমাণ করেছিলেন যে তিনি ঈশ্বর। তিনি প্রমাণ করেছিলেন যে তাঁর পূর্বজ্ঞান ছিল। দেখুন তাঁর বাক্য এখন কি বলে। "সে মারা যায়নি, কিন্তু সে ঘুমিয়ে আছে।" দেখুন, সে মারা যায়নি, শুরু করার জন্য। সে ঘুমিয়ে ছিল। তাঁর পূর্বজ্ঞান দেখিয়েছিলেন। এখন, সেই একই সকালে হয়তো অনেক মেয়ে মারা গিয়েছিল, কিন্তু এই মেয়েটি মারা যায়নি। লাসারের মতো তিনিও ঘুমিয়ে ছিলেন। আর তিনি তাকে সেই ঘুম থেকে ডেকে আনলেন, কারণ সে মারা যায় নি।

124 "আর যে আমাতে বিশ্বাস করে, যদিও সে মৃত, তবু জীবিত হইবে; আর যে কেহ জীবিত থাকে ও আমাতে বিশ্বাস করে, সে কখনও মরিবে না।" শুধুমাত্র তারাই যারা মেষশাবকের জীবন পুস্তকে রয়েছে, যাদের তিনি মুক্ত করেছিলেন যখন তিনি মারা যান, তাদের ঘুম থেকে তিনি ডাকবেন, সেই দিন, যারা তাঁর শক্তি দ্বারা জীবিত হন, তাদের মধ্যে সেই জীবনদায়ক শক্তি নিহিত রয়েছে। এমনকি গত রাতে যেমন বলেছিলাম; এমনকি ইলীশায় মারা যাওয়ার পরেও, আর তার হাড় কবরে ছিল, সেই জীবনদায়ক শক্তি এখনও তার হাড়ে ছিল।

125 অবশ্যই, তিনি প্রমাণ করেছেন যে তিনি কে। এখন আমরা আবার খুঁজে পাই, একইভাবে, তিনি এটাও প্রমাণ করেছেন যে, ইব্রীয় ৪র্থ অধ্যায় এবং ১২ পদে, তিনি প্রমাণ করেছিলেন যে তিনি ঈশ্বরের বাক্য। তিনি অবশ্যই করেছিলেন। লক্ষ্য করুন তিনি কি করেছিলেন। ইব্রীয়, ১২, ইব্রীয় ৪:১২ বলে যে, "ঈশ্বরের বাক্য আধিক শক্তিশালী, দ্বিধার খড়গ অপেক্ষাও দ্রুত, এবং—এবং এটি হৃদয়ের চিন্তা ও অভিপ্রায়ের বিচারক।" এখন শুধু একটি মুহূর্ত দেখুন।

126 যখন তিনি প্রথম তাঁর সেবাকার্য শুরু করেন, যখন তিনি প্রকাশ করার জন্য বেরিয়ে আসেন যে তিনিই বাক্য, যখন তিনি তাঁর পরীক্ষা থেকে প্রান্তর থেকে বেরিয়ে আসেন, তখন পিতর নামে একজন ব্যক্তি ছিলেন, তার নাম ছিল শিমোন। আর তিনি তার ভাই আন্দ্রিয়কে নিয়ে যীশুর কাছে আসলেন। আর যখন তিনি যীশু খ্রীষ্টের উপস্থিতিতে চলে আসেন, যীশু বললেন, "তোমার নাম শিমোন। আর তোমার পিতার নাম যোহন। এখন থেকে তোমাকে পিতর বলা হইবে।" এটা প্রমাণ করে যে তিনি বাক্য ছিলেন, কারণ বাক্য হল হৃদয়ের চিন্তা ও অভিপ্রায়ের বিচক্ষণকারী। তিনি বাক্য ছিলেন।

127 ফিলিপ এটা ঘটতে দেখেছিলেন। তিনি পাহাড়ের পাশে দিয়ে

গেলেন, একদিন চলে গেলেন, আর ফিরে আসেন। আর তিনি নথনেল নামে এক বন্ধুকে সঙ্গে আনলেন। আর তিনি বললেন, “এই বিষয়গুলি সত্যিই ঘটছে। মোশি বলেছিলেন ‘আমাদের ঈশ্বর সদাপ্রভু তাঁর মতো একজন ভাববাদী উৎপন্ন করবেন’, আর এখানে সেই মানুষটি। কেন, তিনি শিমোনকে বলেছিলেন যে তিনি কে, এমনকি তার পিতা কে ছিলেন, আর আমরা জানি যে তিনি যা বলেন তা সত্য। কারণ, ঈশ্বর এটা বাক্যে বলেছেন, আর এখানে এটা প্রমাণিত হয়েছে যে তাকে সেটা করতে হবে, আর এটাই প্রমাণ করে যে তিনিই মশীহ।”

আর যখন তিনি তাঁর সান্নিধ্যে চলে গেলেন, যীশু তাকে বললেন, বললেন, “দেখ, একজন ইস্রায়েলীয়, যাহার মধ্যে কোন ছলনা নাই।”

তিনি বললেন, “রব্বি, আপনি আমাকে কখন চিনলেন ?”

বললেন, “ফিলিপ তোমাকে ডাকার আগে, যখন তুমি গাছের নীচে ছিলে, আমি তোমাকে দেখেছি।” তিনি তাঁর বাক্য প্রমাণ করেছেন। তিনি ঈশ্বরের বাক্য প্রমাণ করেছিলেন। তিনি করেছিলেন।

128 কূপের ধারে মহিলা, যখন তার...ঠিক আছে, তিনি তাকে কলস থেকে জল পান করার জন্য যাচ্ঞা করেছিলেন যে কলস থেকে সে জল তুলছিল, আর সে বলল, “তোমরা ইহুদিদের জন্য এটা প্রথা নয় আমরা শমরীয় নারীদের কাছে এমন কিছু জিজ্ঞাসা করা, কারণ আমাদের কোন বার্তালাভ নেই।”

তিনি বললেন, “কিন্তু তুমি যদি জানতে তুমি কার সঙ্গে কথা বলছো, তাহলে আমার কাছে পানীয় চাইতে।”

সে বলল, “কূপটা গভীর।”

আর সেই কথোপকথন, যখন এটি এগিয়ে যেতে থাকে, অবশেষে তিনি খুঁজে পান তার সমস্যা কি। আর তিনি বললেন, “যাও তোমার স্বামীকে নিয়ে এসো, আর এখানে এসো।”

সে বলল, “আমার কোন স্বামী নেই।”

তিনি বললেন, “তুমি সত্য বলেছ, কারণ তোমার পাঁচজন ছিল, আর তুমি এখন যার সঙ্গে আছো সে তোমার স্বামী নয়।”

129 “কেন,” সে বলল, “মহাশয়, আমি বুঝতে পারি যে আপনি একজন ভাববাদী।” সে...“আমরা চারশ বছর ধরে একজনও পাইনি, আপনি জানেন।” বললেন, “আমি বুঝতে পারি যে আপনি একজন ভাববাদী। এখন, আমরা জানি যে যখন মশীহ আসবেন,

যাকে খ্রীষ্ট বলা হয়, যখন তিনি আসবেন, তিনি আমাদের এই ধরণের বিষয়গুলি বলবেন। এটাই হবে তাঁর চিহ্ন।"

যখন তিনি বললেন, "আমিই তিনি যিনি তোমার সঙ্গে কথা বলছে," তিনি তাঁর বাক্য প্রমাণ করেছিলেন। তিনি...তিনি যা দাবি করেন আমরা তা প্রমাণ করি। তিনি ছিলেন মশীহ, ঈশ্বরের পুত্র।

130 এখন আমরা খুঁজে পাই, এছাড়াও, এই মহিলার এই রক্তের সমস্যা ছিল, যে তাঁর পোশাক স্পর্শ করেছিল, যা তার কাছে প্রমাণিত হয়েছিল যে তিনি ঈশ্বরের বাক্য।

131 এখন মনে রাখবেন, আজ রাতে, যীশু বলেছেন...এছাড়াও, ইব্রীয়তে, ১, ইব্রীয় ৩য় অধ্যায়, আমি বিশ্বাস করি এটা, তিনি বলেছিলেন যে, "তিনি এখন মহাযাজক," এই যুগে আমরা এখন বাস করছি, "একজন মহাযাজক স্বর্গে ঈশ্বরের মহিমায় বসে আছেন, যাকে আমাদের দুর্বলতার অনুভূতি দ্বারা স্পর্শ করতে পারি।"

ইব্রীয় ১৩:৮ বলে, "তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই।" তিনি সেই একই ঈশ্বর যিনি তখন ছিলেন। আজ রাতেও তিনি একই।

132 যোহন ১৪:১২, তিনি বলেছেন, "যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে। ইহার চেয়েও অধিক সে করিবে, কারণ আমি পিতার নিকটে যাইতেছি।" দেখুন? "যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে।"

133 মথি ২৮, তিনি বলেছেন, "আর অল্প কাল হইলে জগৎ আর আমাকে দেখিতে পাইবে না, তবু তোমরা আমাকে দেখিতে পাইবে, কারণ আমি পৃথিবীর শেষ পর্যন্ত তোমাদের সঙ্গে থাকিব।"

134 যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই। তিনি দাঁড়িয়ে আছেন, আজ রাতে, তাঁর বাক্য প্রমাণ করার জন্য। (আমার সময় চলে গেছে।) কিন্তু তিনি প্রমাণ করেছেন যে তিনি পারেন। তিনি তখন তাঁর বাক্য প্রমাণ করেছিলেন, তিনি সেই দিনের জন্য যা প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি যিশাইয়ের কথা প্রমাণ করেছিলেন। তিনি নোহের কথা প্রমাণ করেছিলেন। তিনি মোশির কথা প্রমাণ করেছিলেন। তিনি ভাববাদীদের প্রতিটি কথা প্রমাণ করেছিলেন।

135 তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এই দিনে, যেদিন আমরা বাস করছি, যে পৃথিবী সদোমের অবস্থায় থাকবে, সমকামীদের। আজ পৃথিবীতে এটি দেখুন, সারা বিশ্বে যেখানে আমি ভ্রমণ করি; শুধু এখানে নয়, সর্বত্র। এটা সংকটপূর্ণ। সুইডেনে, যুবক এবং মহিলারা সম্পূর্ণ নগ্ন হয়ে স্কিইং করতে যান। আর তারা জার্মানিতে এবং

ফ্রান্সে, এবং অন্য সব জায়গায়, এটা প্রায় এক ধরনের অখ্যাতিপূর্ণ যা আমাদের এখানে মার্কিন যুক্তরাষ্ট্রে রয়েছে। এটা একটা বয়স। আমি, যদি আমি কখনও ফিরে আসার সুযোগ পাই, আমি আপনার কাছে কিছু ভবিষ্যদ্বাণীমূলক বিষয়ে কথা বলতে চাই, আপনাকে দেখানোর জন্য যে, আমরা যে যুগে বাস করছি। বাইবেল বলে যে, "সন্তানরা তাদের পিতামাতাকে শাসন করবে।" [টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

136 ...বাক্য। কিন্তু, মনে রাখবেন, অব্রাহামের একটি বংশ ছিল, সেই বংশ ছিল ইস্হাক। সারার মৃত্যুর পর তার কাছে অন্য বীজ ছিল। আর তিনি একশো পঁয়তাল্লিশ বছর বয়সে, তিনি অন্য মহিলাকে বিয়ে করেছিলেন, কন্যা ছাড়াও তার সাত পুত্র ছিল, কারণ ঈশ্বর তাকে একশো বছর বয়সে যুবক হিসাবে ফিরিয়ে দিয়েছিলেন। তখন তার বয়স আবার মাত্র পঁয়তাল্লিশ বছর হয়ে যায়, তখন তিনি...আমরা সেটা জানি। আমি এখানে ক্যালিফোর্নিয়ায় আপনাদের কাছে সেটা প্রচার করেছি, বছর খানেক আগে।

137 আর এখন আমরা বুঝতে পারি যে অব্রাহামের বংশ সারার মাধ্যমে আক্ষরিক যৌন বীজ ছিল না, যিনি ইস্হাক ছিলেন, যিনি একটি জাতি তৈরি করেছিলেন, কিন্তু রাজবংশ প্রতিশ্রুতির দ্বারা ছিলেন, যিনি যীশু খ্রীষ্ট ছিলেন। আর সেই বীজের মাধ্যমে, তিনি একটি রাজকীয় বংশ উত্থাপন করেছিলেন। ওহ, আমার! এখন আমরা একটি রাজকীয় যাজকত্ব, একটি রাজকীয় জাতি, একটি পবিত্র জাতি, ঈশ্বরের প্রশংসা করি, আমাদের ওষ্ঠের বলিদান তাঁর নামের প্রশংসা করে। ঈশ্বর তাঁর বাক্য প্রমাণ করেছেন, তিনি আমাদের উপর পবিত্র আত্মা ঢেলে দিয়েছেন।

138 তিনি বলেছেন, "সদোমের সময়ে যেমন হয়েছিল, মনুষ্যপুত্রের প্রকাশের দিনেও সেই রূপ হইবে।" এখন আপনি কি লক্ষ্য করেছেন? ঈশ্বরের পুত্রের কাছ থেকে, তিনি দায়ূদের পুত্র হওয়ার ঠিক আগে, তিনি নিজেকে আবার মনুষ্যপুত্র হিসাবে প্রকাশ করেন। আপনি কি শাস্ত্র লক্ষ্য করেছেন?

139 কারণ, তিনি সর্বদা করেন, তিনি কখনই কিছুই করেন না যদি না তিনি তাঁর দাসদের ভাববাদীদের কাছে এটি প্রকাশ করেন। ঠিক তাই। এটাই তাঁর প্রতিশ্রুতি ছিল। দেখুন? তিনি কখনও কিছুই করেন না...ঈশ্বর মিথ্যা বলতে পারেন না। তিনি সর্বদা এটি প্রকাশ করেন, প্রথমে, তিনি এটি করার আগে।

140 আজ আমরা কোন পরিস্থিতিতে বসে আছি তা দেখুন। দেখুন

আমরা কোথায় আছি। আপনারা প্রত্যেকে স্বীকার করবেন আমরা একটি আধুনিক সদোমে আছি। আপনারা জানেন এই দেশ, এর জন্য রয়েছে। সেখানে...আশাতীত; এই জাতির বা অন্য কোন জাতির জন্য কোন পরিত্রাণ অবশিষ্ট নেই। আমরা এখন এর বাইরে। এই বিষয়ে যে ভবিষ্যদ্বাণী করা হয়েছে, তা পূর্ণ হয়েছে। ঈশ্বর কুড়াচ্ছেন, সেই শেষ ছোট্ট মেষটি যেখানেই থাকুক না কেন নিয়ে আসছেন। সকলে প্রবেশ করবে, একদিন। আমরা শেষ সময়ে আছি। দেখুন, অবস্থানগতভাবে।

141 আমি আপনাকে বলছি, একজন ভাই অথবা বোন হিসাবে, আমরা এই লোকদের জন্য প্রার্থনা করার আগে, এক মুহূর্ত, আরও বিশ্বাস নিয়ে আসার জন্য। আর আমি জানি আমাদের কোন নির্দিষ্ট সময়ে যেতে হবে না। কিন্তু আমি—আমি—আমি প্রার্থনার লাইন শুরু করতে চাই, তাহলে আপনাদের যাদের যেতে হবে তারা যেতে পারেন। দেখুন ? আপনারা যারা প্রার্থনা লাইনে থাকতে চান তারা থাকতে পারেন। কিন্তু শুধু আমাকে, একজন ভাই হিসাবে, আপনাদের কিছু মুহূর্তের জন্য নির্দেশ দিতে দিন।

142 যীশুকে দেখুন, লূক ১৭:৩০ এ, দেখুন, যখন তিনি সেখানে শেষ সময়ের কথা বলছিলেন, নোহের সময়ে তারা কেমন ছিল। তারপর তিনি বলেছেন, "আর যেমন, একইভাবে, সদোমের দিনে," বলেছেন, "যখন মনুষ্যপুত্র প্রকাশিত হবেন।" পুনরায় মনুষ্যপুত্র, ঈশ্বরের পুত্র নয়। "মনুষ্যপুত্র," দেখুন, এটি আবার মালাখি ৪ নিয়ে আসে, সরাসরি পুনরায়। এই সমস্ত অন্যান্য ভবিষ্যদ্বাণী সঠিকভাবে আসছে, এটি কীভাবে হওয়ার কথা। তিনি তাঁর বাক্যকে তাই প্রমাণ করেন। সেটা ঠিক।

143 আর লক্ষ্য করুন, এটি করার সময়, তিনি কীভাবে সমস্ত মানুষের উপর তাঁর আত্মা ঢেলে দিতে চলেছেন, এবং কি ঘটতে যাচ্ছে, কিভাবে পুনরুদ্ধার ফিরে আসবে। "তোমাদের পুত্রকন্যাগণ ভাববাণী বলিবে। আমি আমার দাস ও দাসীদের উপর আমার আত্মা সেচন করিব। আর আমি আকাশে স্বর্গে চিহ্ন দেখাইব।"

144 আমি এখানে একটি ছবি পেয়েছি, ভাই লি ভ্যালের এখানে। আমি আপনাকে দেখাতে চাই যে পাহাড়ে কি ঘটেছিল, অন্য দিন, যখন সমস্ত স্কুলের বাচ্চারা বেরিয়েছিল, এই মহান বিষয় উন্মোচিত হওয়ার ঠিক আগে, সেই সপ্ত মুদ্রা। যখন স্কুলের বাচ্চারা বেরিয়ে আসে, উপরে সেখানে প্রার্থনা করছিলাম, এখানে একটি ফানেলের মধ্যে আগুন নেমে আসছিল, তারপর ফিরে গিয়ে ফেটে যায়, আর ফিরে এসে আবার নিচে নেমে আসে। এটাই তিনি

বলেছিলেন যা গিয়ে লোকদের বলতে হবে। আমরা...সেখানে এটা রয়েছে, যেখানে টুকসনের স্কুল...আর যেখানে এটা আকাশে উঠে গিয়েছিল।

145 আর বিজ্ঞান ছবিটি তুলেছিল, ইত্যাদি, এবং এই বিষয়ে প্রশ্ন করেছিল। তারা বলেছিল, "এটা কোথায়? কি হয়েছে?" তারা এটা বের করতে পারে না, দেখুন। ওহ, এটা এক কোণে করা হয়নি, শুধুমাত্র অন্ধকার বিবেক। এটা কখনোই...যীশু, যখন তিনি এখানে ছিলেন, লক্ষ লক্ষ মানুষ কখনোই জানতেন না যে তিনি পৃথিবীতে আছেন। হ্যাঁ। আজ লক্ষ লক্ষ হবে যারা বুঝতে পারে না, তাদের লক্ষ লক্ষ।

146 কিন্তু সেখানে থাকবে, যাদের কাছে তাঁকে পাঠানো হয়েছে, তারা বুঝতে পারবে। "জ্ঞানবানেরা সেই দিন আপন ঈশ্বরকে জানিবে, আর তাহারা বলবান হইয়া কার্য্য করিবে।" আমরা সেটি বুঝতে পারি, আমরা এখন যে সময়টিতে বাস করছি।

147 এখন সদোমের দিকে দেখুন, দেখুন কি হয়েছে। তিনি বললেন, "সদোমের সময়ে যেমন হয়েছিল।" সেখানে একদল লোক ছিল যারা একটি প্রতিশ্রুত পুত্রের সন্ধান করছিল। আমরা সেটা বিশ্বাস করি। সেটা ছিল অব্রাহাম এবং তার দল। সেখানে একটি কদুষ্ণ দল ছিল, লোট, অর্ধেক পিছিয়ে পড়া, তবুও একজন বিশ্বাসী; সেখানে সদোমে। তিন শ্রেণীর মানুষ।

148 সেখানে সবসময় তিনটি শ্রেণী থাকে। হাম, শেম, যাফতের লোকেরা। এছাড়াও, বিশ্বাসীরা, ভণ্ড-বিশ্বাসীরা, এবং অবিশ্বাসীরা। তারা সর্বত্র আছে, আর আমরা—আমরা প্রতিটি দলে তাদের খুঁজে পাই। আর, সর্বত্র, আপনি তাদের খুঁজে পাবেন। আর সেই দলগুলি এখনও এখানে আছে। আপনাকে সেটা ভাগ করতে হবে। আপনি এটিকে শাস্ত্রের মাধ্যমে নিতে পারেন, ঠিক নিজেকে এর মধ্যে মিলিয়ে দেয়।

149 এটা শুনুন। আজ রাতে আমরা কোথায় বসে আছি তা দেখুন, অবস্থানগত এবং ভবিষ্যদ্বাণীমূলকভাবে। এখন, আমরা প্রত্যেকেই জানি যে পৃথিবী সদোমীয় অবস্থায় রয়েছে।

আমরা ইস্রায়েলের সমস্ত ভবিষ্যদ্বাণী জানি, তার জন্মভূমিতে। আপনি যদি জাতীয়ভাবে জানতে চান আমরা কোথায় দাঁড়িয়ে আছি, ইস্রায়েলকে দেখুন, এটি কোথায় রয়েছে।

150 আপনি যদি গির্জার অবস্থা জানতে চান, মহিলারা কীভাবে আচরণ করে তা দেখুন। সে হল সেই গির্জা। তাকে দেখুন,

অনৈতিক, অশ্লীল; দেখুন, গির্জাটি কোথায় আছে তা দেখুন। শুধু এটা দেখুন, দেখুন, দেখুন, শুধু মহিলাদের দেখুন। আপনারা দেখতে পাচ্ছেন কোথায়, কিভাবে আপনাদের মহিলারা অধঃপতিত এবং এত দূষিত হয়ে যায়, আপনার মণ্ডলীর এই রকম রয়েছে, দেখুন, সেই ধরন।

151 দেখুন ইস্রায়েল কোথায় রয়েছে, আপনি সময় চিত্রটি দেখুন আমরা কোথায় রয়েছি। দেখুন, শুধু সেই চিহ্ন এবং আশ্চর্য কাজগুলি দেখুন। যদি আপনি—যদি আপনি, অথবা যদি আপনার চোখ খোলা থাকে, দেখুন আমরা কোথায় আছি।

152 এখন অবস্থানগতভাবে দেখুন আমরা যেখানে অবস্থান করছি, বিশ্ব সদোম অবস্থায়। এখন লক্ষ্য করুন, "যেমন এটি ছিল।" এখন লক্ষ্য করুন, সেখানে কেউ একজন ছিলেন, সেই দিন, একটি প্রতিশ্রুত পুত্রের জন্য অপেক্ষা করছিলেন। অব্রাহাম এবং সারা, তারা অব্রাহামের দলের মধ্যে একটি প্রতিশ্রুত পুত্রের জন্য আশা করছিল। তারা সদোমে ছিল না। কিন্তু ঠিক সেই মুহূর্তে, ঘটনার শেষ অধ্যায়, প্রতিশ্রুত পুত্রের আগমনের ঠিক আগে, স্বর্গ থেকে তিন ব্যক্তি নেমে এসেছিলেন, একজন স্বর্গদূত...দুইজন স্বর্গদূত ও ঈশ্বর। আর তারা নেমে এসে অব্রাহামের সঙ্গে কথা বললেন, ওক গাছের নীচে। এটা কি ঠিক ? আর তাদের মধ্যে দুজন সদোমে গিয়ে শহরের পাপের বিরুদ্ধে চিৎকার করলেন। আর এটা ছিল পরজাতীয় জগতকে জ্বালিয়ে ফেলার ঠিক আগে, সেই সময়ে। সমস্ত সদোম ঠিক তখনই ধ্বংস হয়ে যায়। মাত্র কয়েকজনকে বের করে আনা হয়েছিল, লোট এবং তার দুই কন্যাকে। তার স্ত্রীও কখনো এটা করতে পারেনি; সে ফিরে গিয়েছিল। আমি আপনাদের এই মুহূর্তে দেখানোর জন্য সময় পেতে চাই, যেখানে সেই মণ্ডলী সেই অবস্থানে দাঁড়িয়ে আছে। আমি চাই আপনারা এখন লক্ষ্য করুন।

153 আর একজন ব্যক্তি পিছনে ছিলেন, যিনি অব্রাহামের সাথে কথা বলেছিলেন, আর তিনি অব্রাহামের কাছে একটি চিহ্ন দেখান। আর, দেখুন, অব্রাহাম অনেক মহান চিহ্নে ঈশ্বরকে দেখেছিলেন। আমরা এটা বিশ্বাস করি, তাই না ? আসন্ন পুত্রের ঠিক আগে। কিন্তু পুত্র প্রকাশিত হওয়ার আগে, তাকে একটি চিহ্ন দেওয়া হয়েছিল।

154 কারণ, পুত্র, প্রকৃত পুত্র, ঈশ্বরের পুত্র হতে হবে, অব্রাহামের বিশ্বাসের মাধ্যমে, দেখুন, যীশু ছিলেন। আমরা অব্রাহামের বংশ হয়ে, খ্রীষ্টে মৃত, আমরা অব্রাহামের বংশ।

155 এখন লক্ষ্য করুন যে এটি সংঘটিত হওয়ার ঠিক আগে, এই

পুত্র আসবে। এখন, এই যিনি অব্রাহামের সাথে অবস্থান করেছিলেন এবং কথা বলেছিলেন, তিনি তাম্বুর দিকে পিঠ করে ছিলেন, আর তিনি বলেছিলেন, "অব্রাহাম।" এখন, তার একদিন আগে, তিনি ছিলেন অব্রাম। এখন তিনি বললেন, "অব্রাহাম, তোমার স্ত্রী সারা কোথায়?" সারী নয়, স-আ-র-আ। স-আ-র-আ, রাজকন্যা। "তোমার স্ত্রী সারা কোথায়?"

বললেন, "সে আপনার পিছনে তাম্বুতে রয়েছে।"

156 তিনি বললেন, "আমি তোমার কাছে ফিরিয়া আসিব, দেখুন, আমার প্রতিশ্রুতি অনুসারে যা আমি তোমাকে দিয়াছি।" অন্য বাক্যে, "জীবনের সময়, সারা আবার তার সাধারণ জীবনের সময় শুরু করবে।"

157 আর সারা, বৃদ্ধা হয়ে, এখন একশ বছর বয়সী, তাম্বুতে, তার আস্তিন খুলে হাসলেন। দেখুন, সে মনে মনে হেসেছিল, বলল, "সেই মানুষটা কিভাবে সঠিক হতে পারে? দেখুন, আমি একজন বৃদ্ধা, সেখানে আমার প্রভু অব্রাহাম, তাছাড়াও বৃদ্ধ, পারিবারিক বিষয় বহু বছর ধরে চলে গেছে।" বললেন, "কিভাবে আমি আবার আমার প্রভুর সঙ্গে প্রসন্ন হতে পারি? সে বৃদ্ধ, আর আমি বৃদ্ধা, ধারণক্ষমতার বাইরে, দুগ্ধ শিরা চলে গেছে, প্রতিটি...'সে শুকিয়ে গিয়েছিল।' আমরা কিভাবে আবার আনন্দ পেতে পারি?"

158 আর সেই ব্যক্তিটি, তাম্বুর দিকে পিঠ ফিরিয়ে বললেন, "সারা কেন হেসেছিল, এই বলে যে, 'এটি কেমন করে হতে পারে?'" এটা কি ছিল? বিচক্ষণতা, একটি ভবিষ্যদ্বাণীমূলক! দেখুন? দেখুন? সেটাই তিনি দেখেছিলেন।

159 এখন তিনি বলেছেন, "তিনি পুনরায় আসবেন, এবং মনুষ্যপুত্র," যা তিনি ছিলেন, সেই মনুষ্যপুত্র ঠিক সেখানেই ছিলেন। ঠিক আছে, তিনি তাঁকে এলোহিম বলেছিলেন, "সদাপ্রভু ঈশ্বর।" এলোহিম, যে কেউ জানেন যে এটি সঠিক, এলোহিম হলেন সদাপ্রভু ঈশ্বর। "আদিতে এলোহিম আকাশ ও পৃথিবী সৃষ্টি করিলেন," যিনি সর্বশক্তিমান। মনুষ্যপুত্র দেহধারণ করেছিলেন, সেখানে তিনি সেই সময়ে দেহ ধারণ করে দাঁড়িয়ে ছিলেন, থিওফ্যানির মতো, সেখানে দাঁড়িয়ে বুঝতে পারছিলেন যে সারা তার পিছনে তাঁবুতে কি বলছে। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন। দেখুন। অব্রাহামের রাজকীয় বংশকে একই জিনিস দেখার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

160 কিন্তু লোটকে লক্ষ্য করুন, সেখানে তার একজন বার্তাবাহকও

ছিলেন, তাদের মধ্যে দুজন সেখানে গিয়েছিলেন। তাদের মধ্যে একজন সেখানে যান, আর একজন তার সঙ্গে সেখানে যান, আর তারা প্রচার করেছিলেন এবং লোকদেরকে আসন্ন ক্রোধ থেকে পলায়ন করার জন্য আহ্বান করেছিলেন।

161 অবস্থানগতভাবে, পৃথিবী কখনই সেই অবস্থাতে আসেনি, যে দিন থেকে যীশু প্রতিশ্রুতি দিয়েছিলেন, এখন পর্যন্ত। আমি, এই ভবনে থাকতে পারেন এমন কোনো ঐতিহাসিককে জিজ্ঞাসা করতে চাই, অথবা আপনি যদি এই টেপেও শুনতে পান, এবং যে কোন সময় এটি শুনতে পান, দয়া করে আমাকে লিখুন। আমি এখন প্রায় ত্রিশ বছর ধরে ইতিহাস অধ্যয়ন করেছি, বাইবেলের ইতিহাস, আর এমন একজন ব্যক্তি কখনও ছিলেন না যাকে আমি গির্জার ইতিহাসে দেখেছি, সপ্ত মণ্ডলীর যুগের মাধ্যমে। যে আমরা এখন লায়দিকেয়াতে রয়েছি, আর আমরা সেটা জানি।

162 কখনও এমন একজন বার্তাবাহক ছিলেন না, যিনি সম্পূর্ণ গির্জায় গিয়েছিলেন, তার নামের শেষে হা-ম, এখন পর্যন্ত। গ্রা-হা-ম, বিলি গ্রাহাম। সেখানে মুডিস, ফিনি, সানকি, নক্স, লুথার এবং আরও অনেকে ছিলেন, কিন্তু কখনও হা-ম, "জাতিসমূহের পিতা।" এখন মনে রাখবেন, তিনি গ্রা-হা-ম (G-r-a-h-a-m), ছয়টি অক্ষর, কিন্তু অ-ব্রা-হা-ম (A-b-r-a-h-a-m) হল সাতটি অক্ষর। লক্ষ্য করুন, তারা সেখানে আছেন, বিলি গ্রাহাম, বিশ্বের—বিশ্বের সমস্ত অংশে যাচ্ছেন, এবং সদোম থেকে ডাকছেন, "বাইরে আসুন, আসন্ন ক্রোধ হইতে পলায়ন করুন।" এমন কোন লোক নেই যাকে আমি চিনি, ক্ষেত্রে, যিনি ঈশ্বরকে ধরে রেখেছেন, সেই ধার্মিকতার বাক্যে, যেমন বিলি গ্রাহাম করেন। তিনি তা উপস্থাপন করতে পারেন। তিনি এমন একজন ধর্মতত্ত্ববিদ নন, আমি অনুমান করি তিনি একজন ধর্মতত্ত্ববিদ, কিন্তু তিনি এত শক্তিশালী শিক্ষক নন, কিন্তু ঈশ্বর তার সঙ্গে আছেন, সেই মানুষটি রবিবার স্কুলের পাঠের মতো সেখানে দাঁড়িয়ে থাকবে, সেই লোকদের সম্মোহিত করে রাখবে, তিনি সময়ের ঈশ্বরের দাস। কার কাছে? প্রাকৃতিক মণ্ডলীর কাছে, সেটা সদোমে।

163 কিন্তু মনে রাখবেন, সেখানে একটি আধ্যাত্মিক মণ্ডলী ছিল, যারা সেই ধর্মসম্প্রদায়ের পোশাকে ছিল না। বাইরে আহূত গোষ্ঠী, এবং তারা একটি বার্তা পেয়েছে, এছাড়াও, এবং একটি বার্তাবাহক। আর এটা কি ছিল? হৃদয়ে যে চিন্তা ছিল তা উপলব্ধি করা। ঈশ্বর সর্বদা তাঁর বাক্য প্রমাণ করেন।

164 আসুন প্রার্থনা করি। প্রিয় স্বর্গীয় পিতা, এই গুরুত্বপূর্ণ মুহূর্তে,

যেখানে সিদ্ধান্ত নিতে হবে, সময় এগিয়ে চলেছে, আমরা জানি না আমাদের প্রভু কোন সময় আসতে পারেন। আর আমরা যেমন এই ভবিষ্যদ্বাণীগুলি দেখি যা তাঁর দ্বারা করা হয়েছে, আপনার ভাববাদীদের মাধ্যমে যুগে যুগে, এখন প্রকাশিত হচ্ছে। হে ঈশ্বর, আমি এর জন্য আপনাকে কত ধন্যবাদ জানাই, যে এমনকি সুস্থ দেহের মানুষ, ধর্মতত্ত্বে—দেখতে সক্ষম মানুষ, যারা বিশ্বের এবং অবিশ্বাসীদের কৌশলের বিরুদ্ধে দাঁড়াতে পারে, আর এই সভায়, এবং সন্দেহের ছায়ার বাইরে, সাহসী হয়ে এবং বীরত্ব সহ দাঁড়িয়ে আছেন, তারা কোথায় দাঁড়িয়ে আছেন তা জানেন এবং শাস্ত্র দ্বারা সেই বাক্যকে সত্য বলে প্রমাণিত করেন। আর তখন আমরা যারা আপনার আগমনের জন্য অপেক্ষা করছি, প্রভু, এই অন্যান্য বিষয়গুলিতে বিশ্বাস করে যা ভবিষ্যদ্বাণী করা হয়েছে যেগুলি ঘটবে, দাঁড়িয়ে এবং আপনাকে আমাদের মধ্যে গমনাগমন করতে দেখে উপভোগ করে এবং আপনি যা বলেছিলেন তা সম্পাদন করতে দেখে, আপনার বাক্যকে সঠিক বলে প্রমাণ করা। অনন্ত ঈশ্বর, আপনার অসুস্থ সন্তানরা এখানে বসে আছেন।

165 আমি জানি না আমাদের কাজ করার জন্য আর কত সময় আছে। সন্ধ্যার সূর্য অস্ত যাচ্ছে। কিন্তু আপনি ভাববাদীর কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন, "সন্ধ্যাকালে দীপ্তি হইবে।" আর আমরা দেখি একই সূর্য পূর্ব দিকে উদিত হয়, যেটি পশ্চিমে অস্ত যায়। সভ্যতা সূর্যের সঙ্গে ভ্রমণ করেছে আর এখন আমরা পশ্চিম উপকূলে আছি, আর সুসমাচার সভ্যতার সঙ্গে ভ্রমণ করেছে। এখন, পিতা, আমরা জানি এটি সুসমাচারের শেষ, সময়ের শেষ, যুগের শেষ। সে অনন্তকালে বিবর্ণ হয়ে যাচ্ছে। কিন্তু আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে পুত্র বেরিয়ে আসবে, মনুষ্যপুত্র প্রকাশিত হবেন। শেষ সময়ে, এটা ঘটবে। সন্ধ্যার আলো এসে গেছে, পিতা। আমরা এর জন্য আপনাকে ধন্যবাদ জানাই। এবং নম্রভাবে এটি যেমন, তবুও আপনি এটি এত সহজ করে করেন, অনেকবার, যে এটি মহান, তথাকথিত গভীর চিন্তাবিদদের উপর দিয়ে চলে যায়, এবং শিশুদের কাছে এটি প্রকাশ করে যারা শিখবে।

166 আমি প্রার্থনা করি, ঈশ্বর, আজ রাতে আপনি এটি এমন করবেন, যাতে আপনার দরিদ্র অসুস্থ শিশুরা ঈশ্বরের প্রতিশ্রুতি দেখতে পায়, এবং তাদের প্রত্যেকে সুস্থ হয়ে উঠবে, এবং আগামীকাল এখান থেকে বেরিয়ে যাবে, নতুন শক্তিশালী দেহ নিয়ে, এবং আবার সুস্থ হয়ে উঠবে। এটা প্রদান করুন, প্রভু, যাতে তারা একে অপরের কাছে বার্তা নিয়ে যেতে পারে, যতক্ষণ না

সেই শেষজন দলে আসে, আর তারপর দরজা বন্ধ হয়ে যাবে। আমাদের সাহায্য করুন, প্রিয় ঈশ্বর। আমি আজ রাতে, এই সবের মুখে আপনার কাছে প্রার্থনা করি, যদি আপনি আর একবার চান, পিতা, আমার জন্য।

167 এটা—এটা মনে হয়েছিল, অন্য রাতে, লোকেরা কখনই এটি খুব বেশি লক্ষ্য করেনি। কিন্তু, আমি প্রার্থনা করি, আজ রাতে এটা আবার ঘটুক, প্রভু। কারণ, আমি কথা বলার জন্য আমার অনেক সময় পার করেছি, কিন্তু আমি জানি না আর কতক্ষণ আমাদের এটি করতে হবে। তাই, আমি প্রার্থনা করি, পিতা, আপনি কি আমার কথা শুনবেন ? আর এই ধার্মিক পুরুষ এবং মহিলাদের প্রার্থনা শুনুন যারা আজ রাতে এখানে বসে আছেন, যারা আপনার আত্মায় পূর্ণ। তারা বিশ্বাসী, প্রভু, আপনি তাদের মধ্যে কাজ করতে পারেন। আর আমরা...আমি প্রার্থনা করি যে আপনি আপনার বাক্যকে নিশ্চিত করবেন যা আপনি বলেছেন, "যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে।" এটা আবার হতে দিন, যীশু, প্রমাণ করার জন্য যে আপনি কাল, আজ এবং অনন্ত কাল একই। আমি ঈশ্বরের মহিমার জন্য এই প্রার্থনা করি, তাঁর পুত্র, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

168 এখন, এক মুহূর্তের জন্য, আমি জানতে চাই এখানে কতজন লোকের কাছে প্রার্থনা কার্ড আছে। আমি—আমি চাই আপনারা আপনাদের হাত তুলুন, আপনাদের প্রত্যেকের কাছে প্রার্থনা কার্ড আছে। ঠিক আছে, এটা সাধারণত, আমি অনুমান করি, প্রায় সব শেষ।

169 আমি আশ্চর্য হই যে এখানে কতজন লোক আছেন যাদের কাছে প্রার্থনার কার্ড নেই, আর আপনিও অসুস্থ, আপনি কি আপনার হাত তুলে বলবেন, "আমার কাছে প্রার্থনার কার্ড নেই, আর আমি অসুস্থ। আমার প্রয়োজন রয়েছে।"

170 আমি আপনাকে এক মুহূর্তের জন্য শ্রদ্ধাশীল হতে বলতে চাই। এখন, আমি আপনার সাথে কথা বলতে ভালোবাসি। এটা সবসময় আমার সমস্যা, আমি খুব দীর্ঘ কথা বলি। কিন্তু আপনি আসার আগে, আমি—আমি আশা করব এবং বিশ্বাস করব যে ঈশ্বর এটি প্রমাণ করবেন এবং আমি যা বলেছি তা সত্য, আর—আর তাকে শুধু দেখতে দিন।

এখন, সেখানে কতজন বসে আছেন যারা অসুস্থ, যারা জানে যে আমি আপনাদের সম্পর্কে একটি বিষয়ও জানি না, আপনাদের

হাত উপরে তুলুন। শুধু সেটির দিকে দেখুন। ঠিক আছে।

আমি এখন আপনাদের চাই, যাদের প্রার্থনা কার্ড নেই। প্রার্থনা কার্ডগুলি ডাকা হবে। আমি চাই আপনারা প্রার্থনা করুন।

171 বাইবেল বলে যে, "যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।" তিনি বলেন, "তিনি একজন মহাযাজক সেখানে বসে আমাদের স্বীকারোক্তির উপর মধ্যস্থতা করছেন।" আমাদের প্রথমে এটি স্বীকার করতে হবে, তিনি মহাযাজক হওয়ার আগে, কারণ তিনি কেবল আমাদের স্বীকারোক্তির জন্য সুপারিশ করেন। এটা কি ঠিক, সেবক ভাইয়েরা? দেখুন, তিনি শুধুমাত্র আমাদের স্বীকারোক্তির উপর মধ্যস্থতা করেন, আমরা কি স্বীকার করি যে তিনি আছেন, তিনি আমাদের জন্য যা করেছেন। তিনি যা *করবেন* তা নয়। তিনি ইতিমধ্যে এটি করেছেন। আমাদের স্বীকার করতে হবে যে তিনি এটা করেছেন। "তিনি আমাদের অধর্ম্মের নিমিত্ত বিদ্ধ হইলেন, তাঁহার আঘাতে আমরা সুস্থ হইলাম।"

172 এখন, স্বর্গীয় পিতা জানেন। আর আপনার দিকে তাকিয়ে, আমি ওহাইও থেকে আমার একজন ভালো বন্ধুকে চিনতে পেরেছি, তিনি এবং তার স্ত্রী এখানে বসে আছেন, মিস্টার ডাউচ এবং তার স্ত্রী। আর আমি বিশ্বাস করি, তাদের থেকে দ্বিতীয় অথবা তৃতীয় স্থানে বসে, পুনরায় সেই রেভারেন্ড, মিস্টার ব্লেয়ার যাকে আমি গত রাতে দেখেছি। এটি শ্রোতাদের উপর অন্ধকার, আমার কাছে, এখানে এই আলোগুলির বিবরণ আমার কাছে কিছুটা অস্পষ্ট, আর আমি—আমি আপনাকে খুব একটা ভালো দেখতে পাচ্ছি না।

173 কিন্তু আমি চাই আপনারা প্রার্থনা করুন। আর আপনি আপনার হৃদয়ে সেই জিনিস রাখুন যা আপনার প্রয়োজন, আর আপনি আমাদের মহাযাজককে জিজ্ঞাসা করুন, আমাদের দুর্বলতার অনুভূতি দ্বারা যাকে স্পর্শ করা যায়।

174 এখন, আমি আপনাকে জানি না, আর আপনি আমাকে স্পর্শ করতে পারেন, আপনার ভাইকে স্পর্শ করার মতো, আপনার স্বামী, আপনার পালক, কেউ, এটা করবে না—এটা কোন উত্তম কিছু করবে না। কিন্তু আপনি যদি তাকে স্পর্শ করেন, আর আমরা যদি সত্যিই তাঁর আত্মার সাথে সঙ্গতিপূর্ণ হই, তাহলে তিনি আপনার বিশ্বাসকে তাকে স্পর্শ করার জন্য ব্যবহার করতে পারেন, এবং আমার দান, কথা বলার জন্য।

175 দেখুন, আমি এর মতোই নীরব থাকব, এটি *এখানে*, এর মধ্য দিয়ে কোন রব কথা না বলেই। সেখানে আছে...এটি, এটি নীরব

এমন কিছু না থাকলে যার মাধ্যমে এখানে কিছু বলার নেই। আর তাই যে কোন ব্যক্তি, একজন নীরব, যখন এই বিষয়গুলি আসে, যদি না ঈশ্বর তাদের মাধ্যমে কথা বলেন।

176 এখন আপনারা প্রার্থনা করুন, আর দেখা যাক আমি যা বলেছি তা সত্য কিনা। ঈশ্বর এটা হতে সাহায্য করুন। আমি বলি না যে তিনি করবেন। আমি আশা করি তিনি করবেন। আমি বিশ্বাস করি যে তিনি করবেন। তিনি আমাকে এখনও হতাশ করেননি, বছরের পর বছর ধরে, বিশ্বজুড়ে এবং সারা বিশ্বে, সব ধরনের জাতি এবং লক্ষ লক্ষ মানুষের সঙ্গে। তিনি এখনও আমাকে ব্যর্থ করেননি। আর আমি নিশ্চিত, ঠিক যতটা নিশ্চিত আমি বিশ্বাস করি আমি এখানে দাঁড়িয়ে আছি, তিনি এখন আমাকে ব্যর্থ করবেন না।

177 আমি আপনাকে শুধুমাত্র কয়েক মুহূর্তের জন্য শ্রদ্ধেয় হতে এবং বসে থাকতে বলতে যাচ্ছি। আমরা মূল শ্রোতাদের বরখাস্ত করতে যাচ্ছি এবং অসুস্থদের জন্য প্রার্থনা করতে যাচ্ছি, ঠিক এক মুহূর্তের মধ্যে।

178 কিন্তু আমি চাই, আপনারা বিশ্বাসীরা, আপনারা আমার দিকে না তাকিয়ে, কিন্তু বিশ্বাস করুন। বলুন, "আমি বিশ্বাস করি যে লোকটি যা বলেছে তা শাস্ত্র। আমি জানি না আমরা কতটা সময়ের উপরে আছি যতটা তিনি বলেছেন আমরা। কিন্তু, যদি এটা হয়, তাহলে এটা ঘটতে হবে। যদি তার বাক্য ঈশ্বরের বাক্য হয়, তাহলে, তার বাক্য ব্যর্থ হবে কিন্তু ঈশ্বরের বাক্য ব্যর্থ হবে না।"

179 ঈশ্বর তাঁর বাক্যকে সমর্থন করতে বাধ্য। তিনি এটা প্রমাণ করবেন। তিনি এটা প্রমাণ করবেন। "যে আমাতে বিশ্বাস করে।" তিনি প্রমাণ করেছেন যে এটাই শেষ দিন। তিনি প্রমাণ করেছেন কি ঘটবে। তিনি প্রমাণ করলেন যে এটি হওয়ার কথা ছিল।

180 আর, মনে রাখবেন, অব্রাহাম এবং তার দল ঈশ্বরের কাছ থেকে আর একটি চিহ্ন পায়নি, যতক্ষণ না প্রতিশ্রুত পুত্রের আগমন ঘটে। কতজন জানেন যে এটি সত্য? বিচক্ষণতার যে চিহ্ন! আর অব্রাহামের রাজবংশ, আমাকে আপনার কথা শুনতে দিন... আমাকে বলতে দিন, **সদাপ্রভু এই কথা কহেন**, আপনি আপনার শেষ চিহ্নটি গ্রহণ করছেন। এটা শাস্ত্র এবং ঈশ্বরের প্রকাশিত বাক্য অনুসারে যা আমার হৃদয়ে আছে, যা বলে যে এটাই সত্য। আর আমি বিশ্বাস করি যে আপনারা এটা সত্য বলে বিশ্বাস করবেন।

181 এখন আপনারা বিশ্বাস করুন। সবাই বিশ্বাস করুন, বলুন, "প্রভু যীশু, আমাকে আপনাকে স্পর্শ করতে দিন। আমার হৃদয়ে

প্রয়োজন আছে, আর আমি জানি ভাই ব্রানহাম আমার সম্পর্কে কিছুই জানেন না। আমি লোকটিকে চিনিও না, সে আমাকে চেনে না, কিন্তু আপনারা জানেন। আর যদি সে আমাকে সত্য বলে থাকে, তাহলে এটা ঘটবে।" আমি আপনাকে জিজ্ঞাসা করি, এখন নড়াচড়া করবেন না, কিছু সময়ের জন্য। বাস্তব হন...

দেখুন, আপনি আত্মা। আর আমি এখানে প্রতিটি আত্মাকে আমার নিয়ন্ত্রণে নিয়ে নিই, যীশু খ্রীষ্টের নামে, যেন তাঁর বাক্য পূর্ণ হয়।

এখন শুধু শ্রদ্ধেয় হোন। প্রার্থনা করুন। তাঁর দিকে দেখুন, বলুন, "প্রভু, আমি এটা বিশ্বাস করি। আমার অবিশ্বাসকে সাহায্য করুন।"

শুরু করা যাক। আমাকে এখানে ভবনের কিছু অংশে মনোনিবেশ করতে হবে, কারণ, দেখুন, আপনাদের মধ্যে অনেকে, আর আপনারা প্রত্যেকেই আত্মা।

182 আমি পারব না। আপনারা বলেন, "আমার বিষয়ে কি?" আমি আপনাকে বলতে পারিনি। এটা সার্বভৌম। ঈশ্বরের সমস্ত কাজ সার্বভৌম। এই প্ল্যাটফর্ম অতিক্রম করে অনেক লোক সুস্থ হবেন, আজ রাতে, সম্ভবত অনেকেই থাকবেন না। এটা সব ঈশ্বরের সার্বভৌম ক্ষমতায়। কে তাকে বলতে পারে কি করতে হবে? কেউ না। তিনি তার নিজের ইচ্ছা অনুযায়ী কাজ করেন, তার নিজের পরিকল্পনা অনুযায়ী।

183 কিন্তু আপনি শুধু বিশ্বাস করুন। নম্র হন। নার্ভাস হবেন না। শুধু ঈশ্বরের কাছে হাত বাড়িয়ে বলুন, "প্রভু ঈশ্বর, আমি এটা বিশ্বাস করি।" দেখুন? "আমাকে আপনার পোশাক স্পর্শ করতে দিন। আমার *অমুক-অমুক* প্রয়োজন আছে। আমি জানি ভাই আমাকে চেনেন না অথবা আমার প্রয়োজন জানেন না, কিন্তু তিনি আমাদের এই বিষয়গুলি সম্পর্কে বলেছিলেন যা আপনি করেছেন, এবং বলেছেন যে আপনি আজ এখানে একই আছেন।"

184 এটা আপনারা ভাইয়েরা এখানে প্ল্যাটফর্মে বাদ দেবেন না, আপনাদের কেউ। আমি শুধু আপনাদের জিজ্ঞাসা করছি, আমার ভাইয়েরা, খ্রীষ্টের সুসমাচারের—এর সহকর্মী হিসাবে। আমি আপনার সাথে ঠিক ততটাই আন্তরিকতার সাথে কথা বলছি যেমন আমি জানি, একজন—আপনার সাথে একজন মৃতপ্রায় ব্যক্তি হিসাবে, দেখুন, এই পৃথিবী ছেড়ে চলে যাচ্ছেন। আমাদের চলে যেতে হবে। আর আমি যা বলি তার জন্য আমাকে বিচারের দিনে হিসাব দিতে হবে। আমি এই বিষয়ে সচেতন, খুব সচেতন। আর

আমি আপনার প্রশংসা করি মহাশয়, আপনি যা, এখানে আমার সাথে দাঁড়িয়ে আছেন, আমাকে সাহায্য করছেন। আমি আপনাকে সাহায্য করার চেষ্টা করছি, আমি যা করতে পারি তা করার জন্য, ঈশ্বরের-রাজ্যের জন্য।

আমি প্রার্থনা করছি এবং জিজ্ঞাসা করছি।

এখানে, কতজন কখনও ছবিতে সেই আলো দেখেছেন? আপনি এর ছবি দেখেছেন? সেখানে এটা ঠিক *সেখানে* ঝুলে আছে। আপনি কি এটা দেখতে পাচ্ছেন না?

185 এটা সেই মহিলার উপরে আছে সেখানে তার রুমাল নিয়ে বসে আছেন। তিনি প্রিয়জনের জন্য প্রার্থনা করছেন। সেটা ঠিক, ভদ্রমহিলা। সেই প্রিয়জন...আপনি কি আমাকে তাঁর ভাববাদী বলে বিশ্বাস করেন, অথবা আমাকে ক্ষমা করবেন, তাঁর দাস? [বোন বলেন, "আমি অবশ্যই করি।"—সম্পাদকীয়।] আপনি এটা বিশ্বাস করেন? ঠিক আছে। এখন, যদি ঈশ্বর আমার কাছে প্রকাশ করতে পারেন কি সমস্যা রয়েছে, কেন, আপনি এটা ঈশ্বরের কাছ থেকে গ্রহণ করবেন, যেমন সেই স্ত্রীলোকটি যে তাঁর বস্ত্র স্পর্শ করেছিল? এখন, আপনি জানেন আপনি—আপনি আমার থেকে কুড়ি বা ত্রিশ ফুট দূরে, অথবা তার বেশি, আপনি আমাকে কখনও স্পর্শ করেননি। কিন্তু আপনি এমন কিছু স্পর্শ করেছেন, আপনি জানেন যে আপনি কিছু, কারো সংস্পর্শে আছেন। এটা কি, এটা একজন মহিলার জন্য, যিনি আপনার মেয়ে। সেটা ঠিক। আপনি কি বিশ্বাস করেন যে সে সুস্থ হয়ে উঠবে? সে একজন ডোপ আসক্ত। সেটা একদম ঠিক। আমি তাকে সাঁতার কাটতে দেখি, মত্ত হয়ে। দেখুন? এখন, আপনার হাতে যে রুমালটি আছে, আপনি তার উপর রাখুন এবং সন্দেহ করবেন না। আমি বিশ্বাস করি যে ঈশ্বর তাকে উদ্ধার করবেন। আপনি কি আমার সাথে এটা বিশ্বাস করবেন? আমেন।

এখন, আমি সেই মহিলাকে চিনি না, কিন্তু ঈশ্বর তাকে জানেন। আপনি কি এখন আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন?

186 লোকটি সেখানে বসে আছে ডোরাকাটা শার্ট পরে, হার্নিয়া সহ, আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে আরোগ্য দান করবেন এবং আপনাকে সুস্থ করবেন? আপনি কি বিশ্বাস করেন যে তিনি এটা করবেন? আমি আমার জীবনে কখনও লোকটিকে দেখিনি। আপনার কাছে কি একটি প্রার্থনা কার্ড আছে, মহাশয়? [ভাই বলেন, "না, আমার কাছে নেই।"—সম্পাদকীয়।] আপনার কাছে নেই? আপনার একটির প্রয়োজনও নেই।

"যদি বিশ্বাস করতে পারেন!"

187 এখানে একজন মহিলা বসে আছেন যিনি এই মহিলার উপর দিয়ে দেখার চেষ্টা করছেন। তিনি আমার কাছে অপরিচিত। কিন্তু তিনি সত্যিই নার্ভাস। আমি তাকে চিনি না। আমি তাকে কখনো দেখিনি, আমার জীবনে। কিন্তু ঈশ্বর তাকে জানেন, এবং সে বুঝতে পারে এখনই সে কোন কিছুর সংস্পর্শে রয়েছে। আপনি কোন কারণে সেখানে প্রার্থনা করছেন। আপনার যে কারণটি রয়েছে, আপনি আজ রাতের অতিরিক্ত থাকতে পারবেন না। আপনাকে অবশ্যই সভা ছেড়ে চলে যেতে হবে। আপনি আগামীকাল আপনার বাড়িতে যাওয়ার পরিকল্পনা করছেন। আপনি এখানকার নন, অথবা আপনি ক্যালিফোর্নিয়া থেকেও নন। আপনি এখান থেকে পূর্ব দিকে যাচ্ছেন। আপনি আকাশপথে যাচ্ছেন। আপনি পরিকল্পনা করছেন, আকাশপথে যাচ্ছেন। আপনি ওকলাহোমা থেকে এসেছেন। হ্যাঁ। সেটা ঠিক।

188 আপনিও মৃতপ্রায় অবস্থায় আছেন। আপনি এখানে প্রার্থনা করতে এসেছেন। আপনার কাছে প্রার্থনা কার্ড নেই। কিন্তু আপনি বিশ্বাস করেছিলেন যে আপনি সুস্থ হতে যাচ্ছেন, যদি আপনি এখানে আসতে পারেন। সেটা ঠিক। এছাড়াও, আপনার অবস্থা ক্যান্সার। ক্যান্সার হাড়ে রয়েছে। আপনি কি বিশ্বাস করেন যে আপনি এখন সুস্থ হতে যাচ্ছেন? আপনি কি বিশ্বাস করেন যে আপনি তাঁর সংস্পর্শে আছেন, আমার বোন? হয়তো ঈশ্বর আমাকে বলবেন আপনি কে, তাহলে এটা কি আপনাকে সাহায্য করবে? যদি এটা হয়, আপনার হাত উপরে তুলুন যদি আপনি বিশ্বাস করেন যে, (ঈশ্বর) এটি আপনাকে সাহায্য করবে। ঠিক আছে, মিসেস স্টিল, আপনি ওকলাহোমা ফিরে যেতে পারেন।

আমি ভদ্রমহিলাকে চিনি না। আমি তাকে কখনো দেখিনি।

189 এখানে একজন ভদ্রমহিলা তার পিছনে বসে আছেন। তিনি স্ফীত শিরায় ভুগছেন। আর তার একটি পুত্রও আছে যে একজন মদ্যপ, আর তিনি তার জন্য প্রার্থনা করছেন। যদি তিনি বিশ্বাস করেন, সে সুস্থ হতে পারে। মিসেস ম্যাসন, আপনি কি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করবেন, এবং বিশ্বাস করবেন যে যীশু খ্রীষ্ট আপনাকে আরোগ্যদান করবেন? আপনি করেন?

ঠিক আছে, তারপর আপনার পাশে বসে থাকা ভদ্রমহিলার উপর আপনার হাত রাখুন, তিনি তার স্বামীর জন্য প্রার্থনা করছেন যিনি পরিত্রাণ পাননি। ঈশ্বর আরোগ্য দান করবেন।

আসুন আমরা প্রার্থনা করি।

190 প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি তাকে সেই আশীর্বাদ প্রদান করবেন। সেই মহিলাকে তার হৃদয়ের আকাঙ্ক্ষা দিন, প্রভু। তার বিশ্বাস আপনার খুব কাছাকাছি, এটা আপনাকে স্পর্শ করেছে। আর আমি প্রার্থনা করি, পিতা, আপনি সাহায্য করবেন, যীশুর নামে। আমেন।

এখন আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন, যে আপনি এটি পেয়েছেন। আপনি কি সেটা করবেন ? ঠিক আছে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

আপনি কি বিশ্বাস করেন যে আপনার স্বামী রক্ষা পাবেন, ভদ্রমহিলা ? আপনি কি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন ? আপনার হাত উপরে তুলুন, আপনি করেন।

191 মনে হচ্ছে, আমার সামনে, একজন মহিলা যিনি খুব ভারী। সেখানে তিনি বসে আছেন। আপনি কি আমাকে ঈশ্বরের সেবক বলে বিশ্বাস করেন ? আপনি কি আমাকে ঈশ্বরের সেবক বলে বিশ্বাস করেন ? আপনারা করেন। ঠিক আছে। আমি আপনাকে চিনি না। আপনার সমস্যা হল, গ্রন্থি। আপনার ওজন বেশি। আপনি একজন ডাক্তারের কাছে গেছেন, তিনি বলেছিলেন যে তিনি এই বিষয়ে কিছুই করতে পারবেন না, কিন্তু তিনি একজন পার্থিব ডাক্তার ছিলেন। দেখুন ? আপনার...আপনার অনেক দুঃখ ছিল। আপনি আপনার স্বামীকে হারিয়েছেন। আপনি এখান থেকে আসেননি। আপনি সত্যিই আরকানসাস থেকে এসেছেন। আপনিও কাজ খুঁজছেন, আর আপনি কাজ খুঁজে পাচ্ছেন না। আপনি ভয় পেয়েছিলেন যে, কিছু, আপনাকে ডাকা হবে না। কিন্তু আপনার বিশ্বাস এখন ঈশ্বরকে স্পর্শ করেছে। আমার বোন, আপনি যান, বিশ্বাস করুন। ঈশ্বর আপনাকে একটি কাজ প্রদান করবেন, আপনার হৃদয়ের ইচ্ছা প্রদান করবেন।

ঈশ্বর তাঁর বাক্যকে সত্য বলে প্রমাণিত করেন। আপনি কি বিশ্বাস করেন যে এমন হবে ? এখন আমি চাই আপনারা আবার আমার সঙ্গে প্রার্থনা করুন।

192 পিতা ঈশ্বর, আপনি সেই একই ঈশ্বর যিনি প্রমাণ করেছেন। যখন আপনি বলেছিলেন, "মেয়েটি মরেনি, সে ঘুমিয়ে আছে," তখন আপনাকে এটি প্রমাণ করতে হয়েছিল। এখন, আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, শেষ সময় আসার ঠিক আগে, যেন মনুষ্যপুত্র সদোমে যেভাবে প্রকাশ করেছিলেন ঠিক একইভাবে

নিজেকে প্রকাশ করবেন। আপনি এটা প্রতিশ্রুতি দিয়েছেন, প্রভু। এখন আপনি পৃথিবীতে এসেছেন, পবিত্র আত্মার আকারে, এবং আজ রাতে আমাদের মধ্যে এসেছেন, আমরা বিশ্বাসী লোকেরা, এবং এটা প্রমাণ করেছি। আপনি আপনার বাক্য প্রমাণ করেছেন যেমন আপনি সেদিন করেছিলেন। প্রভু, আমাদের আর প্রমাণের প্রয়োজন নেই। আপনি আমাদের মধ্যে আছেন। আমরা আপনাকে ভালোবাসি। আর আমরা বুঝতে পারি যে এটি শাস্ত্র অনুসারে আপনার আগমনের ঠিক আগের শেষ চিহ্ন। এবং সমস্ত ছায়া ও ধরণ কখনই ব্যর্থ হয় না। তাদের ইতিবাচক হতে হবে।

193 তাই আমরা প্রার্থনা করি, পিতা, যেমন আপনার সন্তানরা এখন প্রার্থনা করতে এসেছেন, যেন প্রত্যেকেই সুস্থ হয়। এই নিরাময় সভা শেষে আমাদের মধ্যে একজন অসুস্থ ব্যক্তি যেন না থাকে। হে প্রিয় ঈশ্বর, আপনি কি আপনার অভিষেক এই মুহূর্তে আপনার লোকদের উপর অনুগ্রহপূর্বক হতে দেবেন, যেন তাদের প্রত্যেকে সুস্থ হতে পারে ?

194 আর যদি এখানে কিছু লোক থাকে, যারা এখনও আপনার সন্তান নয়, এবং এই বিষয়গুলির ভিত্তিতে, যে...তারা বাক্য শুনেছেন এবং কাজটি দেখেছেন, ঠিক অক্ষরে প্রমাণিত, এবং আপনি কে এবং আপনি কি, আপনি এখানে আছেন।

195 আর, প্রভু, আপনি কি—আপনি কি মিথ্যাকে আশীর্বাদ করবেন ? কেন, অবশ্যই না, প্রভু। কিন্তু আপনি আপনার বাক্যকে আশীর্বাদ করার প্রতিশ্রুতি দিয়েছেন, এবং এটি অকার্যকর হবে না। এটা তা সম্পন্ন করবে যার জন্য এটি উদ্দেশ্য ছিল। আর এখন আপনি আমাদের সামনে এটি করেছেন, আজ রাতে, কোন সন্দেহের ছায়ার বাইরে।

196 আর আমাদের মাথা নত করে, এখানে কি এমন লোক আছেন যারা আগে কখনও বিশ্বাস করেনি, যিনি শুধু আপনার হাত উপরে তুলতে চান ? আপনার মাথা নত করে, শুধু আপনার হাত উপরে তুলুন। আর আপনার পায়ে দাঁড়ান, আর বলুন, "আমি এখন বিশ্বাস করি, আমার সমস্ত হৃদয় দিয়ে। আর আমি এখনই যীশু খ্রীষ্টকে গ্রহণ করতে চাই।" আপনি কি তা করবেন, যে কোন ব্যক্তি, যে কোন ব্যক্তি যারা এখানে আছেন, যারা এখনও খ্রীষ্টকে গ্রহণ করেনি, আর এখন এটা করতে চান ? আমি আপনাকে বলব না... আপনি আপনার পছন্দের মণ্ডলীতে যান। কিন্তু আমি আপনাকে যীশু খ্রীষ্টকে গ্রহণ করার জন্য বলছি যখন আপনি...আপনি সম্ভবত কখনই তাঁর কাছাকাছি হতে পারবেন না যতক্ষণ না আপনি তাকে

ব্যক্তিগতভাবে দেখতে পান যখন তিনি স্বর্গ থেকে তার দৃশ্যমান দেহে আসেন। আপনি কি এখন তাকে গ্রহণ করবেন যদি আপনি ইতিমধ্যে এটি না করে থাকেন ?

197 এখানে কেউ দাঁড়িয়ে নেই তা দেখে, আমি বিশ্বাস করি তাহলে আপনারা সবাই বিবেকী, বিচক্ষণ মানুষ হবেন এবং আপনারা কি করছেন তা উপলব্ধি করেন। আপনি যদি এর নীচে বসে থাকেন, আপনার মনে থাকবে, "তোমরা যদি মনুষ্যের সাক্ষাতে লজ্জিত হও, তবে আমি পিতার সাক্ষাতে লজ্জিত হব।" সেখানে কেউ দাঁড়িয়ে ছিলেন, হয়তো, হ্যাঁ, দর্শকদের মধ্যে, পিছনে।

198 প্রিয় ঈশ্বর, যারা হয়তো, আমি দেখতে পাচ্ছি না, যারা দাঁড়িয়ে আছে, তারা আপনাকে গ্রহণ করতে চায়। তারা বুঝতে পেরেছে, প্রভু, যে এই সময় পর্যন্ত এটি করা হয়নি, এবং এখন আপনি এটি নিশ্চিত করেন এবং প্রমাণ করেন যে এটি তাই। আমি প্রার্থনা করি, পিতা, যে তাদের হৃদয়ে, এই সময়ে অদ্ভুতভাবে চালিত হয়েছে... আমরা কেমন করে জানতে পারি কিন্তু এই শেষ ব্যক্তি যিনি ভিতরে আসেন ? এটি লস অ্যাঞ্জেলেসের জন্য শেষ হতে পারে। এটিই হতে পারে শেষ প্রাণ যিনি রাজ্যে জন্মগ্রহণ করবেন। সেই সময় কখন আসে আমরা জানি না। আর যখন এটা হবে, দরজা বন্ধ হয়ে যাবে, শরীর সম্পূর্ণ হবে। এটি একটি খামখেয়ালী শরীর বা খামখেয়ালী ভার্য্যা হবে না। এর শুধু সেই সদস্য থাকবে যাদের নাম জগৎপত্তনের আগে মেষশাবকের জীবন পুস্তকে রাখা হয়েছিল, যাকে যীশু নিতে এসেছিলেন, আদমের মতো, তার স্ত্রীকে বাঁচানোর জন্য বেরিয়ে এসেছিলেন। আমি প্রার্থনা করি, ঈশ্বর, আপনি তাদের এখন আপনার রাজ্যে গ্রহণ করবেন। তারা আপনার হাতে। তাদের সঙ্গে বার্তালাপ করুন, প্রভু, আমি যীশুর নামে প্রার্থনা করি। আমেন।

199 ঈশ্বর আপনাদের প্রত্যেককে আশীর্বাদ করুন যারা দাঁড়িয়ে আছেন। আমি জানতাম না আপনাদের কেউ কেউ দাঁড়িয়ে আছেন। কেউ পিছনে দাঁড়িয়ে, কেউ বারান্দায়। এখন আমি চাই আপনি আমার জন্য একটি কাজ করুন। অনুগ্রহ করে আমাকে বুঝুন। এখানে কিছু সেবকের সাথে দেখা করুন এবং তাদের সাথে এই বিষয়ে কথা বলুন, গির্জা শেষ হওয়ার পরে। আপনারা কি সেটা করবেন ? এটা ব্যর্থ হতে দেবেন না। আপনি যদি কখনও খ্রিস্টান বাপ্তিস্মে বাপ্তিস্ম না নিয়ে থাকেন, তাহলে পরবর্তীতে এটি করুন, এবং তারপর আপনার হাত উপরে তুলুন যতক্ষণ না আপনি পবিত্র আত্মা গ্রহণ করেন।

200 এখন, এবং অনেকের কাছে এখানে প্রার্থনা কার্ড আছে। আমরা

তাদের দাঁড়াতে বলব, এবং এখানে আসতে বলব, আর আমি অনুমান করি হেঁটে যাবেন। অথবা আমাকে আসতে হবে...[একজন ভাই বলেন, "না।"—সম্পাদকীয়।] আমি আসতে পারব না। ["এদিক থেকে এদিকে আসুন।"] *এই* দিক থেকে এখানে, এই পথে বেরিয়ে আসতে পারেন, এই পাশ থেকে, লোকেরা যাদের কাছে প্রার্থনা কার্ড আছে।

201 আর এখন যদি আপনাদের মধ্যে কেউ থাকে যাকে যেতেই হবে, এটা...আমার দেরি হয়ে গেছে। আমি দুঃখিত। আমি আগামীকাল রাতে একটু ভালো করার চেষ্টা করব। দেওয়াল ঘড়িতে, এটা... এখন দশটা বেজে দশ মিনিট। আজ রাতে আপনার উপস্থিতির জন্য আপনাকে অনেক ধন্যবাদ, এবং স্বর্গের ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আপনি যদি থাকতে চান এবং প্রার্থনার লাইন দেখতে চান, আপনাকে সর্বদা স্বাগত। কিন্তু আমরা এখন অসুস্থদের জন্য প্রার্থনা শুরু করতে যাচ্ছি, এবং আপনি থাকতে না চাইলে আমি আপনাকে ধরে রাখতে চাই না। আপনি প্রভু যীশুর নামে যেতে পারেন। ঈশ্বরের শান্তি আপনার সঙ্গে গমণ করুন এবং আপনাকে আশীর্বাদ করুন, এবং আপনাকে আপনার দেহে বিশ্রাম দিন, সারা রাত, এবং আপনাকে সুস্বাস্থ্য প্রদান করুন যাতে আপনি আগামীকাল রাতে আবার ফিরে আসতে পারেন। ঈশ্বর এখন আপনাদের সঙ্গে থাকুন।

202 আর যাদের কাছে প্রার্থনা কার্ড আছে তারা এখন প্রার্থনার জন্য দাঁড়ান, যেমন সর্বজনীনভাবে আমরা মানুষের জন্য প্রার্থনা করি। এখন আমরা আপনাদের জানতে চাই, এখন, আপনারা যারা একটি প্রার্থনা কার্ড নিয়ে দাঁড়িয়ে আছেন, আপনার জীবনে কি কোন সন্দেহ আছে? আপনার জীবনে কি এমন কোন পাপ আছে, আমাকে ক্ষমা করুন, যা আপনি স্বীকার করেননি? যদি সেখানে থাকে, আমাকে আপনাকে এটি জিজ্ঞাসা করতে দিন। আপনার হৃদয়ে অস্বীকৃত পাপ নিয়ে প্রার্থনার লাইনে আসবেন না। কারণ, আপনাকে অবশ্যই...এটি শিশুদের খাদ্য, দেখুন। আর যদি আপনি একজন খ্রিস্টান না হন, আপনার জীবন খ্রীষ্টের কাছে সমর্পণ করুন, প্রার্থনার লাইনে, তারপর আসুন। এটা বিশ্বাসীদের জন্য। আপনারা কি এটা করবেন? প্রথমে তাকে আপনার ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করুন, এবং তারপরে মঞ্চে আসুন, প্রার্থনা করার জন্য।

203 এখন আমি প্রত্যেক ব্যক্তির জন্য প্রার্থনা করতে যাচ্ছি; শুধু তাদের পাশ কাটিয়ে যাবো না, এক ধরনের রুটিনের মতো। আমরা এখন একটি গির্জায় আছি। আমি মনে করি বোন ওয়াট আমাদের সেই কারণ দিয়েছেন যেন আমরা থাকতে পারি এবং প্রার্থনা করতে

পারি। [একজন ভাই বলেন, “হ্যাঁ, সারা রাত, যতক্ষণ আপনি চান।”—সম্পাদকীয়।] আমরা যতক্ষণ চাই ততক্ষণ থাকতে পারি। আর আমি বোন ওয়াট এবং এখানকার কর্মীদের ধন্যবাদ জানাই, আমাদের এটা করতে দেওয়ার জন্য। ঈশ্বর তাকে আশীর্বাদ করুন। তার সাহসী স্বামী এই মঞ্চে দাঁড়িয়েছিলেন, অসুস্থদের জন্য প্রার্থনা করেছিলেন, যতক্ষণ না তিনি মারা যান, যতদূর আমি জানি, ক্রুশের একজন প্রকৃত সৈনিক। আর এখন আমি একই কাজ চালিয়ে যাওয়ার চেষ্টা করছি, এই লোকদের আশীর্বাদ করুন।

204 আর এখন আমি প্রার্থনা করি যেন আপনারা প্রত্যেকে এখানে চলে আসেন...আপনাকে এমন কিছু স্বীকার করতে হবে না যা আপনি চান। আপনাকে আপনার সাথে কোন সমস্যা বলার দরকার নেই। শুধু আসুন এবং আমাকে আপনার জন্য প্রার্থনা করতে দিন, এবং বিশ্বাস করুন।

205 আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আমাকে এটি করার জন্য পাঠিয়েছেন ? আপনার হাত উপরে তুলুন। প্রভুর দূত কি বলেছিলেন মনে রাখবেন ? “তুমি যদি লোকেদের তোমার উপর বিশ্বাস করাতে পার, তুমি যখন প্রার্থনা করবে তখন আন্তরিক হও, প্রার্থনার সামনে কোন কিছুই দাঁড়াবে না।” আর আপনারা জানেন এটা সত্য। এটা প্রমাণিত হয়েছে, বারবার।

এখন আমি আমাদের বোন রোজকে জিজ্ঞাসা করতে যাচ্ছি, যদি সে চায়, এটা বাজানোর জন্য, *অনলি বিলিভ*, অথবা, *দ্য গ্রেট ফিজিশিয়ান নাউ ইজ নিয়ার*, অথবা কিছু।

206 আমি চাই আপনাদের প্রত্যেককে এখন আমার সঙ্গে—সঙ্গে সহভাগিতা করতে। আপনারা, এছাড়াও, আপনারা যারা প্রার্থনার লাইনে নেই, আপনারা কি এই লোকদের জন্য প্রার্থনা করবেন ? ঠিক আছে, তাদের প্রতিশ্রুতি দিন যে, আপনার হাত উপরে তুলে, “আমি প্রার্থনা করব, দেখুন। আমরা সবাই প্রার্থনা করব।” ঠিক আছে। হ্যাঁ।

আমি চাই যদি আপনি চান, যদি আপনাকে চলে যেতে হয়, এখনই শান্ত হয়ে চলে যান, যাতে আমরা প্রার্থনা করার সময় তাদের বিরক্ত না করি।

আপনি কি বিশ্বাস করেন যে এটা এখন শেষ হয়ে যাবে, বোন ? [বোন বলেন, “আমার সমস্ত হৃদয় দিয়ে।”—সম্পাদকীয়।]

প্রিয় ঈশ্বর, আমি বোনের উপর হাত রাখি, তার শরীরের যন্ত্রণাকে চ্যালেঞ্জ করি। যীশু খ্রীষ্টের নামে, এটি যেন তাকে ছেড়ে

চলে যায়। আমেন।

আপনাকে আশীর্বাদ করুন, বোন।

আপনি কি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন? আপনার সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে? আপনি, যতদূর আপনি জানেন, আপনি আপনার নিরাময় গ্রহণ করতে প্রস্তুত?

207 প্রিয় ঈশ্বর, আমি আমার বোনের উপর হাত রাখি, আপনার পুত্র যীশু খ্রীষ্টের নামে, আর যাচ্ঞা করি যেন তার শরীরের যন্ত্রণা চলে যায়, যীশুর নামে। আমেন।

সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে, এবং আপনি আপনার আরোগ্যের জন্য প্রস্তুত? আপনি কি বিশ্বাস করেন, ভাই? [ভাই বলেন, "আমি আমার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি।"—সম্পাদকীয়।]

208 প্রিয় ঈশ্বর, আমি আমার ভাইয়ের উপর হাত রাখি, যেমন আমরা জানি যে আপনি এখানে উপস্থিত আছেন, প্রভু। আমি প্রার্থনা করি যে আপনি তাকে সুস্থ করবেন, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

সকল পাপ কি স্বীকার করেছেন? না, আপনি শুনতে পান না। আপনি কি বিশ্বাস করেন যে আপনি শুনতে পাবেন? [বোন বলেন, "আমি বিশ্বাস করি। কিন্তু আমি বধির হয়ে গেছি।"—সম্পাদকীয়।] আপনি বিশ্বাস করেন।

মহিলাটি এখন বধির। আমরা এখানে প্রার্থনা করি।

209 প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি আমাদের বোনকে সুস্থ করবেন, এবং তার কাছ থেকে এই বধিরতা দূর করবেন। সে একটি বদ্ধ জগতে বসে আছে, যেখানে সে শুনতে পায় না। আমি প্রার্থনা করি যে আপনি যীশুর নামের মাধ্যমে তাকে আরোগ্যদান করবেন।

210 আমি লোকদের বলছি আপনারা মাথা নত রাখুন, এক মিনিট। আমি দেখতে চাই তার কি হয়েছে। এখন, অনুগ্রহ করে, যীশু খ্রীষ্টের নামে, কেউ যেন তাদের মাথা বা চোখ না তোলে। এখন, যতক্ষণ না আমি আপনাকে বলি ততক্ষণ আপনার এটি করা উচিত নয়।

211 আপনি কি এখন আমাকে শুনতে পাচ্ছেন? [বোন বলেন, "কিছু বিকৃতভাবে।" ভাই ব্রানহাম একবার হাততালি দেন। "আমি আপনাকে শুনতে পাচ্ছি।"—সম্পাদকীয়।] আমার কথা শুনতে পাচ্ছেন? ["কিছু।"] শুনতে পাচ্ছেন? তিনি এখন শুনতে পাচ্ছেন। [ভাই ব্রানহাম আর একবার হাততালি দেন।] দেখুন? সেই আওয়াজ শুনতে পাচ্ছেন?

212 এখন আপনি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন। আপনি কি করবেন? আর আপনি বিশ্বাস করেন, আর ঈশ্বর আপনাকে সম্পূর্ণ সুস্থ করবেন। তিনি বললেন...আমি প্রার্থনা করলাম আর তার কানে হাত রাখলাম, আর তিনি বললেন তিনি কিছু শুনতে পাচ্ছেন। ঠিক আছে, এখন এগিয়ে যান, বিশ্বাস করে যে আপনি নিখুঁত ভাবে শুনতে পাবেন, এবং আপনি শুনতে পাবেন।

সব পাপ কি স্বীকার করা হয়েছে, বোন? [বোন বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] আপনি আপনার আরোগ্যের জন্য প্রস্তুত? ["হ্যাঁ।"]

213 প্রিয় ঈশ্বর, আমি আমার বোনের উপর হাত রাখি, এটা জেনে যে আমাদের মধ্যে কোন ভালো জিনিস নেই, নিজেদের মধ্যে। কিন্তু আমরা জানি যে আমরা খ্রিস্টান, ঈশ্বরের আত্মা থেকে জন্মগ্রহণ করেছি। আর আমরা আমাদের বোনের উপর হাত রাখি এবং যীশু খ্রীষ্টের নামে তার আরোগ্যদানের জন্য প্রার্থনা করি। আমেন।

214 এখন আপনি কি বিশ্বাস করেন যে আপনি সুস্থ হতে যাচ্ছেন? [বোন বলেন, "ভালো।"—সম্পাদকীয়।] ঠিক আছে, এখন আপনি—আপনি সুস্থ হয়ে গেছেন। এটা এভাবেই করা হয়ে থাকে। সেটা ঠিক। ঠিক।

215 সব পাপ কি স্বীকার করা হয়েছে? [বোন বলেন, "হ্যাঁ, মহাশয়।"—সম্পাদকীয়।] আর আপনি আপনার আরোগ্যের জন্য প্রস্তুত? ["হ্যাঁ।"] আপনি বিশ্বাস করেন, হস্তার্পণের মাধ্যমে, ঈশ্বর যিনি মানুষের হৃদয় জানেন, আপনাকে সুস্থ করবেন? ["আমি করি।"]

216 আমাদের স্বর্গীয় পিতা, আমি প্রার্থনা করি যে আপনি আমাদের বোনকে সুস্থ করবেন, যখন আমরা তার উপর হাত রাখি এবং যীশু খ্রীষ্টের নামে প্রার্থনা করি যে আপনি তাকে সুস্থ করবেন। আমেন।

217 আপনি কেমন আছেন? অবশ্যই, আপনি জানেন আমি জানি আপনার কি সমস্যা আছে। কিন্তু আমি এটা বলছি না; কারণ, আপনারা জানেন, এটা—এটা চলতেই থাকবে। কিন্তু যদি আপনি চান...সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে? [বোন বলেন, "হ্যাঁ, মহাশয়।"—সম্পাদকীয়।] আর আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন? ["হ্যাঁ, মহাশয়।"] আপনি কি বিশ্বাস করেন বাত...আমি এটা বলেছি।

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি তাকে সাহায্য করবেন এবং তাকে সুস্থ করবেন। এটা প্রদান করুন, যীশুর নামে।

আপনি পঙ্গু হবেন না। যান, আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন।

218 আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন? [বোন বলেন, "আমেন।"—সম্পাদকীয়।] সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে এবং আপনি আপনার নিরাময়ের জন্য প্রস্তুত? আপনি কি বিশ্বাস করেন আপনার পিঠ ঠিক হয়ে যাবে?

প্রিয় স্বর্গীয় পিতা, আমি প্রার্থনা করি যে আপনি তাকে আরোগ্য প্রদান করবেন এবং তাকে সুস্থ করবেন। যীশু খ্রীষ্টের নামে, এটা যেন তাই হয়। আমেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন। যান, এখন বিশ্বাস করুন।

সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে, বোন, আপনি আপনার নিরাময়ের জন্য প্রস্তুত?

প্রিয় ঈশ্বর, তার পাপ, সে বলে, স্বীকার করা হয়েছে। আমি এই মহিলার উপর আমার হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যের জন্য প্রার্থনা করি। আমেন।

219 সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে? আপনি অবশ্যই ঠিক, আপনি খুব অসুস্থ, আপনি এটা জানেন। আপনি জানেন যে আমি জানি আপনার কি সমস্যা রয়েছে। আর আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন, আপনার হৃদয়কে সুস্থ করবেন এবং আপনাকে সম্পূর্ণ সুস্থ করবেন?

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে যীশু খ্রীষ্টের নামে, আপনি তাকে আরোগ্য প্রদান করবেন এবং তাকে সুস্থ করবেন। এটি যেন তাকে ছেড়ে যায়, পিতা, যীশুর নামে। আমেন।

ঈশ্বর এখন আপনাকে আশীর্বাদ করুন। সন্দেহ করবেন না। যান, বিশ্বাস করুন।

সকল পাপ কি স্বীকার করেছেন? আপনি কি নিরাময়ের জন্য প্রস্তুত?

প্রিয় স্বর্গীয় পিতা, আমি আমাদের বোনের উপর হাত রাখি। যীশু খ্রীষ্টের নামে, তিনি যেন সুস্থ হন। আমেন।

সন্দেহ করবেন না। যান, বিশ্বাস করুন।

সমস্ত পাপ কি স্বীকার করেছেন, আপনি কি নিরাময়ের জন্য প্রস্তুত?

220 প্রিয় স্বর্গীয় পিতা, আমি প্রার্থনা করি যে আপনি আমাদের ভাইকে সুস্থ করবেন, তাকে সুস্থ করবেন। এটা প্রদান করুন, পিতা। আমি তার উপর আমার হাত রাখি, এই উদ্দেশ্যে, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন। আমি এটা আমার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করি।

আপনি কি এখন বিশ্বাস করছেন, বোন? সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে এবং আপনি কি নিরাময়ের জন্য প্রস্তুত?

প্রিয় ঈশ্বর, আমি যীশু খ্রীষ্টের নামে বোনের উপর আমার হাত রাখি, তিনি যেন আপনার মহিমার জন্য সুস্থ হন। আমেন।

221 এখন ঠিক এরকম অনেকবার, শুধু একটি স্পর্শ, যেমন যীশু বলেছেন, "যারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে। যদি তারা অসুস্থদের উপর হাত রাখে।" আমি লক্ষ্য করতে শুরু করেছি, সভাগুলিতে, এটি পঞ্চাশ শতাংশ ভালো ফল করে আপনি যখন সারিবদ্ধ লোকদের ডাকেন তখন এটি যা করে তার থেকে, বিচক্ষণতা রাখুন, কারণ আপনি মাত্র কয়েকজনকে পেতে পারেন। আর, এইভাবে, আরো অনেকে সুস্থ হন।

222 আপনি কি আপনার অবিশ্বাসের সমস্ত পাপ এবং সবকিছু স্বীকার করেছেন? আপনি কি এখন বিশ্বাস করেন যে আপনি সুস্থ হতে যাচ্ছেন? [বোন বলেন, "হ্যাঁ, আর পরিত্রাণ পেয়েছি।"—সম্পাদকীয়।]

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি আমাদের বোনকে সুস্থ করবেন যখন আমি তার হাত ধরি আর তার আরোগ্যকরণের জন্য যীশু খ্রীষ্টের নামে প্রার্থনা করি। আমেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন।

আপনি কি এখন বিশ্বাস করেন? [বোন বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] সমস্ত পাপ কি স্বীকার করা হয়েছে? ["হ্যাঁ।"]

প্রিয় ঈশ্বর, আমি আমাদের বোনের উপর আমার হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যকরণের জন্য। আমেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন।

খুব ছোট জিনিস বলে মনে হচ্ছে, কিন্তু এটা ঈশ্বর যিনি এটা প্রতিশ্রুতি দিয়েছেন।

পাপ কি স্বীকার করা হয়েছে?

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি আমাদের এই বোনকে সুস্থ করবেন। আমি যীশু খ্রীষ্টের নামে তার উপর হাত রাখছি, তিনি যেন প্রস্থান করে সুস্থ হন। আমেন।

পাপ স্বীকার করা হয়েছে?

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি আমাদের বোনকে সুস্থ করবেন, যেমন আমি তার উপর হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

এখন আপনি যান্ত্রিকতার সাথে আসেন, এটি যেন গতিশীলতাকে আঘাত করতে পারে, এটি কাজ করবে।

পাপ স্বীকার করা হয়েছে? [বোন উত্তর দেন—সম্পাদকীয়।] আপনি কি প্রস্তুত।

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি তাকে আরোগ্য প্রদান করবেন এবং তাকে সুস্থ করবেন, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন।

সব পাপ কি স্বীকার করেছেন? [বোন বলেন, "সবকিছু।"—সম্পাদকীয়।]

প্রিয় ঈশ্বর, এই মহিলাটি যেমন আমাকে চোখে দেখছেন, আমি সেটা বিশ্বাস করি। আমি প্রার্থনা করি যে আপনি তাকে সুস্থ করবেন, যীশুর নামে।

223 আপনি শুধু তাকে নিয়ে আসছেন, তাই কি, বোন? আপনি কি শুধু তাকে নিয়ে আসছেন? ঠিক আছে। আপনি বিশ্বাস করেন, বোন, যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন? [বোন বলেন, "আমি বিশ্বাস করি ঈশ্বর আমাকে আবার দৃষ্টিশক্তি দিতে পারেন।"—সম্পাদকীয়।] ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

224 স্বর্গীয় পিতা, আপনি সর্বদা অন্ধ এবং দরিদ্রদের প্রতি করুণাময়। এখন তারা দেখেছে আপনি আজ রাতে কি করেছেন। তাই আমরা বিশ্বাস করি, প্রভু, এই মহান শেষ চিহ্নটি এখন আমাদের মধ্যে চলমান। আমি যীশু খ্রীষ্টের নামে এই অন্ধ মহিলার দৃষ্টিশক্তি তার কাছে আসার জন্য প্রার্থনা করি। আমেন।

এখন, এখনই আমাদের কাছে সংবাদ নিয়ে আসুন। সংবাদ আনুন।

[এক বোন ভাই ব্রানহামের সঙ্গে কথা বলছেন—সম্পাদকীয়।] ওহ, হ্যাঁ, আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন? ["হালেলুইয়া!"]

প্রিয় স্বর্গীয় পিতা আমি আমাদের বোনের উপর হাত রেখে প্রার্থনা করি যেন আপনি তাকে সুস্থ করেন, যীশু খ্রীষ্টের নামে। আমেন।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন। আসুন আমরা শুনি আপনি—আপনি কেমন আছেন।

আপনি কি বিশ্বাস করেন, বোন? [বোন বলেন, "হ্যাঁ, আমি করি।"—সম্পাদকীয়।]

হে প্রিয় স্বর্গীয় পিতা, আমি আমাদের বোনের জন্য প্রার্থনা করি, বিশ্বাস করি যে আপনি এখন তাকে সুস্থ করবেন। আমি যীশু খ্রীষ্টের নামে তার উপর আমার হাত রাখি।

এখন বিশ্বাস করুন। সেটা ঠিক। প্রস্থান করুন, বিশ্বাস করে।

আপনি কি বিশ্বাস করেন, ভাই? [ভাই বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] সমস্ত পাপ কি স্বীকার করেছেন?

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি যীশু খ্রীষ্টের নামে আমাদের ভাইকে আরোগ্য প্রদান করবেন এবং তাকে সুস্থ করবেন। আমেন।

আপনি বিশ্বাস করেন, বোন?

225 হে ঈশ্বর, আমি প্রার্থনা করি যে, যীশু খ্রীষ্টের নামে, নম্রভাবে, এই সময়ের মাধুর্য এবং নম্রতায়, পবিত্র আত্মা এই মহিলাকে সুস্থ করুন। [বোন বলেন, "আর আমি প্রার্থনা করি, আমার ছেলের জন্য প্রার্থনা করুন। আমি তাকে কুড়ি বছর ধরে দেখিনি।"—সম্পাদকীয়।] আমি প্রার্থনা করি যে ঈশ্বর আপনার পুত্রকে আপনার কাছে প্রেরণ করবেন, বোন, প্রিয়। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

প্রিয় পিতা, আমি এখানে আমাদের বোনের জন্য প্রার্থনা করি। পবিত্র আত্মার মাধুর্যে, তিনি যেন এখন আসেন এবং আমাদের বোনকে যীশুর নামে সুস্থ করেন। আমেন।

আপনাকে আশীর্বাদ করুন, বোন।

প্রিয় ঈশ্বর, আমি আমার ভাইয়ের জন্য প্রার্থনা করি, যখন তিনি এখানে দাঁড়িয়ে আছেন এবং আমি তার উপর হাত রাখি, এবং যীশুর নামে তার আরোগ্যের জন্য প্রার্থনা করি।

আপনাকে আশীর্বাদ করুন, আমার ভাই। ঠিক আছে।

ছোট ছেলে?

প্রিয় ঈশ্বর, এই ছোট্ট ব্যক্তির উপর হাত রেখে, আমি তাকে যীশু খ্রীষ্টের নামে আশীর্বাদ করি, তার আরোগ্যকরণের জন্য।

আপনি কি এখন বিশ্বাস করেন, বোন? [বোন বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] আপনিও কি প্রার্থনা করতে চান?

226 প্রিয় ঈশ্বর, আমি তার জন্য প্রার্থনা করি, যখন আমি তার উপর হাত রাখি। এখন, এটি আপনার কর্মভার, আপনি যা বলেছেন সেটাই করুন, "যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে। যদি তাহারা পীড়িতদের উপরে হাত রাখে, তবে তাহারা সুস্থ হইবে।" আপনি এটা বলেছেন, প্রভু। আমেন।

এখন, তিনি সেটা বলেছেন, তাই না? এইভাবে হতে হবে, বোন।

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি আমাদের বোনকে সুস্থ করবেন এবং তাকে যীশু খ্রীষ্টের নামে সুস্থ করবেন। আমেন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, বোন।

আপনি বিশ্বাস করে এসেছেন, বোন?

227 প্রিয় স্বর্গীয় পিতা, আমি আমাদের বোনের উপর আপনার আশীর্বাদ প্রার্থনা করি, আপনি যা বলেছেন তা পালন করে। আপনি বলেছেন, "যাহারা বিশ্বাস করিবে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে। যদি তারা অসুস্থদের উপর হাত রাখে," আপনি বলেছেন, "তারা সুস্থ হয়ে উঠবে।"

228 আমি কি এখানে এক মুহূর্ত থামতে পারি, এটি বলার জন্য, লোকদের এক মুহূর্ত বিশ্রাম দিতে, শুধু একটি মুহুর্তের জন্য। একজন সমালোচক একবার বলেছিলেন, আমার কাছে, এটা এমন নয়। কিন্তু, আপনারা দেখুন, তিনি বলেছেন, "এই চিহ্নগুলি অনুবর্ত্তী হইবে।"

229 আপনারা *পরীক্ষা* এর উপর আমার বার্তা শুনেছেন, যীশুকে পরীক্ষার সম্মুখীন করা। দেখুন, তিনি নোহকে বলেছিলেন, "বৃষ্টি হতে চলেছে।" একশো কুড়ি বছর ধরে কখনও বৃষ্টি হয়নি, কিন্তু যেভাবেই হোক বৃষ্টি হয়েছিল। তিনি অব্রাহামকে বলেছিলেন সারার দ্বারা তার একটি পুত্র হবে। এটা ছিল পঁচিশ বছর পর। তিনি বলেননি কখন হবে। তিনি বলেছিলেন যে তাদের পুত্র হবে। পঁচিশ বছর পরে, এটি ঘটেছিল। দেখুন, তিনি বলেননি কখন।

230 তিনি বলেছিলেন, "বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে। ঈশ্বর তাদের উঠাবেন। যদি তাহারা পীড়িতদের উপরে হাত দেয়, তবে তাহারা সুস্থ হইবে।" তিনি কি এটাই বলেছেন? তিনি বলেননি যে তারা লাফিয়ে উঠবে এবং ঠিক তখনই এটা হবে। তিনি

বলেছিলেন, "তারা সুস্থ হয়ে উঠবে।" দেখুন, এটা তাঁর প্রতিশ্রুতি। সেটাই আমরা বিশ্বাস করি।

আসুন, বোন। আপনি কি এটা সত্য বলে বিশ্বাস করেন? [বোন বলেন, "হ্যাঁ, আমি করি।"—সম্পাদকীয়।] তাহলে আপনাকে সুস্থ হওয়া থেকে বিরত রাখার কোন উপায় নেই।

আমি বোনের উপর আমার হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যকরণের জন্য। আমেন।

আপনি কি বিশ্বাস করেন, বোন? [বোন বলেন, "হ্যাঁ।"—সম্পাদকীয়।] সমস্ত পাপ কি স্বীকার করেছেন, আর প্রস্তুত হয়েছেন?

প্রিয় ঈশ্বর, আমি বোনের উপর আমার হাত রাখি, আপনার আজ্ঞার বাধ্য হয়ে, এবং যীশুর নামে তার আরোগ্যের জন্য প্রার্থনা করি। আমেন।

231 আমি চাই আপনি যার জন্য প্রার্থনা করছেন, আমি চাই আপনি আমার জন্য একটি উপকার করুন। আমি চাই আপনি প্রতিবেদন দিন, এই সভাগুলি শেষ হওয়ার আগে, কি হয়েছে; আর শুধু শ্রোতাদের, অন্যান্য লোকদের, দেখতে দিন আসলে কি ঘটছে। হয়তো আগামীকাল, পরের দিন, অথবা কখন, আপনি শুধু দেখুন কি ঘটছে।

232 আমার মেইল সেটি দেখিয়েছে যে এটা—এটা অনেক আলাদা তাদের চেষ্টা করতে দেওয়ার থেকে, তাদের নিজস্ব বিশ্বাস পরীক্ষা করতে দেওয়ার থেকে। কারণ, যীশু বলেছেন, "তারা তাদের উপর হাত রাখেন। তারা তাদের উপর হাত রাখেন, তারা সুস্থ হয়ে উঠবে।" এখন তিনি যা বলেছেন তা গ্রহণ করুন। তিনি বলেননি যে তারা লাফিয়ে উঠবে এবং মেঝেতে এদিকে-ওদিকে দৌড়াবে। তারা এটা করতে পারে। কিন্তু তিনি বলেছেন, "তারা সুস্থ হয়ে উঠবে।" তিনি কি এটাই বলেছেন? এটাই তিনি বলেছেন। সেটাই আমি বিশ্বাস করি। আর তিনি এখন এখানে আছেন, যিনি বাক্য বলেছেন তিনি এটি করতে এখানে আছেন।

আপনি বিশ্বাস করেন, মহাশয়? [ভাই বলেন, "আমেন।"—সম্পাদকীয়।]

প্রিয় স্বর্গীয় পিতা, তাঁর বিশ্বাস এবং বিশ্বাসের স্বীকারোক্তির উপর, আমি তার উপর আমার হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যকরণের জন্য।

প্রিয় ঈশ্বর, আমি এই মহিলার উপর আমার হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যকরণের জন্য। ঠিক আছে।

প্রিয় পিতা, আমি এই মহিলার উপর আমার হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যকরণের জন্য। আপনি বলেছেন, "সে সুস্থ হয়ে উঠবে।"

আরোগ্যকরণের জন্য প্রস্তুত, বোন?

প্রিয় ঈশ্বর, আমি যীশু খ্রীষ্টের নামে তার উপর আমার হাত রাখি, যেন আপনি তাকে সুস্থ করেন।

ঠিক আছে, বোন, প্রিয়, আরোগ্যকরণের জন্য সবকিছু প্রস্তুত? আপনার বিশ্বাস এখন পূরণ হয়েছে, আপনি বিশ্বাস করেন যে আপনি সুস্থ হতে যাচ্ছেন?

233 আর, ঈশ্বর, আমি তার উপর আমার হাত রাখি, আপনার আদেশ পালন করার জন্য, "সমস্ত জগতে, প্রতিটি প্রাণীর কাছে।" আমি তার উপর হাত রাখি, যীশুর নামে, তার আরোগ্যকরণের জন্য।

প্রিয় ঈশ্বর, আমি আমার ভাইয়ের উপর হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যকরণের জন্য।

প্রিয় ঈশ্বর, আমি আমার বোনের উপর হাত রাখি, যীশু খ্রীষ্টের নামে, তার আরোগ্যকরণের জন্য।

[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]...আইলের মধ্য দিয়ে। আমি শুধু আপনাদের ক্লান্ত করতে চাইনি। আপনি যদি এখন বিশ্বাস করেন তবে আপনি ঠিক হয়ে যাবেন।

প্রিয় ঈশ্বর, আমি প্রার্থনা করি যে আপনি যীশু খ্রীষ্টের নামে আমার বোনকে সুস্থ করবেন। আমেন।

[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]...আমাকে এই লোকদের জন্য প্রার্থনা করতে সাহায্য করার জন্য।

234 এখন আমাদের এখানে কিছু রুমাল আছে, আরও অনেক কিছু, এখানে, প্রার্থনা করার জন্য। আর আমি চাই আপনারা এখন, এখন, এই ছোট পার্সেলগুলি, এখন আমার সঙ্গে প্রার্থনা করুন। আমি জানি লোকেদের এইরকম একটি ছোট বিষয় নিয়ে প্রার্থনা করা খুব অদ্ভুত শোনায়। কিন্তু আপনি যদি একবার আমার অফিসে আসতে পারেন, আর শুধু দেখতে পারেন। যদি আমরা এত বছর ধরে সাক্ষ্যগুলি রাখতাম, আমি মনে করি আপনি এই মঞ্চে জমা করতে পারতেন না, যা কেবল এই প্রার্থনার কাপড়গুলি এইভাবে পাঠানোর মাধ্যমে আরোগ্যলাভ হয়েছে, তাদের লক্ষ লক্ষ, চারপাশে এবং বিশ্বজুড়ে। এখন, আপনারা জানেন এটা কি—এটা কি?

কেউ তার জন্য সেই রুমালটি সেখানে নিয়ে আসে—সেই তরুণের জন্য...আপনি আপনার রুমাল চিনবেন, আপনি কি, ভাই? ঠিক আছে।

235 আর আমি ছোট, পঙ্গু শিশুদের সুস্থ হতে দেখেছি। আর আপনারা দেখুন, এটা কি, এটি যোগাযোগের একটি স্থান, যেমন ওরাল রবার্টস বলতেন। এটা যোগাযোগের একটি স্থান মাত্র। আমরা প্রার্থনা করি। এখন, আমরা নিজেরা এটা করি না, আমরা এটা করি কারণ বাইবেল আমাদের এটা করার জন্য আদেশ দেয়। আমরা সবাই জানি এটা সত্য।

236 এখন, অনেক লোক আছে যারা রুমালে অভিষেক করে, ইত্যাদি। ঠিক আছে, এখন, আমরা মনে করি সেটা ঠিক আছে, নিশ্চিত, কিন্তু যদি আমরা...বাইবেল বলে না যে তারা রুমালকে "অভিষিক্ত" করেছিল।

237 "কিন্তু তারা পৌলের দেহ থেকে রুমাল নিত।" এখন দেখুন আমি কি বলছিলাম? এখন, তারা যা দেখেছিল, সেই জীবনদায়ক শক্তি যা পৌলের মধ্যে ছিল, তারা জানত যে তিনি ঈশ্বরের দাস ছিলেন। তারা জানত যে ঈশ্বর তাঁর মধ্যে আছেন। তারা জানত যে তিনি যা কিছু স্পর্শ করেছেন তা আশীর্বাদযুক্ত। সেটা কতজন বোঝেন? বলুন, "আমেন।" [মণ্ডলী বলে, "আমেন।"—সম্পাদকীয়।]

238 আপনারা জানেন, আমি মনে করি পৌল যা করেছিলেন তাতে যথেষ্ট শাস্ত্রীয় ছিলেন। আপনারা কি তাই মনে করেন না? আপনি আমাকে বলতে চান যে আমি মনে করি তিনি এটি করার ধারণাটি কোথায় পেয়েছেন? [কেউ বলেন, "ইলীশায়ের কাছ থেকে।"—সম্পাদকীয়।] ইলীশায়ের কাছ থেকে, সেটা ঠিক। দেখুন, এলিয় বলেছিলেন, "এই লাঠিটি নিয়ে শিশুটির উপর রেখে দেও।" আর ভাববাদী সেই লাঠিটি পাঠিয়েছিলেন কারণ তিনি জানতেন যে তিনি যা কিছু স্পর্শ করেছেন তা আশীর্বাদযুক্ত। তিনি তার অবস্থান জানতেন। তিনি...যদি তিনি মহিলাটিকে একই জিনিস বিশ্বাস করাতে পারেন।

এখন দেখুন, এখন, বাইবেল এমনকী কখনও বলেনি, "তারা অসুস্থদের জন্য প্রার্থনা করবে।" এটা বলে, "তাহারা পীড়িতদের উপর হস্তার্পণ করবে।"

239 এখন শুধু ভাবুন, লোকেরা দেখেছে, প্রেরিত পিতরের মধ্যে, এই ব্যক্তির মধ্যে ঈশ্বরের উপস্থিতি প্রকাশিত হয়েছে, এতটা যে

তারা—এমনকি তারা লোকদেরকে তাঁর ছায়ায় রেখেছিল, আর তারা সুস্থ হয়েছিল। কতজন জানেন যে এটি শাস্ত্রীয়? এটি যোহন ৩:১৬ পদের মতোই শাস্ত্রীয়। দেখুন, এটা সব ঈশ্বরের বাক্য। এখন, লোকেরা, আপনারা জানেন সেই ব্যক্তির ছায়া মানুষকে সুস্থ করেনি।

240 কিন্তু, দেখুন, যদি ঈশ্বরের শক্তি সেই ভাববাদীর উপর থাকে, তার মৃত্যুর পর বছরের পর বছর ধরে, এতটা যে একজন মৃত ব্যক্তিকে তার শরীরের উপর, তার হাড়ের উপর ফেলে দেওয়া হয়েছিল। দেহটি এমনকি সেখানে ছিল না; হাড় সেখানে ছিল। আর সেই হাড়ের উপর ঈশ্বরের উপস্থিতি ছিল, যতক্ষণ না সেই মৃত ব্যক্তি জীবিত হয়।

241 এখন আপনি কি জানেন না যে সেই একই ঈশ্বর যিনি এই সমস্ত কিছু করেছেন? আমার কাছে—আমার কাছে, আমি মনে করি আমাদের পৃথিবীর সবচেয়ে সুখী মানুষ হওয়া উচিত। শুধু এটা নিয়ে ভাবুন।

242 আমি—আমি আশা করি যে আমি আমার শ্রোতাদের বিশ্বাস করতে প্রভাবিত করতে পারিনি যে এটি এমন কিছু যা আমি নিজে করি। আপনি—আপনি এর চেয়ে ভালো জানেন। আমি, আমি আপনার ভাই, দেখুন, আর আমি শুধু আপনার ভাই।

243 কিন্তু আমি জানি, আমি এটা জানি, ঈশ্বর এখানে আছেন। আর আমি জানি যে তিনি আমাদের কিছু দিয়েছেন, যা আমরা এটি ব্যাখ্যা করতে পারি না, শুধুমাত্র ঈশ্বরের বাক্য দ্বারা, দাবি করে যে এটি এই সময়ে এখানে হওয়া উচিত। সুতরাং, এটি আমাদেরকেও পরিচয় দেয় যে আমরা শেষ সময়ে বাস করছি। এটা আমাদেরকে জানার পরিচয় দেয় যে এই লোকরা, এই মনোনীত, নির্বাচিত, আহূত, পূর্বনির্ধারিত...

244 এখন, এটি একটি বড় শব্দ, *পূর্বনির্ধারিত*, কিন্তু আমরা সবাই জানি যে এটি সত্য। আমরা সম্পূর্ণরূপে জানি যে অসীম ঈশ্বর জগৎপত্তনের পূর্বে পূর্বজ্ঞান দ্বারা সমস্ত বিষয় পূর্বনির্ধারিত করিয়াছিলেন, এমনকি মেষশাবককেও হত্যা করা হয়েছিল; এবং প্রতিটি নাম যা বইতে ছিল, পুস্তক লেখার পূর্বে পুস্তকে রাখা হয়েছিল। এখন কতজন জানেন যে এটি সত্য?

245 আর যীশু এসেছিলেন—যারা পুস্তকে আছে তাদের মুক্ত করতে। বাইবেলে, মেষশাবক পর্দার আড়াল থেকে এসেছিলেন, এবং পুস্তকটি নিয়েছিলেন এবং সেই মুদ্রাগুলি খুললেন যার সাথে এটি মুদ্রাঙ্কিত ছিল, কারণ তিনি সমস্ত কিছু দাবি করতে এসেছিলেন

যা তিনি মুক্ত করেছিলেন। তিনি এখন মধ্যস্থতাকারী, একজন মধ্যস্থতাকারী যিনি তাদের জন্য মধ্যস্থতা করছেন যাদের তিনি মুক্ত করেছেন। মেষশাবকের জীবন-পুস্তকে যাদের নাম লেখা আছে, তাদের সকলেরই মুক্ত করা হয়েছে।

246 যেমন আমি অন্য রাতে একটি অশোধিত ছোট বিবৃতি দিয়েছিলাম...আমি এখানে অপেক্ষা করছি...এই সমস্ত রুমালের জন্য। আমি শুধু নতুন করে প্রচার করার চেষ্টা করছি না, কিন্তু আমি বলেছিলাম সেখানে একটি ছোট বিবৃতি ছিল...আমি আশা করি এটি অবমাননাকর শোনাবে না, দেখুন। কিন্তু সেই কৃষকের মতো যিনি মুরগি পালন করেছিলেন, আর তার কাছে পর্যাপ্ত ডিম ছিল না, তাই তিনি একটি ঈগলের ডিম নিয়ে আসেন, আর তিনি সেটি মুরগির নীচে রেখে দেন আর সে একটি ঈগল পাখি ফোটায়। আর সে সমস্ত মুরগির মধ্যে একজন খুব অদ্ভুত পাখি ছিল, কারণ তারা বিষয়গুলিকে একইভাবে দেখতে পেত না। কিন্তু সে যা কখনো দেখেছে, তা শুধু মুরগি। সে শুধুমাত্র একটি রব শুনেছিল, এটা তার কণ্ঠস্বরের মতো শোনাচ্ছিল না। সে মুরগি বা মুরগি ছানার মতো আওয়াজও করতে পারতো না। সে তাদের খাদ্যের প্রশংসা করেনি, কারণ তারা খামার থেকে খাদ্য গ্রহণ করত। তার মধ্যে ভিন্ন কিছু ছিল, তবুও সে জানত না পার্থক্য কি।

247 আর তারপর একদিন, সেখানে মা ঈগলটি সে জানত যে সে এতগুলি ডিম পেড়েছে। আর সেই ডিমগুলির মধ্যে একটি ছিল, যা তার পুত্র হওয়ার কথা ছিল, হারিয়ে গিয়েছিল। তাই সে তাকে খুঁজতে বেরিয়ে যায়, আর সে তাকে শস্যক্ষেত্রে খুঁজে পায়। আর সে চিৎকার করে উঠল। আর যখন সে চিৎকার করে, তখন ছোট্ট ঈগলটি মায়ের রব জানতে পারে। যেমন যীশু বলেছেন, "আমার মেষেরা আমার রব জানে।"

248 আমি মনে করি, গত রাতে, যখন আমি ব্যাপটিস্টদের সেই প্যানেল, প্রেসবিটেরিয়ান, এবং আরও অনেক কিছু দেখেছি, তাদের একটি মুরগির নীচে থেকে বের করে আনা হতে পারে। ক্ষমা করবেন, ভাই, দেখুন। কিন্তু মা জানতেন তার প্রিয়তম কোথাও আছে। তাই সেই লোকেরা সেখানে দাঁড়িয়ে ছিল, তারা মা মুরগির কাছ থেকে যে খাবার পেয়েছিল তা নিয়ে বিতর্ক না করে, ইত্যাদি, কিন্তু এখন তারা ঈগল, আপনারা দেখুন, তারা তাদের খাবারের জন্য উড়ে যায়। দেখুন?

249 আর আমি মনে করি গির্জাটি এমন একটি দৃশ্যের মতো যা আমি খুব বেশি দিন আগে দেখিনি, টুকসন থেকে নেমে এসে,

অথবা সেখান থেকে—ফিনিক্স থেকে, টুকসন যাচ্ছি। আমি একটি রহস্যময় দৃশ্য দেখলাম। আর এটা আমার হৃদয় ভেঙে দেয়, কি ঘটেছে তা দেখে, কিভাবে...একটি বাজপাখি, যে আকাশে উড়ে যেত, ঈগলের একজন ভাই, যা মণ্ডলীর এক প্রকার।

আর যিহোবা হলেন ঈগল। তিনি তাঁর ভাববাদীদের "ঈগল" বলেছেন। তিনি নিজেকে বলেছিলেন, যিহোবা, "ঈগল।"

250 কিন্তু এই বাজপাখি দীর্ঘদিন ধরে তার পরিচয় হারিয়েছে, কারণ এটি আর বাতাসে চলাচল করে না এবং তার মাংস শিকার করে না যেমন এটি অনুমিত হয়। কিন্তু এটি টেলিফোনের তারের উপর বসে এবং মেথরের মতো আচরণ করে। সে—সে মরা খরগোশ শিকার করে যাকে গাড়ি মেরেছে, আর সে এবং শকুনরা সেখানে গিয়ে একসঙ্গে খেয়ে ফেলে। সে শকুনের মতো লাফায়, তার যেমন হাঁটা উচিত সেইরকম হাঁটার পরিবর্তে। সে তার পরিচয় হারিয়েছে।

251 আর আমি সমস্ত ঈশ্বরীয় ভালবাসা এবং শ্রদ্ধার সাথে এটি বলছি, মণ্ডলী দীর্ঘদিন ধরে একজন ভগিনী ঈগল হিসাবে তার পরিচয় হারিয়েছে। সে বসে আছে। বাক্য খনন করার পরিবর্তে এবং এই বিষয়গুলি সঠিক কিনা তা খুঁজে বের করার পরিবর্তে, সে একগুচ্ছ সানডে স্কুল সাহিত্যের জন্য অপেক্ষা করছে যা কোথাও একদল বুদ্ধিজীবী দ্বারা তৈরি করা হয়েছে, কিছু মৃত খরগোশ যা অন্য কোথাও মেরে ফেলা হয়েছে। শকুন এর মত লাফিয়ে! ঈশ্বর আমাদের এটা থেকে দূরে উড়ে যেতে সাহায্য করুন।

এই প্রতিশ্রুতি সত্য। কেউ এই বিষয়ে কি বলেছে তা নয়, কিন্তু ঈশ্বর তাদের বিষয়ে কি বলেছেন! সেগুলি সত্য। আমি ঈগলদের সাথে যুক্ত হতে পেরে খুব আনন্দিত।

আসুন আমরা একসাথে আমাদের অসুস্থদের জন্য প্রার্থনা করি।

252 প্রিয় স্বর্গীয় পিতা, এটা বাইবেলে শেখানো হয়েছে যে তারা পৌলের দেহ থেকে রুমাল এবং গামছা নিয়েছিল, আর মন্দ আত্মারা মানুষের মধ্য থেকে বেরিয়ে গিয়েছিল, আর অশুচি আত্মারা তাদের ছেড়ে চলে গিয়েছিল। এখন, পিতা, আমি এখানে এই রুমাল নিয়ে দাঁড়িয়ে আছি, উপস্থিত প্রত্যেক ব্যক্তির প্রতিনিধিত্ব করছি। এটা খ্রীষ্টের দেহ, আমরা একসাথে। আমরা অনুগ্রহ এবং ভালবাসার দ্বারা দাবি করছি, আমরা এখানে তাঁর বধূকে প্রতিনিধিত্ব করতে এসেছি, আর বিশ্বাস করে, তাঁর রাজ্যে তাঁর সাথে অংশীদার হয়ে। আর আমরা জানি আমরা সন্ত পৌল নই, কিন্তু আমরা জানি আপনি এখনও যীশু।

253 আর আমরা প্রার্থনা করি যে আপনি এই লোকদের বিশ্বাসকে সম্মান করবেন। যদি তারা পৌলের সময়ে বেঁচে থাকতেন, তবে তারা এই একই সুসমাচার শুনতেন, এই একই বিষয়গুলি দেখতেন। অতএব, তারা একই ধরণের লোক। আপনি একই ঈশ্বর। তাই আমি প্রার্থনা করি, প্রিয় ঈশ্বর, আপনি তাদের বিশ্বাসকে সম্মান করবেন, যেমন আপনি বাইবেলের দিনগুলিতে করেছিলেন। এবং প্রতিটি মন্দ শক্তি, প্রতিটি অসুস্থতা, প্রতিটি দুঃখকষ্ট, এই রুমাল এবং পার্সেলগুলি এখানে প্রতিনিধিত্ব করে এমন লোকদের যা আবদ্ধ করে, অসুস্থতার সেই অশুভ শক্তি যেন তাদের ছেড়ে যায়।

254 এটা বলা হয়েছিল, এক সময়, যে ইস্রায়েল কর্তব্যের পথে হাঁটছিল, একটি প্রতিশ্রুত দেশে। আর ঠিক কর্তব্যের লাইনে, শত্রু এসে এক কোণে তাদের ঠেলে দেয়, আর লোহিত সাগর তাদের কর্তব্যের পথ থেকে বিচ্ছিন্ন করে, এবং তাদের পদযাত্রায়। আর ঈশ্বর স্বর্গ থেকে আগুনের স্তম্ভের মধ্য দিয়ে নিচে তাকালেন, আর সমুদ্র ভয় পেয়ে গেল। এটি তার ঢেউগুলিকে ফিরিয়ে নিয়েছিল, কারণ ঈশ্বরের ঢেউ সমুদ্রের তলদেশে ছিল। আর এটি তার সন্তানদের জন্য পথ তৈরি করেছিল, বাধ্যতার পথে হাঁটছিল।

255 এখন, ঈশ্বর, যদি লোহিত সাগর ভয় পায়, আর তার ঢেউ পিছিয়ে নেয়, তার জল পিছিয়ে নেয়, এবং বাধ্যতামূলকভাবে অগ্রসর হওয়া একটি ভ্রমণকারী শিশুদের স্থান দেয়; প্রিয় ঈশ্বর, আজ রাতে, আপনার পুত্র, যীশুর রক্তের মধ্য দিয়ে দেখুন, যিনি প্রতিশ্রুতি দিয়েছেন। আর যখন এই রুমালগুলি মানুষের অসুস্থ দেহের উপর রাখা হয়, ঈশ্বরের চোখ যেন দেখে, আর সেই অসুস্থতা, সেই শয়তান, ভয় পায় এবং দূরে সরে যায়। এবং লোকেরা সুস্বাস্থ্য এবং শক্তি সহ প্রতিশ্রুত দেশের দিকে যাত্রা বজায় রাখে। ইস্রায়েল যখন প্রান্তরের মধ্য দিয়ে অগ্রসর হচ্ছিল, তখন তাদের মধ্যে একজনও দুর্বল ব্যক্তি ছিল না, অন্য প্রান্তে। এটা এই লোকদের দেওয়া হোক, পিতা, কারণ আমরা যীশু খ্রীষ্টের নামে এই রুমালগুলি প্রেরণ করি। আমেন।

256 ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন, প্রত্যেককে। আপনারা এখন আপনাদের রুমালগুলো গ্রহণ করেন, আপনি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করুন। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর এটা শুনেছেন? দেখুন? আমি—আমি এটা বলতে চাই। করবেন না, সন্দেহ করবেন না, একটু। দেখুন, এটা সত্যিই অদ্ভুত মনে হতে পারে। ক্ষমা করবেন, এক মিনিট। সন্দেহ করবেন না, একটুও। কিন্তু এখন বিশ্বাস করুন যে, আমরা যা চেয়েছি, ঈশ্বর প্রদান করেন।

257 আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর এখানে আছেন, আপনার হৃদয়ের গোপন কথা জানেন ? আপনারা জানেন এবং বিশ্বাস করেন সেটি ঈশ্বর ? এখন শুধু মন স্থির করুন, এটা আর কিছু হতে পারে না। দেখুন ?

258 এখন, যদি সেখানে একটি আগামীকাল থাকে, অনেক বছর আগে এটি ইতিহাস হবে। আর যখন লোকেরা, আগামী বছরগুলিতে, যদি এটি এমন হয়, তারা এসে বলবে, “ঠিক আছে, যদি আমি তখন বেঁচে থাকতাম, আমি এটা করতে দেখেছি, বালক, আমার এটাই জানা উচিত ছিল। আমি তখন এটি বিশ্বাস করতাম !” দেখুন, একই জিনিস যা আপনি বিশ্বাস করেন, যদি আপনি সেখানে ফিরে আসতেন যখন তিনি এটি করেছিলেন ! মনে রাখবেন, তিনি এখনও তিনি। এটা আপনার মধ্যে তার জীবন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

65-0426 তাঁর বাক্য প্রমাণ করা
এম্বাসি হোটেল
লস এঞ্জেলেস, ক্যালিফোর্নিয়া ইউ.এস.এ.

BENGALI

©2026 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org